ত্র বাদ এই সুবোগ আপনারা দিছেন কংগ্রেস মণ্ডল বা কংগ্রেসে বাদ থাকতে পারে সেক্টোরী अवका अको किन् राज भारत-जारान कमानिक भागिराज्ये वा जाता शाकराज भारत ना रकत ? ্রানিন্টদের বেলার বলা হচ্ছে সিমপেথাইজার হওয়া নাকি অন্যার। কোখার আইনে লেখা াছে এটা অনাার? কিল্ডু চার্জাপীট দেওয়া হয়েছে। এদিকে দেখছি আর একজন কংগ্রেসের ाक देशनवाद कि एक पाल वान वानकार वात करताहर, छिनि करशास्त्रत साक धवर खनकार ন্ত্ৰপারী—আর একটা বলছি এটি একটি ইম্তাহার—কৃষ্ণ কুমার চ্যাটার্লিকে ভোট দিন, সংক্ষিত ীবনী দিয়ে বের করেছেন, এটা কে পাবলিশ করেছেন, তি.ন এখন ইউনিয়ন-এর কাজে লিয়েনএ াছেন কিন্তু তিনি রেলওরে এমপ্লয়ী, এই কাজ যখন ফুরিয়ে বাবে তখন তিনি কিরে বাবেন ्रास्टावर कारक। a मार्गि ठिक आहा। विकायक मार्शार्क ati भावनिम करवाहन। किन्छ क्वित खन अपने ना बाब कारण अपे। आमेरा हाई ना, आर जापने प्लाव कि अरा कार्क कराई ্রকটা রাজনীতিতে বিশ্বাস করছে, চাকুরি কেন তাদের বাবে? কিন্তু আমি বেটা বলতে চাই ্যতন্ত্রের প্রতি বিন্দুমার প্রন্থা বদি থাকে তাহলে অন্য পক্ষকে সে সুযোগ দিতে হবে। কচিডা-াডার এরকম একজন রক্ষিত নয়, একজন রেলওয়ে স্টাফ নয়, এরকম হাজার হাজার লোক বদি ভাট না দিত তাহলে আমরা কি ব্লিততে পারতাম। তারা ভোট দিরেছে বলেই আমরা জরী ারেছি। সূত্রাং তাই যদি হয় তাহলে তো কচিড়াপাড়া, চিত্তরজন, ধলাপরে সমস্ত জারগার ফ্রিভেছি, সমস্ত লোককে সেখানকার তাড়িয়ে দেওয়া উচিত ছিল: এত লোকই তো ভোট দিয়েছিল। এই হচ্ছে গণতন্ত্রের নম্না। আর এরা গণতন্ত্র পন্ধতিতে নির্বাচন হচ্ছে বলে বছ বত কথা শনোচ্ছেন। আর একটা বলি থেজি নেবেন মাল্যাল্ডেল্ডেল্ডেন্ডের, কংগ্রেস প্রেসিডেল্ট সঞ্জীব র্ব্যেন্ড নির্বাচনের করেক মাস আগে যখন এসেছিলেন--ভেট আমার কাছে নাই তিনি যখন এসেছিলেন খঙ্গাপুরে বন্ধুতা দিতে কংগ্রেমের পক্ষে তখন সেখানে বিনি তার বন্ধুতা ট্রানশ্লেট করেছিলেন তেলেগ; ভাষায় তিনি সেখানকার একজন কমী, রেলওয়েতে কাজ করেন. এটা কিন্ত অন্যায়, কিল্ডু তার চাকুরি বায় নি, কংগ্রেস প্রেসিডেন্টের বন্ধতা স্পাটফর্ম এ মানস্পেট করে াদরেছিলেন। আর রক্ষিতকে বলা হচ্ছে ৪ই বছর আগে নিরঞ্জনবাব, যেখানে জয়ী হয়েছেন— সেখানকার কোন মিটিংএ উপস্থিত ছিলেন সেঞ্জনা তার চাকুরি যাবে আর তিব্বতে চীন বিদ্রোহ দমন করেছে সে কাগজ তিনি বিক্রী করার ব্যবস্থা করেছে বলে তার চাক্রি যাবে। গণতন্ত্র আমাদের দেখাকেন কংগ্রেস পার্টি।

এখন প্রচার কি হয়েছে—দেখনে কংগ্রেসের কি নৈতিক অধংপতন ঘটেছে, আগেকার কংগ্রেসের সংখ্য এই কংগ্রেসের কোন সম্পর্ক নাই। আগেকার কংগ্রেসে যথন প্রফল্লবাব, সম্মানিত বালি हिलन एम कररशम अथन नारे। काथाय एम कररशम? कायन अछारव मिथा। वे ए लाक्क्य होका ছডিয়ে কংসা ছডিয়ে অনা যে কোন পর্নাততে নির্বাচনে জয়ী হওয়া পর্নাত তথন ছিল না। এমন কি ধর্মকৈ তারা কিভাবে বাবহার করেছেন। বিশেষ করে মুসলমান যারা তাদের কাছ থেকে ভোট পাবার জনা, সেটা দেখবার জিনিব। দার্ণ একপেরিমেন্ট হচ্ছে গণতন্ত্রের ভারতবর্ষে। কিন্তু দেখবার জিনিষ মাইনরিটি যারা সংখ্যালয়, তাদের কাছ থেকে ভোট বোগাড় করার জন্ম কি তারা করেছেন! যেমন অসংগঠিত হিন্দী ভাষাভাবি বারা তাদের ভোট আপনারা অনেক পেরেছেন ৯০ পারসেন্ট এরও বেশী পেরেছেন, তাদের বলা হরেছে আমরা রাজ্য চালাছি আমাদের যদি ভোট না দাও তাহলে তোমাদের বের করে দেওয়া হবে। পশ্চিম বাংলা থেকে. এখানে ভোমাদের কোনো চাকরী-বাকরির বাকম্থা হবে না। ভারপর মাসলমান সংখ্যালয়াদের া কাছে গিয়ে এমনভাবে প্রোপাগান্ডা করা হয়েছে তাতে সমস্ত নির্বাচনটা সেটা প্রহসন বল্বন আর বাই বল্প কংগ্রেস পার্টি সেটা ব্রুবেন বা স্পীকার মহাশর আর্পানও ব্রুবেন বে এটা নাকচ হরে বাওয়া উচিত। আমি আইনের কথা বলছি না কেননা সেইজনা কোর্ট আছে, কিন্দু আমার বন্ধবা হচ্ছে যে এটা আজ বিচার করবার বিষয় বে এইকোরে কি নির্বাচনে জিততে হবে? - তারপর, নাাশনাল ইন্টিগ্রেসন-এর কথা এবং আরও অনেক বড বড কথা আমরা উপরওয়ালাদের কাছ থেকে শুনি এবং পশ্ডিত নেহেরুও বলছেন, কিন্তু আমি তার একট্ নম্না আপনাকে मिक्ति। जरमा जार्शान वधन कराग्रमशाधी हिलान एथन निम्हत्रहे धहेमव प्राथहिन, किन्ह তাহলেও আমি একটু পড়ে শোলাছি, এখানে একটা জারগার বলা হয়েছে "ধর্ম ও ঈশ্বর বিশ্বাসের বিরুম্বে কমিউনিস্ট পাটির জেহাদ"। কোন গণতান্ত্রিক দেশে কি এই জিনিস হয়? কোন গণতান্দ্রিক দেশের নির্বাচনে কি ঈশ্বরের কথা আসে? অথচ এখানে লেখা হয়েছে দ্ব "ক্ষিউনিস্ট পার্টি কোন ধর্মে এবং ঈশ্বরের অস্তিছে বিশ্বাসী নর।" আমার কথা হোল দ্ব্ এটা ঠিক হলেও এটা নির্বাচনের বিষয়বস্তু নর—অন্য জায়গায় হতে পারে।

[Noise and interruptions]

যিঃ স্পীকার, আর্পনি যদি স্পিক না করেন বা ও'দের কম্মোল না করেন তাহলে কিন্তু উভয় পক্ষেরই মুস্কিল হবে।

Mr. Speaker: Mr. Basu, you just carry on.

Shri Jyoti Basu: How can I carry on if you do not open your mouth and do some thing to stop this. I am making my submission; it is for you to reject or do whatever you like with it.

আমি কোন নতন কথা বলছি না, কংগ্রেসের প্রিস্তকা থেকেই বলছি। তারপর দেখনে এখানে লেখা আছে যে, "আপনি কি এই ধর্ম বিরোধী মতবাদকে ভোট দিরে সমর্থন করবেন?" তাহলে एम्था यात्क निर्वाहत्नेत्र मध्या धर्म अवर क्रेम्वत्रक रिटन जाना द्शान, जवह अहा निर्वाहत्नेत्र मध्य আসার কথা নয় একথা পশ্ভিত নেহের বরাবরই বলে আসছেন। কেরালাতে বিশপরা একটা সার্কলার দিয়েছিল তার বিরুদ্ধে পশ্ডিত নেহের, কেরালায় গিয়ে প্রচার করেছেন যে এটা অনাায়। কিন্ত এই ব্রুকলেট চৌরপ্যীর কংগ্রেস ভবন থেকে বেরিয়েছে। তারপর, কংগ্রেস ভবন থেকে "কমিউনিস্ট পার্টির স্বরূপ" বলে আর একটা ইস্ভাহার দিয়েছে এবং "পয়গম" নামে একটা নতন কাগজ যা বলেছে তা থেকে একটা অংশ ছাপিয়ে ঐ কাগজে দিয়েছে। গত ১০-২-৬২ তারিখে "প্রগম"-এর যে সংখ্যা বেরিয়েছে সেই সংখ্যায় কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে এবং ধর্ম সম্বন্ধে অনেক কথা লেখা হয়েছে এবং তার একটা জায়গায় আছে যে, "খুণ্টান এবং মুসলিম প্রধান রাশিয়ায় মুসলমান ধর্ম লোপ পেয়েছে এবং সেখানে ৪ কোটি মুসলমান হজু ব্রাজা নামাজ প্রভৃতি ছেড়ে দিয়ে শুয়োর প্রযতে বাধা হচ্ছে"। এই রকম অনেক কথা বলে তারপর বলেছে যে, "তাদের উপর অর্থাৎ কমিউনিস্টদের উপর আল্লার অভিশাপ বর্ষিত হোক"। স্পীকার মহাশয়, এটা যদি শা্ধ্ "পয়গম"-এর একটা আটিকেল হোত তাহলে আমি কিছ. বলতাম না কিন্ত এই আটিকেলটা কংগ্রেস পার্টির এতই পছন্দ হোল যে এ থেকে একটা অংশ নিয়ে কংগ্রেস ভবন থেকে বিনয় রায় কমিটির পক্ষ থেকে এইভাবে একটা কাগজে উম্প্রত করে দিলেন। এই হোল ধর্মের ব্যাপার।

[3-30-3-40 p.m.]

স্পীকার মহাশয়, করাণ্ট প্রাকিটিসের বাগারে পিপল রিপ্রেজেন্টেসান এাারের ১২০(২), (০) ধারা যেগ্রালি আছে সেগ্রালি আপনি জানেন যে আপীল কোথার করা যাবে। এবং উত্তরপ্রদেশের বেনরাসে যে ইলেকসান হয়েছিল তাতে এই করাণ্ট প্রাকটিসের বাগারে র্সতম ভার্সেস ডাঃ সম্প্রেণের একটা মামলা হয়েছিল, যেখানে জজরা আপিল করার জায়গা স্পোসফাই করে দিয়েছেন। এখন আমি কেসের কথা কিছু বলছি না, আমি বলছি যে এই পম্পতি বদি থাকে ভাহলে অম্পত এটা যেন না বলা হয় যে গণতালিক পম্পতিতে নির্বাচন হয়েছে—এটা হছে আমার আপরি। ও'রা বল্বেন যে নির্বাচনে জিতবার জন্য যে-কোন পম্পা আমরা অবলম্বন করব—এটা ভাল কথা ঠিক কথা হয় এবং সাহস করে এটা বলা উচিং। কিম্পু টটো, বিড়লা, সিংহানিয়া প্রভৃতি কলকারখানার মালিকদের টাকা নিয়ে আর এই রকম পম্পতিতে নির্বাচনে জিতবেন, ভারপর তারা এখানে এসে বড় বড় কথা বলবেন—এ ভস্ডাম আমাদের পছল্প হছে না। ভারপর স্পৌকার মহাশয়, এতই যখন গোলমাল হছে তখন আর একটা কথা না বলে পারছি না—"মন্তেম্বর থানার ম্সলমান ভাইদের প্রতি আবেদন।" এখানে জেলা কংগ্রেসের যিনি সেক্টোরি তিনি দাভিরেছিলেন, আর আমাদের মনস্বর হবিব্লো দাভিরেছিলেন বিনি নির্বাচিত হরে এখানে এসেছেন। এখানে অম্পুত ব্যাপার দেখছি—কিছ্ ভ্রলোক সই করেছেন, অনেকগ্রেলি নাম আছে, এপ্রা বলেছেন মানস্করেক কেন ভোট দেবেন। কারণ বলেছেন যে মিলটার

ালিম তার মানে যিনি অবিভঙ্ক বাংলার মুসলিম লীগের সেকেটারি ছিলেন সেই হালিম লাছেব ক্ষেত্রন বে কমিউনিস্টরা অত্যন্ত খারাপ, আর বলেছেন কংগ্রেস প্রাথীদের সমর্থন করবার জন্য গুলাকে অল ইন্ডিয়া মুসলিম লীগের যে সম্মেলন হয়েছিল তাতে তারা বলেছেন যে কংগ্রেস াৰীদের ভোট দেওয়া উচিং—সেই সাটিফিকেট নিয়ে মন্তেশ্বর থানার কংগ্রেস সভাপতি নৈর্বাচনে দাঁডিয়েছিলেন। আরও অনেক আছে—বন্ধু রাখ্ম সোভিয়েট ইউনিয়ন তার জনেক ুংসা করা হয়েছে, অথচ সে আপনাদের টাকা পরসা, এটা-সেটা দিছে—পণ্ডিত নেছের, বলেন তারা আমাদের থবে বন্ধ-গোয়ার ব্যাপারে আমাদের সমর্থন করেছেন। কিন্তু দেখাছ এই निर्वाहत जीएत वितृत्य नाना तकम कुरमा कता दाराह, किन्छु এতে जीएत कि कतात आह আমি জানি না। किन्छ यেভাবে তাদের বিরুদেধ কুৎসা রচনা করা হরেছে তাতে কল্পনা করা ষায় না যে কোন বন্ধ, রাষ্ট্রকৈ এইভাবে আক্রমণ করা যায়। আমরা এর একটা কপি পশ্ডিত নেত্রের কাছে পাঠিয়ে দিয়েছি, আশা করি তিনি পড়বেন। এই যে সমস্ত ঘটনার কথা বললাম, ব্রেভাবে নির্বাচন এখানে হয়েছে ভাতে আমি এটা বলতে পারি যে কংগ্রেস অভান্ত শক্তিশালী-এটা শক্তির পরিচয় নয় এটা দূর্ব'লভার পরিচয়। আগেকার কংগ্রেস হলে তাঁরা বলতে পারতেন যে আমরা যদি কলাগাছ দাঁড় করিয়ে দেই তাহলে মান্য ভালবেসে কলাগাছকেই ভোট দেবে। এই রকম মিথাা কুৎসা, টাকা এইসব জিনিস তথন ছিল না। কিল্ড আজকের দিনে সেই কংগ্রেস নেই, আজকে সেখানে স্বিধাবাদী কতগুলো লোক ভার মধ্যে কিছু দেশদ্রোহী আছে তারা এইভাবে কংগ্রেসকে দখল ক্রেছে। সেইজনাই কংগ্রেসের আজকে এই অবস্থা হয়েছে। এই সবের ম্বারা তারা নির্বাচনে জিভতে পারেন কিন্তু মানু<u>মের ভালবাসার সমর্থন তারা পাবেন না।</u> এবং এজন। <u>আমরা দেখাছি যে এদের সামাহানি শঠতা, প্রবণ্ডনা এবং নীচতা এরই আশ্রম তার</u> দিয়েছেন। এ ছাড়া অনা কোন জিনিয়ের বিশেষ করে আশ্রয় নিয়েছেন বলে আমার মনে হয় না। আমি জিজ্ঞাসা করি এইভাবে নির্বাচনে যে জয় হলো, ভাতে করে কি তাঁরা দেশের নৈতিক চরিত গ<u>ড়ে তলবেন</u>? এই শাসক পার্টি এ'দেরও দায়িত্ব আছে এ ব্যাপারে। এ অসম্ভব, হতে পারে না। যে ছেলেদের তিন টাকা করে ঘূষ গাইয়েছেন, মিঠাইম-ডা খাওয়াবো বলে লোভ দেখিরে লরীতে করে ভোট ফর করিয়েছেন গ্রন্ডামী করেছেন, ছবি দেখিয়ে, আমি জিজাসা করি.....

[शानमान . देर कै!!!

Mr. Speaker: Mr. Beri, please allow Mr. Basu to speak on the subject. Shri Jyoti Basu:

আমি বলি এইভাবে এই ছেলেরা--যারা ভবিষাং, তাদের নিয়ে দেশ গঠন করা যাবে না, তাদের নৈতিক চরিত্র ভাল করা যাবে না। এই যে এতবড় একটা বিরাট রাজনৈতিক সংগ্রাম হয়ে গেল, এটা কোন সাময়িক ঘটনা নয়--, যা কাল হয়ে গেছে, আজ ভূলে যাব। তা ভূলতে আমরা পারি না। যে জিনিষ হয়েছে, যেভাবে অধঃপতনের পথে দেশকে আপনারা ঠেলে নিয়ে য়াছেন, এটা বিশক্তনক পথে। শুরু ও'দের জনা নয় গোটা দেশের জনা বিপক্তনক পথে তারা পা বাড়িরেছেন। এইজনা বলি ঐ যে ইংরেজি কথা আছে, আশা করি সেই ফিলসপি আপনারা বিশ্বাস করেন না-যে দি এল্ড জাস্টিফাইস দি মিল্স মনে হচ্ছিল তারা বিশ্বাস করেন না, গাল্মীকার নাম তারা করেন কি না? আর সেই প্রান কংগ্রেস নাই। তারা বিশ্বাস করেতন না দি এল্ড জাস্টিফাইস দি মিল্স।

ম্পীকার মহাশয়, আমি বলবো অর্থনৈতিক যে সমসত ব্যাপার তা বাজেটের সময় আ**লোচনা** হবে। এখানে খালি দ্ব-একটা কথা আমি বলতে চাই। প্রথমে আমি বলি এখানে যদি দেখেন সেই গতান্গতিক যে সমসত কথা সেই সব বলেছেন; তবে সাহসের পরিচয় দিয়েছেন। রাজাপালকে আমি দোষ দেব না। সরকার ষেভাবে বলতে বলেছেন, সেইভাবে তিনি বলেছেন। সাহসের পরিচয় আছে সরকারের।

আবার তাঁরা বলছেন ১৪ বছর পর ১০ বছর পরিকল্পনা করবার পর যা ঘটনা ঘটেছে "তারপর সমাজতান্দ্রিক ঘাঁচের সমাজ বারস্থার পরিপ্রেক্ষিতে এই লক্ষ্যে উপনীত হওরা আমাদের উদ্দেশ্য। এই নীতির দুটা দিক। ব্যক্তিগত লাভের পরিবর্তে জনসাধারণের লাভই নীতি নির্ধারক হবে।" আর "আমাদের ন্বিতীর লক্ষ্য হলো কতিপর লোকের হাতে অবেটিক ধনসঞ্চর নিবারণ করা বাহাতে অবনৈতিক উর্যাতির ফল সমাজের সর্বপ্রেণীর জনসাধারণ বিশেষতঃ সমাজের দুর্বলিতর শ্রেণীর মধ্যে সমানভাবে বণিউত হতে পারে।" এই বলে শুরু হলো। এ বে অবনিতিক অংশ আছে সেখানে। আমি বলি আমাদের কথা তো আমরা অনেক বলেছি, এখন আর তা আপনাদের পছল হর না, চেচামেচী করেন। কাজেই এখন আপনাদের কথা দিরেই আপনাদের বলি। আর কি করতে পারি! একজন কেন্দ্রীয় মন্দ্রী, তার বহুবা একট্, শুনুন্ন—"

"এই দেশের সেবা আমরা ভালভাবেই করিয়াছি এবং ইহা করিতে গিরেছিলাম দরিদ্র মান্বের স্বার্থ হানি করিয়া করেমী স্বার্থের সেবা করিয়াছি অনন্য সাধারণ কৃতিছের সহিত। কারণ আমরা চাহিয়াছিলাম এই দেশের সম্পদ বৃদ্ধি পাক। আমি জানিতাম টাকা কালোবাজারে বাইতেছে। আমরা জানিতাম টাকা ফালি দেওয়া হইতেছে। আমি জানিতাম পর্বত প্রমাণ ম্নাফা কামানো হইতেছে। কারণ আমরা পরিণামের দিকে না ভাকাইয়া ঢালাওভাবে উহার আশ্রম দিরেছিলাম। আমি জানিতাম এই দেশের ক্রেতাসাধারণকে আমরা শ্রেষয়া সাদা করিয়া দিয়াছিলাম। কারণ ঐ গিলপপ্রতিষ্ঠানগ্রিকে আমরা বাজার যতথানি সহা করিতে পারে. ততথানি দাম আদার করিতে দিয়াছিলাম।"

এই কথা কৃষ্ণনাচারী বলেছিলেন—তাঁর বাজেট বন্ধৃতায় যখন তিনি মন্দ্রী ছিলেন। আর পশিওত নেহর, গ্রেজরটের এক জনসভায় বলেছেন গত একশো বছরে ব্টিশ সভাজস্থানা যা লাভ করতে পারেনি, আমাদের দেশের ম্নাফাখোর কোটীপতির দল গত ১৪ বছরে তার চেয়ে বেশী লাভ করেছেন।

[3-40-3-50 p.m.]

অবাক হচ্ছেল না—আমাদের অর্থমন্দ্রী। একথা পাঁওত নেহের, বলেছেন। (ীদ অনারেবল বিধানচন্দ্র রার—তার ভাষণের সবটা পড়্ন না) সবটা পড়তাম কিন্তু আমার সময় নেই। এটা পাঁওত নেহের,র কথা গত একশো বছরে ব্টিশ প্রশালপতিরা যা লাভ করতে পারেনি, আজকের দিনে প্রশালপতিরা, অর্থবান লোকরা ১৪ বছরে তার চেয়ে বেশী লাভ করেছে। অথচ বলা হচ্ছে যে আমরা সমাজ-তাল্টিক ধাঁচে কি রকম একটা সমাজ ব্যবস্থা করিছি, এবং সাধারণ মান্বের মধ্যে বাতে ধনসম্পদ বণ্টন হয় সমভাবে, সেই রকম বাবস্থা আমরা করিছি। ব্কের পাটা না থাকলে ১৪ বছর পরে কি এই রকম কথা বলা যায় ? তারপর এটাও জানেন পণ্ডিত নেহের, পালামেন্টে একটা কমিটি করতে বাধা হয়েছিলেন। যথন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোচনা আরম্ভ হয় এর আগের অধিবেশনে, সেখানে তিনি বলেছিলেন যে "সতিইে এত টাকা জাতীয় আয় বেড়েছে, এই টাকাগ্রেলা যাজে কোথায় ? এইজন্য প্রফেসার মহলানবিসকে চেরারমান করে একটা কমিটি গঠিত হয়েছিল: এবং তার যে প্রাথমিক রিপোর্ট বেরিরেরছে, তাতে বলা হছে ভারতবর্ষের ৭৮ পার্সেন্টি বে সম্পদ, সেই সম্পদের মালিকানার ভার এখনেকার ১৮টি ফার্মিল বা পরিবারের হাতে। অথচ এখানে বা বলা হয়েছে সব ঠিক উল্টো—ও'রা পঞ্চবার্ষিকী পরিক্ষপনার তার বিপরীত ঘটনা এই ১৫ বছর ধরে করছেন।

তারপর দেখতে পাছি তাঁর এই বন্ধৃতার বেকার সমস্যা সন্দেশ কোন কথাই নেই। খালি একটা জারগার ররেছে অতি বেশী জন্ম হছে, কি করা বার! জনসংখা বাড়ছে, ঐ দিকে নজর দেওরা হরেছে। কিন্তু এখানে, আমাদের পশ্চিম বাংলার প্রার ২০ লক্ষ আনএমন্সরেড আছে, বেকার আছে, তাদের কি হবে? সে সন্দেশে একটি কথাও এখানে বা বাজেট বন্ধুতার দেখতে পেলাম না। প্যানিং কমিশন বা বলেছেন, তা খেকে বেশ স্পন্ট বোঝা বাছে বে পাঁচ বছর পরে বেকারের সংখ্যা আরও বেড়ে বাবে। স্তুরাং আমরা দেখতে পাছি এখানে ক্রিক্টেট উল্চট পরিকশনার কথা বলা হরেছে, বার কোন ম্লা নেই। ম্খামন্দ্রী মহালরের অনেক উল্চট পরিকশনা আছে: এর মধ্যে একটা হছে এখন তাঁরা গ্রাম খেকে গোবর কুড়িরে আনবেন, এবং তা দিরে এখন বে জমি আছে তার অর্থেক জমিতে চাব করে খালা ক্সল বাড়িরে খালা ক্রমেস্ক্শর্শ হবেন। এই কথা বলা হরেছে বে বাদের গোবর আছে, তাদের সমস্ত পোবর নিরে নেবেন, এবং তার পরিবর্তে তাদের নানা রকম জন্মলানী দেওরা হবে। গোবর কোড়ানর বাবন্ধা করা হবে.— এটা একটা উল্চট পরিকশ্পনা ছাড়া আর কিছু বলা বার না। আমি বলি মাখা পিছু উৎপাদন

বেটা ক্ষেছে, সেটা বাড়ান। পূর্বে ৪-২৫ ছিল, এখন সেটা ৩-৬ হরেছে, এটাকে আগে ঠিক কর্ন। তারপর অন্য বড় বড় কথা বলবেন। ঐ বে আপনাদের কথা জন্ম-নিরন্দা; তার সভাপতি বা চেরারম্যান বিদ হন শ্রীপ্রফ্লচন্দ্র সেন, তাহলে কি করে তা সার্থক হতে পারে? বেয়ন সব কিছু বার্থ হরেছে, তেমনি এটাও বার্থ হবে তাতে কোন সম্পেহ নেই।

মাননীরা রাজ্যপাল, তাঁর ভাষণে এমন কতকগালি মন্তব্য করেছেন যেগালি এসারশন ছাড়া আর কিছ্ই নর। যেমন ধর্ন এখানে বলা হচ্ছে তিন হাজার ডিপ টিউবওয়েল বসান হবে। এই তিন হাজার ডিপ টিউবওয়েল গ্রামবাসীরা পাবে, এটা খ্ব আনন্দের বিষয়। গতবারও এই কথা বলা হর্মেছিল। কিন্তু মান্দিক হচ্ছে রাজ্যপালও এই কথা বলালেন না কেন? আমাদের ডি ভি সি থেকে যে ১২॥॰ লক্ষ একর জমিতে জল দেবার কথা ছিল, সেখানে মোটে ৬ লক্ষ ১০ হাজার একর জমিতে জল দেওয়ার ব্যবস্থা হল। কিন্তু যে জল দেওয়া হল, তারও ৩৫ ভাগ বাবহৃত হল না। তাঁদের কোনটাই ঠিক হচ্ছে না। স্তরাং কে বিশ্বাস করবে তাঁদের কথা, যে আগামী পাঁচ বছরে এই সমস্ত জিনিষ হবে? এইভাবে বলা হয়েছে যে, উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে শিক্ষার ব্যাপারে। কি উল্লেখযোগ্য হয়েছে? ১০ বংসরে ৫১ থেকে ৬১ হয়েছে নিরক্ষরতা দ্র করবার ব্যাপারে। ঐ বারা লিখতে পড়তে পারে তারা শতকরা ২৪ ভাগ ছিল এখন হয়েছে শতকরা ২৯ ভাগ। হিসাব করে দেখ্ন ১২৫ বংসর লাগবে এই লোকদের শ্র্যুব্যোপড়া শিখাতে।

[Interruptions]

অত উর্বেঞ্চত হচ্চেন কেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: উত্তেজিত হচ্ছিনা। আমার হাসি পাছে কারণ সকালেও একথা শুনেছি।

Shrı Jyoti Basu:

সকালে কি শ্নেছেন জানি না তবে এটা হাসবারই কথা। কারণ বাদ ১২৫ বংসর লাগে শ্রে একট্বলেখাপড়া লিখাতে, নিরক্ষরতা দ্বে করতে তাহলে এটাকে পরিকল্পনা বলে না। এমন কি কোন মুখ্ও একে পরিকল্পনা বলবে না।

স্পীকার মহাশয়, আমি আর এইসব কথার মধ্যে যাচ্ছি না. শুধ, আপনাকে এটা বলে রাখি. আপনি আগে এখানে ছিলেন না। আগের বারে এই মুখামলটীই মুখামলটী ছিলেন। তিনি শিক্ষকদের, অধ্যাপকদের, দোকান কর্মচারীদের, সিনেয়া কর্মচারীদের-এই সমস্ত লোকদের কতকগুলি প্রতিশ্রতি দিয়েছিলেন কিন্তু কোন্ প্রতিশ্রতিটা তিনি রক্ষা করেছেন। সকলকে वर्ताहन ठोका तन्हे भाहेत्न वाषारा ना। अशास वर्ताहरतन अर्फिनाम्य करायन निरामभा कर्म-চারীদের জনা, লপ এমশ্লরিজদের জনা কিল্তু সেই আইন্তা বন্ধ হরে গেল অমনি প্রতিপ্রতি ভূগা করলেন। এইগালি তিনি করেছেন। ঠিক সেইভাবে আমরা দেখেছি বে আমাদের এখানে কতকগুলি রিপোর্ট দেবার কথা। আপনি প্পীকার, আপনাকে আর একবার বলতে হবে. ফ্লাড এনকোরারি কমিটির রিপোর্ট ওরা এখানে দেবেন বলেছিলেন কিন্তু আজও দেন নি। এবং প্রালস কমিশন একটা হরেছিল এবং আমাদের এই আসেশ্বলী থেকে টাকা দেওরা হরেছিল তার বরচের জনা, সেই রিপোর্টও আজও আমরা পাইনি অখচ কাগজে দেখেছি সেই রিপোর্ট পাওরা গিরেছে। রাজাপালের বস্তুতার কোনরকম আম্বাসের কোন কথা নেই। এট্কুও নেই বে জিনিসের দামটা বাড়বে না. অন্ডতঃ কিছু ক্লর ক্ষমতা মানুবের বাড়বে, তারা দুটার আলা বেশী খরচা করতে পারবে তাদের পরিবারের জনা। এই আম্বাসট্কুও এখানে নেই। কারণ জিনিসের দাম বাছেবে, ট্যাক্স বসবে এবিষর কোন সন্দেহ নেই। সেইজন্য আমাদের পক্ষ থেকে আমরা বলতে পারি বধন এই সরকার গদীতে বসেছেন অসদ্পারে, তখন দুঃখ, কন্ট, লাস্থনা, অত্যাচার, এ ছাড়া মানুষ আর কি আশা করতে পারে। আর আমাদের যা কর্তবা, স্পীকার মহোদর, সেই कर्णना खामता निक्तते भागन कराया। मानायुत माना निक्तते खामता धाकरवा जामत गारी-পাওরা ঐ অনিচ্ছুক সরকারের কাছ থেকে আদার করার জন্য এবং নৃতন বাংলাদেশ গড়বার জন্য। স্পীকার মহাশর, কথাগুলি বে সতা বলছি তা ও'দের চিংকার থেকে, ও'দের হল্লা থেকে আপনি ব্ৰুতে পারছেন। সতি। কথার—হোরার দি স্থাপিনচেস, এটা ও'রা ব্রুতে পারেন। সতা কথা

না বললে ঐভাবে চিংকার করতেন না। জানেন তাঁরা এখানে প্রতিটা কথা বা বলেছি ইস্তাহার থেকে তা ব্রকে হাত দিয়ে বলবেন সত্য, এইভাবে তাঁরা নির্বাচনে জিতেছেন, এইভাবে তাঁরা গদীতে বসেছেন।

Dr. Pratap Chandra Chunder:

মাননীর অধ্যক্ষ মহোদর, মহামান্যা রাজাপাল মহোদরা যে ভাষণ দিয়েছেন সেই সম্পর্কে ধনাবাদ জানিয়ে বে প্রস্তাব এসেছে, আমি তা সম্পূর্ণ সমর্থন করাছ। আমরা জানি খেলার মাঠে বখন একদল হেরে বার তখন বারবার রেফারী জুয়াচুরী করেছে বলে দোষ দেয়। আজকে এই নির্বাচনে বামপুশ্বীদের বিকল্প সরকার গঠিত হয়নি সেই দৃঃখে তারা চিৎকার করছেন এবং এই গণতান্দিক নির্বাচন জবরদম্তি করে হয়েছে বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে গণতন্দের সমর্থনে কারা এত চিৎকার করছেন যারা গণতন্দে বিশ্বাস করেন না। এখানে দেখা যায় অন্য যে সমস্ত দেশে তাদের নিজেদের দলীয় লোক ক্ষমতায় অধিন্ঠিত হয়েছে, সে চানই হোক্ বা সোভিয়েট রাশিয়াই হোক, সেখানে গণতন্দের কোন অম্বিত্ত ইরছে, সেখানে গণতন্দের কোন অম্বিত্ত ইরছে। আজ তারাই গণতন্দকে নানাভাবে সমর্থনি করবার জন্য এগিরে আসছেন।

[3-50-4 p.m.]

বহু কোটিপতির কাছ থেকে কংগ্রেস টাকা নিয়ে এই সমুহত গণতাশ্যিক নির্বাচন চালিয়েছে এই অভিযোগ কমিউনিস্ট পার্টির নির্বাচনী ইস্টাহারে বারবার বলা হয়েছে, বিভিন্ন সভা সমিতিতে জনসাধারণের সম্মুথে বার বার উপস্থিত করা হয়েছে। তা সত্ত্বেও কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে ভোট দিয়ে জনসাধারণ কংগ্রেসকে জয়যুক্ত করেছে। যাই হোক জনসাধারণের রায় এখন পরিকার জানা গিয়েছে কমিউনিস্ট পার্টির সব কথা শুনা সত্ত্বেও...

[noises and disturbances from the Communist benches]

মাননীয় স্পীকার মহাশার, নানা ধরনের অভিযোগ ইলেকশন সম্পর্কে করা হয়েছে, কিন্তু যে সমসত অভিযোগ বান্তিগতভাবে করবার চেন্টা চলছে তা সম্পর্ণে অসতা এবং আমি জানুি যথন নির্বাচন ছিল না তথন সেই কংগ্রেসসেবীর বাড়ীতে একদিন হামলা হয়েছিল—কয়েক শত লোক গিয়ে হামলা করে জানলা দরভা ভেঙে দিয়েছিল। তথন এ'রা চাংকার করেন নি, কিন্তু ইলেকশনএ পরাজরের পর গর্নভামি ঘটেছে, জবরদাসত করে আমাদের ছার দোখরে ধরে নিয়ে গিয়েছে বলে হৈ চৈ শ্রে করে দিলেন। অধ্যক্ষ মহাশার, আমরা জানি—আমরা অনেক সময় দেখতে পাই যে ইলেকশনএ জাল ভোটের ব্যাপার হয়ে থাকে। নিজের অভিজ্ঞতা থেকে আমি বলতে পারি কয়েকটি কেন্দ্রে এমন কি মহিলারাও জাল ভোট দিতে এসে ধরা পড়েছেন এবং জনৈক বামপন্থী নেতা সেই মহিলাদের ছাড়াবার চেন্টা করেছেন, এমন কি প্রিলস ভ্যানে উঠে গিয়ে সেই বামপন্থী নেতারা ভাদের ছাড়িয়ে নিয়ে গিয়েছেন। আজকে তাঁরা এসে এখানে জালভোটের কথা ভূলছেন

[noises and disturbances from the Communist benches]

এমন কি ভোট কেনা সম্পর্কে কথা বলছেন। ভোট কার কাছ থেকে কেনা যাবে? নিশ্চরই তাহলে জনসাধারণের কাছ থেকে। ধাঁরা জনসাধারণকে বিশ্বাস করেন না, জনসাধারণকে ঘূণা করেন তারাই জনসাধারণের বিরুদ্ধে এই ভাতীয় অভিযোগ করতে পারেন যে জনসাধারণকে টাকা দিয়ে কিনতে পারা বায়। বাই হোক নির্বাচন সম্পর্কে জনসাধারণের রায় আমরা জানি। পশ্চিম বাংলায় কংগ্রেস প্রথম নির্বাচনে যে আসন পেরেছিল দ্বিতীর নির্বাচনে তার থেকে বেশী হয়েছিল, তৃতীর নির্বাচনে তার থেকেও বেশী আসন পেরেছে। ক্রমণঃ দেশের লোকের কাছে জনপ্রিয়তা অর্জন করে কংগ্রেস দেশের শাসন ভার গ্রহণ করেছে। আজকে নানারকম বিদ্রান্তিকর কথা বলে মানুবের মনে উরেজনা স্কৃতি করবার চেণ্টা চলছে, কিন্তু জনসাধারণ এইসব বিদ্রান্তিকর উদ্ভি সতা বলে গণ্য করবে না। আমরা দেখতে পাছি অনেক বিষয় নিয়ে বিরোধী দলের মাননীয় দলপতি উল্লেখ করেছেন। সমস্ত বিষরের জবাব দেবার প্রয়োজন আছে বলে আমি মনেকরি না, কারণ আরও অনেকে আছেন তারাও জবাব দেবেন। একটি বিষয়ের আমি উল্লেখ

53

कर्ताह रमो। रहा धर्म मुन्नरक रककथा वहा रसारह। न्नीकात मरहामत्र, ১৯৬२ मारहात कमिडेनिन्हे পার্টির নির্বাচনী ইস্তাহার যা বিলি করা হয়েছে তাতে দেখবেন যে পাতায় পাতায় মাসলমান সম্প্রদারের মধ্যে ধর্ম সম্পর্কে একটা বিষ ছড়ানর চেম্টা হয়েছে। তারা বলেছেন যে মাসলমান সম্প্রদার একটা সংখ্যালঘু সম্প্রদার এবং ভারতে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর কংগ্রেস সূত্রিচার করেন না। কমিউনিন্ট পার্টির হাতে ক্ষমতা এলে তারা স্থাবিচার করবেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাস্তবিকই এ'দের যদি দেশের জনসাধারণের প্রতি দরদ থাকত তাহলে নির্বাচনে পরাজিত হরে এখানে শিশ্বসূলত একটা অভিযোগ করবার কোন প্রয়োজন থাকত না। হাদ বাস্তবিকই দেশের জনসাধারণের প্রতি দরদ থাকত তাহলে এই সমস্ত অলীক আভযোগ করে আমাদের দেশ গঠন করবার যে গ্রেদায়িত্ব সেই দায়িত্ব খণ্ডন করবার চেণ্টা থাকত না। মাননীয়া রাজাপালের ভাষণে আমরা দেখতে পাচ্ছি সমস্ত দেশের একটা সামগ্রিক রূপ। তিনি প্রপট্ট বলে'ছল ভারতের মত অন্মত দেশের প্রধান সমস্যাই হচ্ছে দারিদ্রা। এই সমস্যা সমাধান আমাদের সকলের মিলে চেণ্টা করতে হবে। দারিদ্রা এবং অনুয়ত দেশের কথা যাদ শাধা বলা হয় তা হলে আমি বলব সেটা সম্পূর্ণ বলা হচ্ছে না। কারণ, ভারতবর্ষ শাধা তন্ত্রত ও দরিদ্র দেশ নয়, ভারতবর্ষ এমন একটা দেশ যে দেশের মধ্যে অতাস্ত ঘনবস্তি রয়েছে। বিশেষ করে আমাদের এই ক্ষ্যুদ্রাণ্ট পশ্চিম বাংলা, যে রাণ্টে অভানত ঘনবসতি। মোভিয়েট ইউনিয়নে প্রতি বর্গমাইলে ২৪ জন লোক ব'স করে আর ভারতবর্ষে সেখানে ৬৮৭ জন লোক বাস করে আর পশ্চিম বাংলায় সেখানে প্রতি বর্গমাইলে ১.০০১ জন বাস করে। এই তত্তটা যদি আমরা মনে রাখি তা হলে ব্যাতে হবে যে পশ্চিম বাংলা গঠন করতে হলে কি ের তর পরিশ্রমের প্রয়োজন, কি সংঘবন্দ প্রচেটের প্রয়োজন। আজকে যদি সেই কথাটা ভ্রে িয়ে আমরা শুধা প্রম্পর প্রম্পরের বিরাজে গালিগালাক, বাদবিসংবাদের মধ্য দিয়ে অগ্রসর ২০ত থাকি তা হলে পশ্চিমবংগর ভবিষাং খবেই অন্ধকার সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধাক্ষ মহোদয় আপনি জানেন আজকে যদি বাস্ত্রিকই আমাদের দেশের সপে কোন দেশের তলনা করতে হয় জাপানের সংগ্রেই একমাত তলনা হতে পারে। জাপানে অভানত খন-বসাত। স্ট্যাটিসটিক্যাল হ্যান্ডবাক যেটা ১৯৬১ সালে বোরয়েছে তাতে বলা হয়েছে যে জাপানে যে রক্ম ঘনবুসতি তার ফলে সেখানে বেকার সমস্যা বৃণিধ হচ্ছে এবং জীবন্যাতার মান **অনেকভাবে** काब इस यास्का। এই বইয়ের ১৮-১৯ পাতার বলা হয়েছে

"the population problem is much debated in connection with the standard of 'iving and employment today. The future of Japan particularly depends on how to solve this population problem."

আজকে জাপানের মত অগ্রসর দেশ, যে দেশ বরাবর স্বাধীন ছিল এবং শিবেপ অনেক দিক থেকে অগুসর, যে দেশে আমেরিকা কোটি কোটি ভলার' ঢেলে দেশকে উন্নত করবার চেণ্টা করছে সেই দেশও যদি আজকে জনসংখ্যার চাপে বিব্রত হয়ে যায় তাহলে পশ্চিমবংশার মতো ক্ষাদ্র দেশ সেখানে যে জনসংখ্যার এত বেশি চাপ রয়েছে তা শুধ্ব হেসে উড়িয়ে দেওয়া যায় না। আ**লকে** এইমাত বিরোধী দলের দলপতি বলেছেন যে গোবর সংগ্রন্থ করা অভানত থারাপ কান্ত। আমি নিজে एएथ अर्फोष्ट होत्न प्रारवेद कना मान खंद विष्ठा भवन्य कारक मानात्ना राज्य। आमि निरक्ष দেখে এসেছি সেখানে খাদাশসা যাতে নণ্ট না হয় সেজনা দেশে ছোট ছোট ছেলেয়েদের চডাই পার্থী মারবার কাজে লাগানো হয়। এগালি যদি আজগাবি পরিকল্পনা না হয় তা হলে গোনর मरश्र कता এवर या पिर्स मात्र श्रुव करो माधावन क्षक्याग्रहे खार्नन। को निक्तरहे आस्त्रा न পরিকল্পনা নয়।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের নিশ্চয়ই স্মরণ রাখতে হবে সমস্ত পশ্চিম বাংলা আজকে আন্দেরপিরির উপরে বসে আছে। আমরা জানি দেশের সাধারণ মানুষের মধ্যে বিক্ষোভ আছে। আজকে সরকারী কর্মচারীদের মধ্যে, শিক্ষক সম্প্রদারের মধ্যে অসনেতার আছে। এই সমস্ত বিক্ষোভ অসন্তোষ দুর করতে হলে পশ্চিম বাংলাকে সুগঠিত অর্থনৈতিক ভিন্তির উপর প্রতিষ্ঠিত ব্রতে হবে। এবং সেইজন্য সকলের গঠনমূলক কাজের মধ্য দিয়ে অগ্রসর হতে হবে। আজকে মতন্ত মানন্দের কথা এই রাজাপালের ভাষণের মধ্য দিয়ে সেই স্টে, নীতি অভানত স্ক্রেভাবে 🗣 🗷 করা হরেছে।

[4-4-10 p.m.]

তিনি একথা বলছেন না যে যা কিছ্ করা প্রয়োজন সমসত কিছ্ই আমরা করতে পেরেছি হা আমাদের সরকার সেসমসত কাজ করেছেন। তিনি স্বীকার করেছেন যে আমাদের এমন অনেক কর্মাস্টি আছে যেগালি গ্রহণ করা বাঞ্চনীয় হলেও সম্পদের অভাবের দর্ন গ্রহণ করা সম্ভব হয় না। বিরোধীদলের মাননীয় দলপতি যেসমসত কথা বলেছেন তার মধ্যে অনেক কিছ্ করা হয়ত প্রয়োজন। তবে সপে সপে এটা স্মরণ করতে হবে যে সেইসমসত কর্মাস্টা প্রভাবে গ্রহণ করেতে গেলে যে সম্পদ স্থিট করা প্রয়োজন সেই সম্পদ স্থিট করার জন্য আজকে আমাদের মাধনা করা দরকার। এমন কথা আমরা কেউ বলি না এবং রাজ্যপালের ভাষণেও নেই যে দেশের স্বাম্বত সমস্যা দ্রে হয়ে গেছে। রাজ্যপালের ভাষণে বারবার একথা স্মরণ করিয়ে দেওয়া হয়েছে যে অনেক প্রয়োজনীয় জিনিষ আমরা করতে পারিনি, কেননা আমাদের সম্পদের অভাব রয়েছে। সেজনা তিনি বারবার করে বলেছেন যে আজকে সমসত দলমতানির্বিশেষে একতিত হয়ে সমসত ম্বন্ধের উধ্বে উঠি সমসত দেশকে গড়ে তুলবার জন্য স্ক্র্তাবে একটা চেন্টা করা দরকার। আজকে আমার প্রাচীন মহাভারতের একটা কথা মনে পড়ছে। মহাভারতে কুর্ বৃংধ পিতামহ ভীম্মের কাছে গিয়ে যুর্ধিন্টির বলেন যে আমাকে রাজধর্ম সম্পর্কে বিভিন্ন উপদেশ আপনি প্রদান কর্ন।। বিশেষ করে, প্রাচীন যে গণরাজ্যগ্রালি ছিল সেই গণরাজ্যগ্রালি সম্পর্কে তিরি তার উপদেশ প্রার্থনা করেছিলেন। এ সম্পর্কে অনেক কথা বলে ভীত্য বলেছেন—

"আভাশ্তরম ভয়ং রক্ষম সারং বাহাতো ভয়ম্। আভাশ্তরম ভয়ং রাজন সদ্যো মালানি কুশ্ততি॥"

এর অর্থ হচ্ছে এই বে গণরাজাগুলির আভান্তর ভয় হচ্ছে সবচেয়ে বড় ভয়় বাহিরের ভয় হচ্ছে অসার এবং আভান্তর ভয় গণরাজাগুলির সমন্ত মূল উৎপাটন করে দেয়। তাই আজকের দিনে আমাদের বিবাদ, বিসম্বাদ, শ্বন্দ্ব শেষ করে যে কথা রাজ্যপাল মহোদয়া ভাষণে বলেছেন যে আভান্তর ভয় থেকে আমাদের দেশকে বাঁচাতে হবে, জনসংখার যে চাপ রয়েছে, যে দারিল্র রয়েছে, যে আশিক্ষা ইত্যাদি রয়েছে সেগুলি নৃর করবার জনা অমাদের আজকে চেল্টা করা দরকরে। মামনে উপস্থিত রয়েছে সেগুলিকে কার্যকরী করবার জনা আমাদের আজকে চেল্টা করা দরকরে। রাজ্যপালের ভাষণে আমারা লক্ষা করি যে যেমন বৈষ্যাহক উমাতর কথা বলা হয়েছে, আদক কসল ফলাবার কথাও যেমন বলা হয়েছে তেমনি এক ফসলী এলাকাকে দা ফসলী এবং তিন কসলী করা সম্বন্ধে কথাও বলা হয়েছে। একদিকে যেমন বৈষ্যাহক শান্ত আরও সঞ্চয় করতে হরে অনাদিকে তেমনি মানুষের মনকে গড়ে তুলবার, তাদের শিক্ষার মধ্যা দিয়ে নৃত্ন মানুষ করে ভূলবার জন্য কথাও ভাষণে বলা হছে। তাই আমি মনে করি যে এই ভাষণের মধ্যে দেশের সমসত কছরে একটা সাম্যাক্র রপ আছে। দেশের যত, কিছু সমস্যা আছে সেসমস্ত সমস্যার সমাধান হয়ত করা এখনই সম্ভব নয় কিছুত্ব যে পথ অবলম্বন কয়েল এই সমস্যাগুলি অনেকাংশে প্রশামত হতে পারে সেই ব্যবস্থার কথা ভাষণে উল্লেখ আছে। সেজনা রাজ্যপালের ভাষণকে ধনাবাদ জানাবার যে প্রস্তাব রয়েছে আমি ভাকে সর্বাদ্তকরণে সমর্থন করাছ।

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that no mention has been made in the matter of-

- (a) solving unemployment problem in the State;
- (b) checking rising prices of essential commodities, especially, food articles;
- (c) amelioration of condition of low-paid Government employees and of the secondary and the primary teachers; and
- (d) failure of the Government to fix prices of jute in time so as to give relief to poor peasants".

মাননীয় স্পীকার মহাশর, এই নির্বাচনে অনেক জিনিব আমাদের সামনে পরিক্ষার হরে গেল। কংগ্রেসের রূপ এবং চেহারা দেশের জনসাধারণের কাছে অতি পরিক্ষারভাবে ধরা পড়ে গিরেছে। তারা বলছেন যে সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ বাবস্থা গড়ে তুলবেন অথচ নির্বাচনে দেখা গেল হে সমুস্ত বড় বড় ধনী লোক প্ৰাঞ্জপতি লোক আছেন তাদের স্বাথে. তাদের সামার্থা তাদের অর্থ বিভিন্ন কেন্দ্রে, বিভিন্ন স্তরে খরচ করে এমন কি অনেক জায়গায় মদ পর্যকত খাইরে তারা নির্বাচনে জয়লাভ করেছেন। অবশা তারা জয়ী হয়েছেন কিন্ত দেশকে কোন পথে নিয়ে বাচ্ছেন? তাই আজ আমার মনে হচ্ছে যে আমি ঠিক সময়েই কংগ্রেস পরিত্যাগ ক্রবেছিলাম। তারা যদি মনে করে থাকেন যেকোন উপায়েই হোক আমরা যদি ক্রমতা দখল করতে পারি তাহলে সেই ক্ষমতা আমরা চিরকাল হাতে রাখতে পারবো তা ভল হবে। কেননা অতীতের ইতিহাস দেখলে দেখতে পাওয়া যায় এরকম অন্যায়ভাবে দুনীতি শ্বারা যদি ক্ষমতা হাতে রাখার চেণ্টা করা যায় তাহলে সেই ক্ষমতা সময়মত চলে যায়। আপনারা যদি মনে করে থাকেন যেভাবে আপনারা ক্ষমতা হস্তগত করেছেন সেই ক্ষমতা চিরকাল হাতে রেখে দেবেন জাহলে আমি বলবে৷ অলক্ষে নিশ্চরই দেশে এমন একটা বিক্ষোভ দানা বেধে উঠবে যে বিক্ষোভ আপনাদের এই ক্ষমতা ধরংস হবে--এবিষয়ে কোন সন্দেহ নাই। যে নির্বাচন হয়ে গেল সে अन्तर्भ्य द्यािंखवाद, यातक कथा वालाइन, यातक विषया उपादन आमारमत भामात पिराराइन আমিও দুচার কথা এ সম্বশ্ধে বলি। ভূপতি মজুমদার মহাশয়, তিনি অবশা হেরে গিয়েছেন. নির্বাচনী প্রচার সম্বন্ধীয় প্রিম্ভকায় বলৈছিলেন যে তাদের ভোট না দিলে, স্কুল, রাস্তা বা হাসপাতাল এসমুহত কিছু হবে না-(নয়েজ) প্রচারপত্তে এসব বলা হয়েছিল। মিটিংএ বলা इर्ग्गाइन ।

তারপর কচবিহারে ক্ষতিয় ও ভাটিয়াদের মধ্যে বিভেদ সুন্টি করে ভোট পাবার চেন্টা করা হরেছিল। কিন্তু কুচবিহার তার পরিন্দার উত্তর দিয়েছে। আর একটা কেন্দে বার্জীবীদের লিখিয়ে নেওয়া হয়েছিল যে তাদের যদি ভোট না দেওয়া হয় তাহলে সাহাব্য পাবে না, ক্লাতিয় ছাচরা যদি ভোট না দেয় তাহলে সাহাযা পাবে না। কিন্তু জনসাধারণ অতানত সচেতন এবং স্ক্রাগ হয়েছে। এ রক্ম নানাভাবে অনাায়ভাবে তারা জিতবার চেণ্টা করেছে। জলপাইগড়িতে একজন প্রাথী নীলকাত রায়ের প্রতীক ছিল সাইকেল, কিল্ড সেখানকার জলপাইগটেড ব্দগ্রাস ক্মিটির সভাপতি অবনী গৃহ মহাশয়ের শ্বারা এমনভাবে প্রচার করা হয়েছিল যে তার প্রতীক জিতলেই কাজ হয়ে গেল? এই সমস্ত কাজগুলি যে গণতন্ত বিরোধী সে বিষয়ে কোন সন্দেহ নাই। রাজাপাল মহোদয়ার ৫% বংসর শাসনের মধ্যে একটি বিষয় উল্লেখ করি। তিনি হলেন কর্নাস্টিটেশনাল হেড, মন্ত্রীমন্ডলী তাঁকে যে উপদেশ দিয়েছেন তিনি তাই করেছেন কিন্ডু তিনি একটা খুব ভাল কাজ করেছিলেন। আসামে যথন বাপ্গালীদের উপর অত্যাচার হরেছিল, নির্যাতন হয়েছিল তার প্রতিবাদে তিনি ১৫ই আগস্ট স্বাধীনতা দিবস পালনের যে নীতি গ্রহণ कता रहाहिल जा वाजिल कहत निर्ह्माहिलन कारकर तह वश्यात्वत मामहनत महा जात करे विभावी ভাষণ বার বার মনে পড়ছে। তিনি যা কিছু বলেছেন, যা কিছু করেছেন তার মন্ত্রীরা আ বলেছেন, যে শিক্ষা দিয়েছেন তাই তিনি করেছেন কাঞেই কোন নীতি তার ভাষণের মধে। আমন্ত্রা দেখতে পাই না। নির্বাচন হয়ে গিয়েছে। আমাদের যা কিছু বলবার সেই সময় বলি। আমি একটা সভায় বলেছিলাম এবারে কংগ্রেস যদি জেতে তাহলে ৫০ জন মল্টী হবে, কারণ সকলেই মন্ত্রী হতে চায়। অনেককেই মন্ত্রী করতে হয় কারণ দল তে৷ রাথতে হবে। সেদিন দেখলাম একজন প্রেস রিপোর্টার জিজ্ঞাসা করেছিলেন ডাঃ রায়কে এবার ক'জন মন্দ্রী হবে? তিনি বলেছিলেন ৫০ জনও হতে পারে। ইতিমধ্যে ৩৭ জন হরেছে। আর কজন হবে জানি না। चामाराद भ्राता वन्य वक्षनीवाद राजभूति मिनिन्छोत-अत स्वान श्रामान किन्छ रत ना.-स्वन रन ना र कार्ड भावनाम ना।

[4-10-4-20 p.m.]

এ'রা ফাামিলি স্পানিং করছেন কিন্তু এদিকে মন্তীদের সংখ্যা বেড়ে যাওয়ার ফলে যথন পার্বলিক এক্সচেকার থেকে থরচ বেলী হচ্ছে তথন সে দিক থেকে আমার মনে হয় ফাামিলি স্পানিং করে কল্মের হায় কমানোর সাথে সাথে এ'দের মন্তীদের জনা একটা স্পান করা উচিত। তারপর, এ'রা বে সমস্ত নির্বাচনী প্রতিশ্রতি দিরেছিলেন সেইসব প্রতিশ্রতি যে এ'রা পালন করবেন ওার কোন ইপ্সিত মাননীরা রাজাপালের ভাষণের মধ্যে দেখতে পেলাম না। তাঁর ভাষণের মধ্যে বেশীর ভাগই ফাকা ফাকা কথা ছাড়া আমাদের দেশের সামনে বিভিন্ন বেসমস্ত সমস্যা ররেছে

শেইসব সমস্যার কথা বিশেষ কিছু বলা হর নাই। বেকার সমস্যা আমাদের একটা বিরাট সমস্য এবং প্রার ২০ লক্ষ বেকার এখনই আছে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আরও ১৫ লক্ষ বেকার যে হবে সে বিষরে কোন সন্দেহ নেই। এর কি করে সমাধান করা যায়? এ'বা বলছেন রাস্তাঘাট, টিউবওরেল, সেচবাবস্থা, কারথানা প্রভৃতি করছি। আমার বন্ধব্য হচ্ছে বে এসব কর্ন, এতে দেশের লোকের উপকার হতে পারে, কিন্তু ইংরেজরাও তো এসব করেছিল दान, स्माप्त्रे भाष्त्री, शक्ताहे जाहाक जानित्त्रिष्टन, जाहरन जारने अरम स्थरक करन स्थरक हान কেন? তার কারণ হচ্ছে যে, তাদের আমলে সাধারণ মানুষের দৈনন্দিন দঃখ-দুর্দশা, অভাব-অভিযোগ প্রভৃতি দিনের পর দিন বেডে চলেছিল এবং সেইজনাই তাদের আমরা এদেশ থেকে চলে যেতে বাধ্য করেছি। কাজেই কংগ্রেস সরকার অজস্র টাকা খরচ করে যতই পরিকল্পনা গ্রহণ করুম না কেন সাধারণ মানুষের দৃঃখ যদি দূর না হয়, বেকার সমস্যা যদি এইভাবে বাড়ে তাহলে আজকে হয়ত তারা ভোটে জিতেছেন কিন্তু পরে এর প্রতিকারের জন্য জনসাধারণ তাদের নিজেদের हारा स क्या तारान राम विश्वास कान आस्प्रह ताहे। श्वामा छेश्शामन अस्वत्थ वर्राहरू स খাদোর ব্যবস্থা হয়েছে অর্থাৎ উড়িষা। এবং আর্মোরকা থেকে খাদা আনতে হবে। তবে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় খালে স্বয়ংসম্পূর্ণ হবার চেষ্টা করবেন বলে যে কথা তারা বলেছিলেন সেই প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্পূর্ণরূপে বার্থ হয়েছে কেননা খাদো তারা স্বরংসম্পূর্ণ হতে পারেন নি। কাজেই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তারা খাদ। বাড়াবার জন্য এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার জনা যতই প্লান গ্রহণ কর্ম না কেন সেটা যে কতখানি স্বার্থক হবে সে বিষয়ে আমাদের যথেণ্ট সর্ল্ফেং রয়েছে। কারণ যাদের দিয়ে কাজ করাতে হবে সেই গ্রামের हासौ अवर आधातम लाटकत मदल्म अक्ता कान स्वामास्याम करतन ना वा अ विषदा । जाएनत कि ব**রব্য আছে** তা' শোনেন না। কুষকদের কি দৃঃখ আছে, তাদের কি অভাব-অভিযোগ আছে সে সম্বন্ধে এরা কিছু বলেন না বা সেগ্লো শোনেন না। জামদারী প্রথা বিলোপ করা সত্তেও **কুষ্করা জমি পাচেছ না অথচ** সেইসব জমি জমিদারপ্রভুরা বে-আইনীভাবে হস্তাতরিত করে রেখেছে। আপনারা সকলেই জানেন যে, আমাদের বৃন্ধ² পরলোকগত বিমলচন্দ্র সিংহ মহাশায় **এই বে-আইনী ২**ম্ভান্তরের প্রতিকারের জনা একটা আইন আনার চেণ্টা করেছিলেন কিন্তু হঠাং দেখা গেল সেই আইন যাতে এগ্ৰেম্বলীতে না আসে তার জন্য নিদেশি হল। তার মানে কি? তার মানে অতি পরিংকার যে, এই আইন আসলে পর কোলকাতার ক্রমিদারদের স্বার্থে আঘাত আসতে পারে কাজেই কংগ্রেস যথন তাঁদের সমর্থন নেবেন তথন তাঁদের বাখতেই হবে। একথা আপনারা সকলেই জানেন যে, সিলেক্ট কমিটিতে জামদারী প্রথা বিলোপ আইন আসে এবং সিলেট কমিটিতে এইভাবে পাশ হয়ে গেল যে, কোলকাতাকে জমিদারী প্রথা বিলোপ আইনের আওতায় আনা হবে, কিন্তু পরে ডাঃ রায় আইন পরিষদে এসে সেই সংশোধনী তুলে নিলেন। জিনিসপত্তের দাম বেড়ে চলেছে। আমরা বলেছিলাম যে কংগ্রেস যদি জেতে তাহলে দাম ৰাজ্বেই। কারণ যে টাকা তারা এই নির্বাচনে থরচ করেছেন, প্রাজিপতিরা, বাবসায়ীরা যে টাকা কংগ্রেসের ভা^নভারে তুলে দিয়েছেন সেই টাকা তারা স_{ন্}দে আসলে তুলে নেবেন। জিনিসপত্রের দাম কমাবার কোন চেম্টা নেই। আমরা অনেক আন্দোলন করেছি দাম কমাবার জনা। কিন্তু সে চেন্টা নেই যাতে লোকের একটা রিলিফ হয়, জিনিসপচের দাম একটা কমে।

তারপর কৃষির উন্নতির জনা সেচের বাবস্থা, ভাল সারের বাবস্থা, ভাল বাঁজের বাবস্থা চাই এইসব কথা রাজাপাল তাঁর ভাষণে রেখেছেন। কিন্তু কৃষক বান্তবিক যাতে এগ্র্লি পার এবং সে বাতে খাদা উৎপাদন বাড়াতে পারে সেদিকে কোন চেন্টা দেখতে পাছি না। তাঁরা বলেছেন যে একরে ১৫ মণ থেকে আমরা ২৭ মণ বাড়াব। কিন্তু এই ১৪।১৫ বছর ধরে তাঁরা খাদা উৎপাদন বাড়াবার কি চেন্টা করেছেন?

ভারপর পাট আমাদের বাংলাদেশের সম্পদ। কৃষকদের সেই পাটের মূলা বে'ধে দেওরা হল য়। কৃষকদের জনা পাটের মূলা বে'ধে দেওরা হল না কিন্তু বড় বড় মহাজন, প্রাজিপতি বারা নর্বাচনের ভাপ্ডারে টাকা দিরেছে তারা বাতে অবাধে গরীব কৃষককে শোষণ করতে পারে সেহিবাগ করে দেওরা হল। গরীব মারা বাচ্ছে সেদিকে এ'দের দৃটি নেই। আমাদের দেশে গাল্ল ১০।১২ লক্ষ একর পতিত জমি পড়ে রয়েছে, সেই পতিত জমিকে কাজে লাগাবার জনা কানা আমরা দেখতে পাছিল না। আমাদের দেশে শিল্পের উমতি খ্বই প্রয়েজন সেবরেরে কোন সন্দেহ নেই। দ্বতীয় পঞ্বাধিকী পরিকল্পনার আমরা দেখেছি বে এক দিকে

শালা উৎপাদন বাড়াবার চেণ্টা করা হচ্ছে, অপর দিকে শিলেগর আয়রা কতখানি দ্বরংসন্পূর্ণ হতে পারি তার চেণ্টা হচ্ছে। ন্বিতীয় পঞ্চবার্থিকী পরিকল্পনার ছিল যে বাংলাদেশে জনত্ত করা করা বসান হবে। কিন্তু দেখা গেল একটা মাত্র বসান হয়েছে। দ্র্গাপুরে কোর প্রভন করাকান হবে এবং সেখান থেকে গ্যাস গ্রীডে করে গ্যাস এনে কলকাভায় সরবরাছ করা হবে। কিন্তু কবে করা হবে তার কোন বাবন্থা দেখতে পাছি না। আয়রা দেখছি পাদ্যা বাংলার অনেক জারগায় শিল্প গড়ে উঠছে কিন্তু উত্তরবর্ণা সম্পূর্ণ অবহেলিত এবং এবার ব্যক্ষা উত্তরবর্ণা থেকে আমাদের বামপন্থী প্রাথী বেশী এসেছে তখন সেদিকে সরকারের বিশেষ কোন দৃষ্টি বাবে বলে মনে হয় না। উত্তরবর্ণা কোন শিল্প বাবন্থা নেই। কাজেই উত্তরবর্ণা বাতে শিল্প বাবন্থা উন্নত হয় তার বাবন্থা করা বিশেষ প্রয়োজন। কিন্তু সেটা কতথানি হবে সে বিষয়ে আমার যথেন্ট সন্দেহ আছে।

শিক্ষার ব্যাপারে আমরা দেখছি যে শিক্ষা বিভাগে একজন পুরো মন্ট্রী রয়েছেন, ভারপর একজন রাষ্ট্র মন্ট্রী রয়েছেন আর দ্বাজন ডেপ্র্টি মিনিস্টার রয়েছেন। কাজেই এওগ্রিল মন্ট্রী থাকায় এই বিভাগের উপর হয়ত অভাধিক চাপ স্থিট হতে পারে। আপনারা বলেছিলেন ছে শিকটার পঞ্চবার্থিকী পরিকল্পনার মধ্যে ৬ থেকে ১১ বছরের ছেলেমেরেদের শিক্ষার বাক্ষা করা হবে। কিন্তু এটা দেখছি যে মাত্র ৮০ ভাগ ছেলেমেরেদের কমপালসারি ফ্রি প্রাইমারী এভুকেসানের ব্যবস্থা করা হবে।

[4-20---4-30 p.m.]

শিক্ষকদের কথা জ্যোতিবাব্ বলেছেন এটা ঠিক ডাঃ রায়ের কাছে আমরা গিয়েছিলার, সেখানে তাঁর সংগ্র কথাবার্তা হয়েছিল। তানের বেতন সম্বন্ধে একটা বোঝাপড়া হয়ে গিয়েছিল। কিন্তু এখন পর্যম্ব তাদের এবিময়ে কোন বাবস্থা দেখতে পাছিল। মাধ্যমিক, প্রাইমারি ও আমাদের বিশ্ববিদ্যালয়ের যাঁরা শিক্ষক তাঁরা গিয়েছিলেন রাজ্যপালের সংগ্রে দেখা করতে। তাঁরা কছ সম্মানীয় আমাদের কাছে। তাঁরা গিয়েছিলেন রাজ্যপালের কছে তাঁদের দ্বংখের কথা জানাবার জনা। কিন্তু বড়ই দ্বংখের বিষয় তাঁদের সংগ্রাজ্যপাল দেখা করলেন না। তাঁদের যে আবেদন ছিল, যে স্মারকলিপি ছিল, অভিযোগ ছিল, তারও কোন উত্তর প্রয়ণত তিনি দিলেন না।

কলকাতার সমস্যা বিরাট সমস্যা, বহুদিন ধরে এই সমস্যা নিয়ে আলোচনা চলছে। থেটো-পলিটন বোর্ড হচ্ছে, তাতে কোটা কোটা টাকা খরচ হবে। এর ফলে যে লোক সেখানে উদ্বাস্তৃ হবে তাদের যে কি প্রনর্বাসনের ব্যবস্থা হবে এবিষয়ে আনরা এ পর্যাণ্ড পরিশকার জানতে পারিনি। সেদিক থেকে আমরা নিশ্চয়ই দেখছি পরিকল্পনা করা হয়, তার ফলে এজার হাজার লোক গৃহহান সর্বহারা হয়ে। পড়ে তার কোন ব্যবস্থা নাই।

আমার শেব কথা বের্বাড়ীর প্রখন। এই বের্বাড়ী সম্বধ্যে কোন কথা এ পর্যশ্ত আমারা রাজপালের ভাষণে কিছা পাইনি। কি অকস্থায় সেটা আছে ও এখন বের্বাড়ী কস্তাশ্তর জেন না করা হয়। দেখতে পাচ্চি পশ্চিমনগোর সপো পাকিস্তানের যে সমানা রয়েছে, সেই সমুস্ত সমানত অঞ্চল অনবরত পাকিস্তান থেকে হামলা করা হচ্চে এখানকার গব্-নাছ্র, সমির ক্সন্ত ইতাদি লুঠপাট করে তারা নিয়ে যাছে। এর জন্য এই সরকারের তথ্য থেকে কোন চেণ্টা নাই প্রতিকার করবার বা প্রতিরোধ করবার।

এই কর্মাট কথা বলে জানাবো আমি রাজাপালের বন্তব্যকে আদৌ সমর্থন করতে পারীছ না।

Shri Sushil Kumar Dhara:

মাননীয় অধ্যক্ষ মহাশর, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর বে ধনাবাদ প্রশ্নতাব উত্থাপন করা হরেছে, আমি তাকে ঐকান্তিক সমর্থন জানাছি এবং সেই ভাষণের উপর বিরোধীদলের নেতা শ্রী বস্ এবং প্রীহেমন্তকুমার বস্ যে ভাষণ দিলেন, সেই সম্পর্কে এবং তাঁদের বিরূপ কটাক্ষ সম্পর্কে আমার করেকটি বস্তব্য নিবেদন করছি। অফারণে বিরোধীদলের নেতা বিগত নির্বাচনের প্রসাণ টেনে এনেছেন। সেই প্রস্পা থেকে আমার একটি হাসির ছোট্ট গদশ মনে আকছে। সেটা ঠিক ক্ষম্প নর, একটি কাছিনী। গত সাধারণ নির্বাচনের সমন্ত্র যথন আমি বিভিন্ন জারগার নির্বাচনের হারে বেড়া আরুলার, তখন কোন এক জারগার বেতে বেতে

स्थाट পেলাম पूर्णि ছেলে মারামার করছে। আমার সেটা দেখতে মজা লাগলো, আমি সেখানে সাইকেল থেকে নেমে পজ্লাম। আমি মেতে ছেলে দুটি পরস্পরের কাছ থেকে দুরে সরে গেল এবং ওদের মধ্যে দুর্বলতর ছেলেটি দুর থেকে শক্তিমান ছেলেটিকে শকারে ও বকারে গালাগালি করতে লাগল। বখন ঐ শক্তিমান ছেলেটি বললো যাব একবার, করেকঘা বাসরে দোব, তখন দুর্বল ছেলেটি মুখ থেকে ঘুলু ফেলে দিয়ে বললো থু। বিরোধীদল নেতা নির্বাচনের সময় যে প্রতিশ্রুতি বিভিন্ন জারগার বিভিন্ন আকারে দিয়েছিলেন বিকম্প সরকার গঠন সম্পর্কে, তা প্রেণ করতে পারলেন না বলে আজ ঐ দুর্বল ছেলেটার অভিনয় করছেন বিধান সভায় দাঁড়িরে পাতলের কথা তিনি বারে বারে উল্লেখ করেছেন। আমি বলবো গণতল্যের সবচেরে বাদ কেউ অমর্যাদা করে থাকে, সে হচ্ছে ঐ কমার্নিস্ট পার্টি।

[গোলমাল]

ভাদের মতবাদে গণতন্দের উপর ভিত্তি করে নয় এবং যে ভিন্ন রাষ্ট্র থেকে ধার করা মতবাদের উপর তাঁরা দাঁড়িরে আছেন সেই ভিত্তির উপর আমি বলবো গণতন্দ্র তাঁদের বিশ্বাস থাকা সম্ভবপর নয়। এর জনা অবশা তাহাদিগকে দোষ দিছি না। গণতান্দ্রিক পশ্বতির কথা উল্লেখ করেছেন আমাদের বিরোধীদলের নেতা। আমার জানা আছে গত সাধারণ নির্বাচনে করেকটা জনসভা যেভাবে তাঁরা ভেগে দেবার চেষ্টা করেছিলেন, সেটা আর যাই হোক গণতান্দ্রিক পশ্বতি নয়।

পাঁসকুড়ার মাননাঁরা প্রবা ম্থাজাঁর জনসভায় এবং তমল্কে মাননাঁর অজর ম্থাজাঁর জনসভার, মরনা প্রভৃতি জায়গায় মাননাঁর তর্ণকান্তি ঘোষের জনসভাগ্নিল তারা ভেগে দেবার আপ্রাণ চেণ্টা করেছিলে। তার পাশে তাদের যে ধর্নি উঠেছিল, তা খ্ব পরিচিত ধর্নি ইনকাব জিন্দাবাদ। আর যে পতাকা ছিল, তা হচ্ছে লালঝান্ডা। এই থেকে বোঝা যায় তারা কোন দলের লোক। তারা গণংশ্ব সন্বন্ধে যেসব কথা বলেছেন তা সবৈবি অসত্য এবং তাদের ম্থে তা মোটেই শোভা পায় লা। একটা মজার ব্যাপার এই যখন এইসব সভা তারা ভেগে দেবার চেষ্টা করেছিল, তখন জনতা তাদের রায় দিলেন, হাজার হাজার লোক যখন সম্ঘবন্ধ হয়ে ধর্মান দিলেন, আর কিছা করবার দরকার হয় নি, একট্ চোখ রাগ্যানিতেই কোথায় তারা মিলিয়ে গেল সম্ব্রের ফোনার সত্। তারপর দেখা গেছে এবিষয়ে আর বোশ কছা তারা করতে সাহস করে নাই।

আর টাকার কথা আপনার। উল্লেখ করেছেন আমার কাছে নজীর আছে

[noise]

Shri Siddhartha Shankar Ray: On a point of Order, Sir, I don't think honourable members here know that when a new member speaks there should be no interruption.

Mr. Speaker: He is a new member.

Shri Siddhartha Shankar Ray: Therefore I was saying, I would appeal to the members of the House that when a new member speaks no one should interrupt. After all, he is making his maiden speech in the House. We may not agree with him, but that does not matter; there should be no interruption.

Shri Sushil Kumar Dhara:

তারা :ভাটারদের বলেছেন আমাদের ভোট না দিলে ঘর জনুলিরে দেব। এইসব কথা বিরোধী-দলের অনেক নেতার মুখে জনগণ শুনেছেন। তার নজীরও আছে এবং পরে ঘরদোর জনুলিরেও তারা দিরেছেন—ময়না থানার, নন্দীগ্রাম থানার তার উদাহরণ আছে। আরো অনেক নাম করতে পারি অনেক দোকানপাট লুক্তপাট করা হরেছে নন্দীগ্রাম থানার। কারণ ভোটাররা কংগ্রেস পার্টিকে ভোট দিরেছে বলে। নারান ঘড়ুই বলে একজন বেহারা গরীব মানুষ—সে আগেরবার কমানুনিন্ট পার্টিকে ভোট দিরেছিল, এবার আর তা দের নাই বলে তার ঘর জনুলিরে দেওরা ইরেছে। সেটা হরেছে ভোটের পরে-এই করেক্দিন আগে মান্ত এই ঘটনা ঘটেছে। 14-30-4-40 p.m.]

আৰু একটা উদাহরণ আমি দিতে চাই, নন্দীগ্রাম থানায়, ব্যোমকেশ মাঝি, সে কম্মনিস্ট পার্টির ক্রমী ছিল, সে এখন আর তাদের নীতিতে বিশ্বাস না করে কংগ্রেসে যোগ দিয়েছে এবং কংগ্রেসের काक करताह राम करतकिमन आशा जात घर जाकां करत स्वक्षा दरा। आत काता करताह जात প্রাণ পাওয়া যায়। কংগ্রেস অফিস প্রভিয়ে দেওয়ার নজীরও আমি বলবো ময়না থানার পাওয়া গিয়েছে। কাজেই আমি এখানে বিরোধীনলের নেতার অভিযোগ সম্পর্কে নিশ্চিত এই দিয়েই প্রতিবাদ করতে পারি। আমি বলবে: যে এই সমস্ত সত্ত্বেও জনতার রায় কংগ্রেসের পরেও যদি বিরোধীদল বলেন যে গণতত্ত্ব নেই, এর পরেও যদি বলেন জনতা তাদের অনুক্রে, র্যাদ এর পরেও বলেন যে জনগণ কংগ্রেসকে চায় না, এর পরেও যাদ বলেন যে জনগণের ইচ্ছা কংগ্রেসের পক্ষে নেই, তাহলে ভূল বলা হবে। এবং আমি বলবো যে এটা অসতাই বলা হবে। আমি वनाया সাম্প্রদায়িকতা সম্বন্ধে যেকথা বিরোধীদলের নেতা উল্লেখ করেছেন, সেই সাম্প্রদায়িকতার যে ভেদ সূচিট করা হয়েছে, তার সূযোগ কমানিষ্ট পাটিই সবচেয়ে বেশি নেবার চেন্টা করেছে এবং কংগ্রেসের উপর যে অভিযোগ করা হয়েছে তা সবৈ ব অসতা। আমার ভাল করে জানা আছে যে আমাদের মেদিনীপুর জেলায় পাসকুড়া থানায় যিনি কংগ্রেসের প্রতিপক্ষ ছিলেন তিনি একজন মুসলমান, নাম ওমর আলী, এবং তার অনুক্লে প্রচার করতে াগয়ে কমানিস্ট নেতারা প্রক্রণা সভায় বস্কৃতা করেছেন, আলীগড়ের কথা উল্লেখ করেছেন, মুসলমান নারীর উপর অত্যাচার হয়েছে, এই রক্ষ অনেক কথা উল্লেখ করে তারা ম্সলমান জনতাকে ক্ষেপাতে চেণ্টা করেছেন। শ্রাহ্ তাই নায়, তার সপো সপো আরো বলেছেন, মৃসলমান জনতাকে উৎক্ষিণত করবার জন্য বলা োরছে, তোমরা মুসলমান, তোমরা মুসলমানকে ভোট দেবে না? শ্যামাদাস ভট্টাচার্য রাহ্মণ, হিন্দ্, তাকে ভোট দেবে আর মুসলমানকে ভোট দেবে না? এই কথা বার বার বলা হয়েছে। অত্তব আমি নিশ্চিত বলবো এই অভ্যাস, এই অসং প্রু কমত্নিস্ট পার্টিই স্বচেয়ে বেশী করে এবলন্দ্রন করেছে। শুধু তাই নয়, আমি তমল,ক এলাকার কথা জানি, সেখানে কমানিস্ট প্রা**র্থ**ী েবপ্রসাদ ভৌমিক, তার তরফ থেকে এই রকম প্রচার করা হয়েছে। আপনারা অনেকেই হয়ত জানেন যে তমলকে মহকুমা মাহিষা প্রধান জায়গা। সেখানে অনবরত বলা হয়েছে যে দেবপ্রসাদ ভৌমক মাহিষ্য, তাকে তোমরা ভোট দেবে না, আর ভোট দেবে রাক্ষণ অজয়কুমার মুখাজীকে? এই ভাবে প্রচার করে তারা ভোট কংগ্রেসের প্রতিকালে নিয়ে যাবার চেণ্টা করেছিল, কিন্তু এই সমষ্ট সত্ত্বেও আপনারা দেখেছেন রায় জ্বনতা দিয়েছে কংগ্রেসের অনুক্লে যার ফলে তমলুক মহকুমার প্রত্যেকটি আসন আজ কংগ্রেস পক্ষে চলে এসেছে। তারপর নৈতিক চরিতের অধঃপতনের কথা বলা হয়েছে। সেটা কুমানিস্ট পার্টিই অত্যন্ত বেশি করে করেছে। এবং আমি বলবো বহু জায়গায় মদ বাবহার করা হয়েছে এইজনা। আমি বলবো বহু জায়গায় আরো অতাত মনাায় নাঁতি অবলম্বন করা হয়েছে। জাতির নৈতিক চরিত্র অধঃপতনের দিকে নিয়ে যাবার চেন্টা তারাই করেছে। এবং এর জন্য দায়ী একমাত তারাই। এখানে বিরোধীদলের নেতা বে ্রং বলেছেন- অবশ্য আমি তাঁর কথা দিয়েই আমি তাঁর সমুহত চুটি দেখিয়ে দিছি। আমাদের বিরোধীদলের নেতা, তিনি একজন শ্রুণাভাজন নেতা বলেই আমার মনে হয়, তার সঞ্চো আমার এই প্রথম পরিচয়, তাকে আমি আমাদের দেশে একটা গান আছে "তোমার ফ্লেই তোমার প্তা মা" সে কথাই বলছি এবং তার কথার মধ্যে দিয়েই তাদের দোষ দেখিয়ে দেবার চেষ্টা করছি। মজার কথা, মাননীয় রাজাপালের ভাষণের উপর একটা বির্পে কটাক্ষ করেছেন বিরোধী-দলের নেতা। গোবর সম্বন্ধে বলতে গিয়ে তিনি বলেছেন যে। গোবর পরিডয়ে সার হয় না। अन्यत्मक विद्वाधीमतलत त्ने विद्वाश विद्वाश कराउ भारतम कार्य छोता थ गाणिक कार्यन मा. তাঁরা ত এই মাটির নাম উচ্চারণও করেন না, তাঁরা ত এই মাটিকে ভাল করে জানেন না, এ মাটির বা প্রয়েজন তা তাঁকা জানুনন না বলেই এইরসম কথা বলতে পারেন। এই মাটির বা সবচেয়ে বেশী প্রোজন তা হল নাইট্রোজেন। এই নাইট্রোজেন গোবরের মধ্যে যথেণ্ট ররেছে। এবং এই লাইটোকেন আরো বেলী নালের পোমানের মধ্য। আমি বলবো বাংলাদেশে বদি কৃষির উন্নতি করতে হর তাহলে নিশ্চিত গোনরের আশ্রয় নিতে হবে এবং কেমিক্যাল সারের চেয়েও তা সবচেরে সহজ্ঞতম এবং সবচেরে প্রকৃষ্টতম হবে। কাজেই গোবর সম্বন্ধে যাঁরা এইরকম সমালোচনা করেন তাঁরা বাংলাদেশের মাটি চেনেন না. এই কথাই আমি বলবো। আমরা যদি বলি আমাদের

ৰাংলাদেশের মাটিতে আমাদের যে সমসত রাসায়নিক সার দরকার, যে সমসত বৈজ্ঞানিক প্রতিষ্কা দরকার তা এখন পাচছি না অর্থের অভাবের জনা সেখানে আমরা গোবর বা গোমত বদি বাবহার করতে পারি তা করব। তাহলে সেটা কি অন্যায় হবে? রাজাপাল মহোদয়া তাঁর ভাষণে ১২৯ কথাই বলেছেন।

বিরোধীদলের নেতা শ্রীহেমণত বস্ব বেকার সমস্যার কথা উল্লেখ করে বলেছেন দেশের আথি ন উল্লেখ একেবারেই হর্মান। আমি বলি যদি আথিক উল্লাভ না হত তাহলে সিনেমা ঘরগালৈ কি করে ভাতি হয়। আমাদের স্কুলের ছেলেমেয়েরা এক পড়াশ্নার খরচ, বইয়ের খরচ অনেক করে, এ থেকে ব্রুঝা যায় দেশের আথিক উল্লাভ হয়েছে। এই বলে আমি আমার বছবা শেষ করেছি।

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that it does not depict the correct picture of the problems of the State."

মাননীয় স্পাঁকার মহোদয়, নির্বাচন সংক্রান্ত ব্যাপারে যেসব দুন্নীতির অভিযোগ কংগ্রেসের বিরুদেধ আনা হয়েছে সে সম্বন্ধে ভূরি ভূরি দৃষ্টানত দেওয়া যায়। কিন্তু এ সম্বন্ধে বিরোধী-পকের খ্রীজ্যোতি বস্মহাশয় এবং শ্রীহেমণত বস্মহাশয় বিস্তৃতভাবে আলোচনা করেছেন. স্তরাং এ সম্বন্ধে আমি আর কিছু বলতে চাই না। সন্নীয়া রাজ্পালিকা তার ভাষণে যে দ্ব'একটি কথা বলেছেন, যেটাকে নীতি হিসাবে দেখানর চেণ্টা হয়েছে- পশ্চিম বাংলাকে কোনাদকে নিয়ে যাওয়া হবে, কি ভার লক্ষা হবে এবং কিভাবে সেই লক্ষ্যে পেণীছাবার চেণ্টা করা হবে নে সম্বন্ধে তিনি কয়েকটি ইণ্সিত দিয়েছেন। সে সম্বন্ধে প্রথমে আপনার দুখ্টি আকর্ষণ করে আমি আমার বস্তব। শ্বুরু করব। তিনি বলেছেল যে আমাদের মুখা উদ্দেশ। হ'ল জনসাধারণের জাবিন্যাতার মান উন্নয়ন করা তাদের খাদেরে, ধন্দের, গাহের বাবদ্যা করা, চিকিৎসার ব্যবদ্যা করা এবং নিদ্নতম চাহিদাগালি পারণ করা। আর একটি তিনি বলেছেন তা হ'ল এই যে, শাতে দেশের যে ধনসম্পদ তা যেন মুখ্টিমেয় লোকের হাতে জমা না হয় এবং সেই ধনসম্পদ যাতে জনসাধারণের মধ্যে নাায়স্থাতভাবে বিতরিত হয় সেইভাবে কাজ করা। কিন্তু মাননীয়া রাজাপালিকার ভাষণের পরবতী অংশে আমি সেরকম একটা চিত্র কোথাও দেখতে रभुलाभ ना बार्ट करत अहा वला यात्र स्य वालाएमरमञ्जू क्रमभाधातलय आहा स्वरूप्ट अवर वालाएमरमञ् জনসাধারণের যে ক্রীবন্যান্রার মান সেই মান উলত হয়েছে এবং সঙ্গে সঙ্গে উল্টো দিকটা আমি দেখছি যে ধন বণ্টনের ক্ষেত্রে কোন নাায়ের বালাই নেই এবং মুখ্টিমেয় লোকের হাতে বাংলাদেশের ধনদৌলত গিয়ে জমায়েং হচ্ছে। জনসাধারণের অবস্থার কোন উল্লাত হয় নি-সরকারী পার-সংখ্যান দিয়ে সেকথা বলা যায়। আমাদের আয় বেড়েছে কিনা সে সম্বন্ধে যদি দেখি তাহলে দেখৰ পশ্চিম বাংলায় যখন প্রথম পাঁচশালা পরিকল্পনা শেষ হ'ল তখন দেখলাম আমাদের আয় শতকরা ৭ ৩ ভাগ বেড়েছে। কোন সময় ় না ধখন ভারতবর্ষে গড় আয় বেড়েছে শতকরা ১০ ২ ভাগ অর্থাৎ বাংলাদেশের গড় আয় ভারতবর্ষের গড় আয়ের তুলনায় কমে গেল। দ্বিতীয় প্রকিশনায় যেখানে ভারতবর্ষের গড় আয় হ'ল ১৮.৪ তথন বাংলাদেশের গড় আয় দাঁডাল শতকরা ১২ ভাগ।

[4-40 -4-50 p.m.]

অর্থাং ভারতবর্ষের গড় আয়ের পরিমাণ যে হারে বেড়েছে সেই হারে বাংলাদেশের গড় আয় বাড়ে নি। এর সপো সপো আর একটা কথা মনে রাখতে হবে সেটা হচ্ছে এই ভারতবর্ষের মধ্যে বিভিন্ন রাজ্য এমন আছে যেখানে গড় আয়ের উপর তাদের আয় বেড়েছে। সৌদক খেকে বলি বিচার করি তা হলে বাংলাদেশের আয় যে বাড়ে নি এটা স্বভাবতই মনে হবে। আমি পরিসংখ্যান থেকে বলছি যে, পশ্চিম বাংলায় ৪৬১ টাকা মাথাপিছ্ গড় আয়। বাদ এই ৪৬১ টাকা ঠিক ব'লে মনে করি তা হ'লে সেখানে দেখতে হবে ভারতবর্ষের মধ্যে শিলপপ্রধান অঞ্চ ছিসাবে কলকাতা এবং সৈই কলকাতায় ধনকুবেরদের আয়ের পরিমাণ নিশ্চয়ই বৌল। এথেকে লোটা প্রামণি বাংলার চিত্র বোঝা বাবে না। বাংলাদেশের আয়ের অবস্থাটা ব্রক্তে হলে কৃবিরজ্মের এদের আয় কি সেটাই বলা উচিত। তা হলেই স্পন্ট হরে উঠবে আমাদের দেশ কোছায় আছে; এই ১৪ বংসরে আমরা কতট্কু এগিরেছি সেটা বোঝা বাবে। আমাদের দেশে

কৃষি-মন্ত্র যারা জমির উপর নির্ভরশীল—প্রতাক্ষভাবেই হোক আর পরেক্ষিভাবেই হোক—ভাবের হছে শতকরা ১৫ ভাগ। সেই কৃষিমজ্বরের ১৯৫০-৫১ সালের বাংসরিক আর ছিল ১৫২ টাকা, আর ১৯৫৬-৫৭ সালে সেই আর সামানা কিছু বেড়ে ১৫০-৯ টাকার এসে দাড়িরেছে। তার মানে হছে মাসে ১২॥০। আর সেই সপো যদি আর একটা হিসাবের দিকে তাকাই তাহলে দেখব ১৯৫০-৫১ সালে কৃষি-মন্ত্র শ্রেণীর খণের বোঝা ছিল ০২-৯ টাকা আর ১৯৫৭ সালে তার পরিমাণ বেড়ে দ্বিগ্র্মছ। এখন ৬৯-২ টাকা খণের বোঝা এসে দাড়িরেছে। এই-ভাবে সামগ্রিক বাংলাদেশের জনসাধারণের আয় বেড়েছে কিনা দেখতে হলে দেখব আর তাদের বাড়ে নি। ম্কিমম করেকজন লোক যাদের হাতে কলকারখানা আছে, বাদের হাতে বড়ু বড় বার্সা আছে, যারা বিভিন্ন বিষয়ে ফাটকাবাজি করে, চোরাকারবার করে, আর অভি ম্নাফা স্বীকার করে তাদেরই আর অনেক বেড়েছে। সপো সপো সাধারণ মান্বের আর বিশেষ করে দ্বাম্লোর বাজারে দিনের পর দিন, বংসরের পর বংসর কমে কমে বছেছ। এই অবস্থা আমাদের প্রথমে লক্ষা করতে হবে যে, সাধারণ মান্বের আরা বাড়ে নি। বাংলাদেশের গড় আর কিছ্টা বাড়লেও সেখানে সাধারণ মান্বের উপবার হয় নি।

এবার কৃষির দিকে তাকান। যে-কোন অর্থনীতির কথা হচ্ছে যে, কৃষি, বাবসা এবং শিল্প এই ৩টা বিষয়ে সামলসাবিধান করে অর্থনীতি এগুবে, অর্থনীতি কিভাবে পারকাল্পত হবে সেঠাও ঠিক হবে। সেই কৃষির দিকে ভাকালে দেখা যাবে যে, সেখানে ভূমি সংস্কার আইন হয়েছে: অথচ ৬-৭ বছরের মধে। আমরা দেখলাম যে এখনও পর্যভিত যে জামগুলি সরকারের হাতে বর্তেছে সেগুলি ভূমিহীন কুষ্কের মধ্যে বিলিবাটোয়ার। করার কোন বাক্থা হ'ল না। শুধু তাই নয়, বি'লবাটোয়ারা করা তো দ্রের কথা, কি পরিমাণ ভাম উদ্বৃত্ত দাঁড়াবে ডাও রাজ্সরকার এখনে। পরিকারভাবে বলতে পারেন নি। এই উপ্রত্ত জাম এখনও পর্যালত বহু অসাধ: ভামদাররা বেনাম ক'রে রেখেছেন। চাবাগানের অবস্থা আপনারা সকলেই জানেন। সেখানে চাবাগানের যে উদ্বাস্ত জমিতে বছরের পর বছর ধান হয়েছে, দ্বিতীয় মহাযাদেশর বহ আগে থেকে সেখানে ধান তৈরি হ'ত। আমরা মান করেছিলাম যে, সেইসমন্ত জাম খাস ক'রে নেওয়া হবে এবং সেই খাস জাম সংলগ্ন চাষী এলাকার চাষীদের মধ্যে বিলিবাটোয়ারা করা হবে। কিল্ড তা হ'ল না, বরং অনেক চাবাগানের আলিক সেই আবাদী জামকে বাঁশবাগান হিসাবে পতিয়ানে দেখিয়ে দিলেন বা অনেক জুমিকে আবার শ্রামক বসতি হিসাবে দেখান হ'ল। তারপর কমিটি, কমিশন ও এক্সপার্ট কমিটি বসানোর জনা চাবাগান মালিকদের তরফ থেকে ভাষণ চাপ আসতে আরুভ হ'ল। সেই কমিশন বসল এবং বসার পর কি পারমাণ জাম চাবাগানে উদ্বন্ত হিসাবে পাওয়া যাবে সেটা এখন পরিক্ষারভাবে বোঝা যাচ্ছে না। অনাদিকে সেইসমুস্ত খাস জাম যা ১০(২) জাম বা উদ্বান্ত জাম তার প্রজা বা চার্যী দাইদিক মার থেতে আরম্ভ করল। তাদের পাটা দেওয়া বা জুমি বাবস্থা দেওয়া হল না। সেখানে তাদের ক্ষাতপ্রণ দেবার জন্ম যাধা করা হ'ল। তারপর সেই জুমি আবাদ করার জনা লাইসেন্স তাদের দেওয়া হ'লে। অনাদিকে মাণের হার। ভোতদার -যাদের অধীনে তারা প্রজা ছিল। তারা জোর করে জীমর ধান রাখতে দাগল। ঠিক এইভাবে আমরা দেখতে পাচ্ছি যে, এই বাংলা সরকার ষেভাবে তাঁদের নাঁতি শরিচালিত করছেন তাতে বাংলাদেশের বিভিন্ন গ্রামাণলে এশানিত থেকে যাছে। এইভাবেই भिषा याटक या, वाश्नामितमञ्जू शामीन कीवतात या हित । स्थापन या कि मानावस्थात मासा सामावस মান্য দিন কাটায় তার কোন ছবি - তার ভাষণে আমরা পেলাম না। জলনিকাশের বাবস্থা, अठवानच्या हेटापित पिटक यीप टाकान टा इटल स्थारन एथरनन ह्य, कटकश्रींल नृष्ट्छम स्नाह পরিকল্পনা নিশ্চয় হয়েছে, কিল্ড সেইসব পরিকল্পনা সাধারণ চাষীদের কল্যাণে আসছে না বরং হিতে বিপরীত হচ্ছে। জলকর এইসব এলাকায় বেড়ে গেছে, যার জনা সেটা সাধারণ চাষ্ট্রীর উপর বোঝার মত হয়ে দাঁড়িয়েছে। অনাদিকে বহু এলাকায় যেখানে বৃহত্তর সেচ পারকল্পনা হয় নি निषाल एकाउँ वा मार्काद स्कीम निरम्न स्मान भवितकस्थान कहा वा नमीनामा स्थान स्टालमस्म स्मान সংম্লিকে সংস্কারসাধন ক'রে জলসেচের ব্যবস্থা আজ পর্য'লত হল না। এর ফলে বিভিন্ন দারগার আবাদবোগ্য জমি জলের অভাবে পড়ে আছে এবং ফলনও কমে বাচ্ছে। এই অবস্থার ভেতর দিরে আমাদের গ্রামীণ সমাজ বা কৃষিবার্যস্থা চলছে।

[4-50-5-10 p.m.]

বাংলাদেশের কৃষিব্যবস্থার ভাষণ অরাজকতা চলেছে, সেই অরাজকতা দ্রে করঅর জন্য আইনমত পর্যাপত ব্যবস্থা গ্রহণ করার মত দ্যুপদক্ষেপও এ রাজাসরকার নেন নি। কৃষিমজ্বের কথা আমি আগেই বলেছি। প্রস্পাত, আবার বলাছ যে, কৃষিমজ্বের অবস্থা বাংলাদেশে বরাবরই অবহেলিত হয়ে চলেছে। মিনিমাম ওয়েজেস কোন কোন জায়গায় ঠিক করে দেওয়া হয়েছে, কিন্তু সেটা কাগজেপতেই আছে, ফলে সারা বছর কাজ না থাকার দর্ন এবং বিশেষ করে কর্মসমস্যা ভাষণভাবে বেড়ে ধাবার দর্ন কৃষিমজ্বের উপর আঘাত পড়ছে। দুঃখের বিষর এ বিষরের কোন উল্লেখ রাজ্যপাল মহোদয়ার ভাষণে পেলাম না।

Sir, before I conclude I must thank the Governor for her message of congratulation and for welcoming us to this House. Sir, her touching reference to her five and a half years' stay in this State, when she shared with the people of West Bengal their joys and serrows, their hopes and tears, brought back to my memory the days when, as a young student, I had flocked to hear the Nightingale of India, the illustrious mother of our present Governor. Sir, wherever the Governor goes after her present assignment is over, I am sure the people of West Bengal will cherish her memory with reverence and admiration.

Thank you, Sir.

Shri Bala: Lal Das Mahapatra:

Sir. I beg to move that the following be added at the end of the address in reply. viz.:

"But regret that— -

- (ক) প্রাথমিক শিক্ষা বাধ্যতাম্লক করার জনা কোন কার্যকরী বাবস্থার উল্লেখ নাই:
- (খ) বয়স্ক শিক্ষার স্ট্রু ও বাপেক ব্যবস্থার স্বারা সচেতন ও দায়িত্বশীল নাগরিক গঠন প্রয়াসের কোন উল্লেখ নাই;

- (গ) জেলা শিক্ষা বোর্ড গানিব প্রাথমিক শিক্ষকগণকে ক্ষমতাসীন দলের স্বার্থে পরিচালিত করার শিক্ষা ক্ষেত্রে ও সমাজ জীবনে যে বিপর্বার দেখা দিয়াছে তাহার প্রতিকারের কোন উল্লেখ নাই;
- (ঘ) দরিদ্র কৃষক ও শ্রমিক পরিবারের অর্ধভূক, অনশনক্লিণ্ট বিদ্যান্রাগী ছালছালীগণকে সমাজের মঞ্গলের জন্য খাদ্য, বন্দ্র, প্ৰতক ও বেতন ইত্যাদি স্ববিধ স্থোগস্বিধা দানের ব্যাপক পরিকল্পনার কোন উল্লেখ নাই;
- (৬) শিক্ষক সমাজের সামাজিক মর্যাদার কথা বিস্মৃত হইয়া ক্ষমতাসীন দলের বহু শিক্ষকের দ্বংখ দারিদ্রোর স্থোগ লইয়া তাঁহাদিগকে অবাঞ্চিত কার্বে বাবহারের ও তাহার প্রতিকারের বিষয়ে কোন উল্লেখ নাই:
- (5) ১৪ বংসর বয়স্ক ছাত্রছাত্রীদের জন্য অবৈত্রনিক শিক্ষা বাবস্থার আশ্বর্তন শ্বারা সংবিধানের প্রতি আন,গতা প্রদর্শনের কোন উল্লেখ নাই:
- (ছ) ছাত্র ভর্তি সমসার দ্বারা শিক্ষা ক্ষেত্রে যে সংকট স্ভিট হইয়াছে তাহার কার্যকরী প্রতিকার বাবস্থার কোন উল্লেখ নাই:
- (জ) ক্রমবর্ধমান নিতা ব্যবহার্য দ্রবাম্লা বৃদ্ধি ও বেকার সমসাার দ্বারা সমাজ জীবনে যে অর্থনৈতিক বিপর্যায় সৃণিট হইয়াছে তাহার প্রতিকারের জনা কোন স্কৃচিন্তিত পরিকল্পনার উল্লেখ নাই:
- (ঝ) আবলদেব ভূমিহান কৃষক ও কৃষি মজ্বেদের মধ্যে সরকারের খাস জাম বিতরণের কোন স্নির্দিত পরিকল্পনার উল্লেখ নাই:
- (এঃ) দরিদ্র কৃষক সমাজকে ঋণভার হইতে মৃত্ত করিয়া এবং কৃষি উৎপাদনে সর্বপ্রকার স্থোগ স্বিধা দান করিয়া খাদা সমসা। সমাধানে বালঠে কৃষক সমাজ গড়িয়। তোলার কোন স্ঠেই পরিকংপনার উল্লেখ নাই:
- (ট) অবহেলিত স্দার পল্লী অঞ্লে দরিদু জনসাধারণকে স্কিকিংসার ব্যাপক স্যোগদানের কোন পরিকল্পনার উল্লেখ নাই
- (ঠ) সমাজের সর্বস্তরে ব্যাপক দ্নীতি বিস্তার লাভ করিয়া সমাজ জীবনকে এমনকি শাসন যক্তকে দুত অবনতির পথে টানিয়া লইয়া যে উদ্বেগজনক পরিস্থিতির স্তি করিয়াছে তাহার সত্ব প্রতিকারের উপায় সম্পর্কে কোন উল্লেখ নাই।"

মান্ত্রীয় স্পাক্তির মধাশ্য, আভাকে ও দিন ধরে রাজ্যপালের ভাগণের উপর বহয় আলোচন। হয়েছে। আলার বস্তব্য হচ্চে যে, স্বকারণি প্রচাব পরের দিক থেকে যদিও এর মধ্যে কোন চ্রাটি নেই, কিন্দু সাধারণ মানাকের দিক থেকে এতে আশা ও আকাখ্যার কোন বাণী দেখতে পাই না এবং সেই জনা অনি হতাশ হয়েছি। জননীয় বাজাপাল তাঁর নিজের ভাষণের মধ্যে জনসাধারণের জীবনের মান উন্মানের কথা এবং তার সংখ্যা সংখ্যা তাদের খাদা, বস্তু, শিক্ষা, চিকিৎসার সন্ধােগ এবং নিমন্ত্র চাহিলাগ্লি প্রেণের কথা বলেছেন। কিল্ড সমস্ত ভাষণাটি যদি আলোচনা করি, তাহলে দেখি তে, এই নিম্নতঃ, দাবী পারণ যার কথা তিনি বলেছেন এবং যার সংখ্যা শতকরা ৮০ জন লোক জড়িত রয়েছে, তার জন্য এমন কোন পরিকংপনা তিনি দেন নি, বা এমন কোন আখার বাণী শোনান নি, ষাতে করে ঐ দরিদু, নংন এবং রুংন লোকদের স্থিতাকারের একটা স্বোক্থা হতে পারে। তিনি সমাজতান্তিক বাবস্থার কথা বলেছেন, কিন্তু সেটা একেবারে হাসির বাপোর। কারণ গত ১৪ বছর ধরে কংগ্রেস যে অবস্থার মাঝখানে দেশকে রেখেছে, তাতে সমাজতাশিক ধাঁচের কথা বলার কোন অথই হয় না। আমি জিজ্ঞাসা করি, তিনি নিজে যেভাবে থাকেন, যেভাবে খাওয়া-দাওয়া করেন এবং যে বেতন নেন সেই তুলনায় তাঁর সাধারণ কর্মচারীরা কুটটুকু পায়। আহাত ছনে হয় সেই খবর যদি তিনি জানতেন তাহলে এইসব কথা এখানে বলতেন না। আসল কথা হল বাঁরা এই ভাষণ তাঁকে লিখে দিয়েছেন তাঁরা এমন উ'চ তলায় থাকেন যে সাধারণ মান্বের কথা ভাবতে পারেন না। স্যার, তিনি বেতন নেন ৫ হাজার টাকা, রাষ্ট্রপতি বেতন নেন ১০ হাঙ্গার টাকা এবং তাঁরা ফেভাবে থাকেন অর্থাৎ তাঁদের জাবুনের মানের সপ্যে বাদ সাধারণ

মানুষের জীবনের মানের তুলনা করি তাহলে দেখা যাবে যে আকাশপাতাল তফাৎ রয়েছে। তাই ভাবি যে, এই ভাষণ যাঁরা তৈরি করেছেন তাঁরা বাস্তবের সপো কোন সম্পর্ক না রেখে এটা তৈরি करहार्ष्ट्रन, रकन ना आकरक राथात्न क्रिक्नाङ्ग-म्यानाइत्रा ५-४ ग्रेका माहेरन शाख्यात यरन ना খেয়ে দিন কাটায়, সেখানেই দেখাছ যাঁরা গভর্নমেন্ট পরিচালনা করেন তাঁদের জনা হাজার হাজার ोका वाम कता राष्ट्र । कारखरे कथा राष्ट्र स्य, জনসাধারণের সাত্যকারের অবস্থা যদি ভাবতে হয়. জানতে হয় তাহলে এই উচ্চ শিখরে বসে ভাষণদান করলে চলবে না—্যতক্ষণ পর্যন্ত সাধারণ মানুষের মধ্যে না আসবেন ততক্ষণ পর্যান্ত জনসাধারণের অবস্থা ব্রুতে পারবেন না। গান্ধীজী একবার বলেছিলেন যে, "জনসাধারণকে যদি ব্রুতে হয় তাহলে দ্রের পল্লীগ্রামে ষেতে হবে। অবহেলিত জনসাধারণ, বণ্ডিত জনসাধারণ এবং শোষিত জনসাধারণের কথা না ভাবলে সাধারণ মানুষকে জানা থাবে না।" কাজেই এই দীঘা বা রাইটার্স বিশিভংস-এ বসে ভাষণ তৈরি করলে সাধারণ মানুষকে জানা থাবে না। স্যার, এই ভাষণের মধ্যে কিছুই নেই বা তাঁরা কিছুই क्रत्रहम मा जा वर्लाह मा - २ । अपि देशिनासातिः करलकः, २ । अपि समवास थामात टेर्जत हरव ठिकरे। কিন্ত শতকরা ৮০ জন লোকের কি বাবস্থা হবে অর্থাৎ কি করে তারা থেতে পাবে. কি করে তাদের নিন্নতম দাবী মিটবে, কি করে দ্রবা মূল্য কমিয়ে দেওয়া যাবে, যাতে করে তাদের ক্রয়-ক্ষমতার মধ্যেই জিনিসপরের দাম থাকে এবং সেটা কি করে সম্ভবপর হতে পারে তার কোন কথাই এর মধ্যে বলা হয় নি। কাজেই আমার বন্তব্য হচ্ছে যে, যদি সতিটে জনসাধারণের মঞ্চল করতে চান বা তাদের কথা ভাবতে চান তাহলে এই রকম বক্ততা বা প্রোপাগান্ডা করলে কিছু হবে না--সত্যিকারের কাজ করতে হবে। স্যার, আজকে দেশের মধ্যে বড় বড় পরিকল্পনা কররে জন্য বাইরে থেকে যে হাজার হাজার টাকা দেনা করে আনা হয়েছে তার অধিকাংশ টাকাই চুরি হয়েছে এবং আমি বলতে পারি যে, বাইরে থেকে হাজার হাজার টাকা দেনা করে এনে তাঁরা দেশের মধ্যে কতকগ্নলো চোর স্থিত করেছেন এবং এইভাবে অর্থের অপচয় করছেন। এখানে আমার বন্ধবা হচ্ছে যে, বাস্তবের সংখ্যা সম্পর্ক রেখে এবং দেশের ক্ষমতা বুঝে যদি তাঁরা পরিকলপনা তৈরি করতেন তাহলে এই পরিকলপনা অনা রকম হোত। সময়াভাবের জনা আমি সমস্ত বিষয় আলোচনা না করে শুধু আর একটি গ্রুত্বপূর্ণ বিষয় আলোচনা করব। এ'রা গণতন্ত্র এবং গণতান্ত্রিক সমাজ বাবস্থার কথা বারবার বলেন এবং মাননীয়া রাজ্যপাল যথন প্রথম তার বন্ধতা শ্রেরু করলেন তথন বিশাল গণতালিক প্রথায় আমাদের নির্বাচন সমাণ্ড হয়েছে এই কথার উল্লেখ করেছেন। আমার বন্ধবা হচ্ছে যে, গণতান্দ্রিক প্রথায় নির্বাচন হয়েছে ঠিকই. किन्छ मिटे भगठनारक धर्मम करवार कना स्य यस्यमा हामास जार कथा अथारन काथार साथा আছে ? অর্থাৎ আমি জিল্লাসা করতে চাই এবং মন্ত্রীমহাশয় এর জবাব দেবেন যে, বর্তমান নির্বাচনে যে ২১ কোটি নরনারী ভোটাধিকার পেয়েছে তার মধ্যে কয়জন শিক্ষিত লোক আছে? আমার মনে হয় এই অশিক্ষিত নরনারী যারা আজও অজ্ঞতার অন্ধকারে ডবে আছে তাদের ন্বারা গণতক্ষের বিকাশলাভ হতে পারে না।

[10-10-10-20 a.m.]

আমি মন্দ্রীমণ্ডলীর কাছে এই প্রশেনর জবাব চাই যে সাত্যকার আশিক্ষত নিরক্ষর জনসাধারণকে দিয়ে কোন প্রকারে গণতন্তকে বাঁচান যায় কিনা? গণতন্ত আজ একটা ফাাশান হয়ে দাঁড়িয়েছে। গত নির্বাচনে আমরা দেখতে পেলাম যে জনসাধারণ প্রতীক চিহ্ন চেনে না, কোথায় ভোট দেবে জানে না; ফলে কেউ দেওয়ালে ছাপ মেরেছে, কেউ ব্রেথ ঢুকে জ্বোড়া বলদ খ'জছে, কেউ হয়ত সংকটা প্রতীকে ছাপ দিয়ে দিয়েছে, আবার কেউ বেড়া কেটে বেরিয়ে গেছে। এর জন্য দায়ী কারা? এর জন্য দায়ী সরকার যারা আজ ১৪ বছর ধরে জনসাধারণকে এই হান অবস্থায় রেখেছে। আজ আপনারা যে জনগণের জয়গান করেন সেই জনগণের সতিয়কারের অবস্থা কি? তাদের জন্য যদি সত্যিকারের আন্তর্গরিক চেন্টা থাকত তাহলে তারা শিক্ষত হতে পারত। ন্বিতীয় পঞ্চবার্যিকী পরিকল্পনায় এ০০ কোটি টাকা খরচ করে বড় বড় ইমারত তৈরি হয়েছে। কিন্তু প্রকৃত অবস্থায় আপনারা জনসাধারণের জন্য কি করেছেন? আমি সেজন্য বলি আপনারা যদি সত্যিতারের গণতন্তকে বাঁচাতে চান, গণতান্তিক সমাজ বাবস্থা প্রতিষ্ঠিত করতে চান, তা হলে লোকের শিক্ষার ব্যবস্থা করন। এরজনা বদি কোটি টাকার বরান্দ করতে হয়.

জর্বরী আইন পাশ কতে হয় তাহলে তা করতে হবে। যাঁরা বয়স্ক শিক্ষক তাঁদের এবং শিক্ষিত সম্প্রদারকে নিয়ে দ্ব' বছর বা তিন বছরের জন্য একটা স্পান কর্ন যাতে প্রত্যেক নরনারীকে আমরা জ্ঞানের আলোকে সচেতন করতে পারি। তারপর, প্রার্থামক শিক্ষা একটা দার্ণ বিপর্বরেশ মধ্যে আছে। তাঁরা বলছেন—তৃতীয় পঞ্চবার্যিক পরিকল্পনায় শতকরা ৮০ জনকে বাধ্যতাম্লক শিক্ষাক্ষেত্রে আনবেন। আমি সেদিকে মন্দ্রীমহাশরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথম শ্রেণীতে হয়ত একশো জন পড়ে, ন্বিতার শ্রেণীতে সেটা কমে হল ৫০ জন, তৃতীয় শ্রেণীতে হল ৫০ জন আর চতুর্থ শ্রেণীতে সেটা গিয়ে দাঁড়াল ১৫ জনে। এটা কেন হচ্ছে? এটা দারিদ্রের জন্য হচ্ছে। ছোট ছোট ছেলেমেরেরা দারিদ্রের জন্য লেখাপড়া শিশতে পারে না। দারিদ্রের জন্য বাপ-মা ছেলেকে স্কুলে পাঠাতে পারে না. বই কিনে দিতে পারে না, খেতে দিতে পারে না। সেকন্য গতন্মিনেট্র এ বিষয়ে বিশেষভাবে চিন্তা করা দরকার।

তারপর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের এই কংগ্রেস যে অবন্থায় এনেছেন তাতে এটা একটা চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। আজ প্রাথমিক শিক্ষকরা মনে করেন যে তারা কংগ্রেসের বা সরকারের প্রচার বন্দ্র। আমাদের মেদিনীপুরের দ্পুল বোর্ডের কথা আলোচিত হয়েছে। সেখনে যে সমদত শিক্ষক কংগ্রেসের তাবেদার না হবে, যারা কংগ্রেসের প্রচার কার্যে প্রতিপ্রতিনা দেবে তাদের চাকরি পাওয়া অসম্ভব। তাদের নিয়োগের ব্যাপারে, চাকরি বহাল রাখার ব্যাপারে কংগ্রেসের তোযামোদ করা ছাড়া উপায় নেই। কালকে অবন্তীবাব, বলেছিলেন যে আগের চেয়ে আমাদের শিক্ষাক্ষেপ্র উর্যাত হয়েছে। কিন্তু এই কি শিক্ষার উর্যাত যেখানে শিক্ষকের সম্মান মর্যাদা নন্ট করে তাঁকে কংগ্রেসের প্রচার যদের পরিণত করা হয়েছে? আজ শিক্ষকরা তাঁদেব চাকরি বজায় রাখবার জন্য অনেক অবাঞ্ছিত কাজ করতেও দিবধারোধ করেন না। আমি কয়েরকটি ঘটনা আপনার সামনে দেব। গত নির্বাচনের সময় শিক্ষকদের এমন কাজে নিম্নুত্ত করা হয়েছে যেটা আপনার হয়ত সংবাদপত্রে দেখেছেন, ডাঃ প্রফ্লাচন্দ্র ঘোষ, আমাদের সর্বাজন প্রভেগের একজন প্রাথমিক শিক্ষক; সুখীর দাস, তিনি এখানে বসে আছেন, তাঁর নির্বাচন কেন্দ্রে দেখা গেছে শিক্ষকর। ধ্রনি দিচ্ছেন—ভোট দেবে কাকে, না, কংগ্রেসকে। তারপর শিক্ষকরা বলছেন স্বারীর দাসের গলা (জোর করে বলছে) জ্বতোর মালা।

একদিকে শিক্ষকরা বলছেন সুধীর দাসের গলা, অন্যদিকে ছাত্ররা বলছেন জ্বতার মালা।

তারপর আমার নিজের কনস্টিট্নারেন্সির পাশাপাশি এলাকায় প্রাথমিক শিক্ষকরা প্রজা সোসালিট দলের কমণীদিগকে জব্দ করবার জন্য লাঠি নিয়ে তাদের ঘেরাও করা হয়েছিল। সৌভাগান্তমে সাধারণ লোকের হস্তক্ষেপের ফলে তারা রক্ষা পায়। এই সচ্ছে আজকে মেদিনীপ্রের প্রাথমিক শিক্ষকদের অবস্থা। যে কোন হীন কাজ করতেও তারা পিছপা নয়। কারণ তারা জানে আজ যদি কংগ্রেসকে সন্তৃষ্ট করতে না পারি তাহলে আমাদের চাকরি থাকবে না। এই শিক্ষকরা যদি রাজনীতির কল্ম থেকে মৃত্ত না হয়, তাহলে আমাদের দেশের কোন মণ্গল হবে না, আমাদের সমাজের কোন মণ্গল হবে না।

Shri Lakshmi Ranjan Josse: Sir, I move that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that no mention is made of any measure taken up or planned to be taken up with a view to offering alternative employment to hundreds of persons thrown out of employment and/or to repair the economic damages done to the general public of Kalimpong consequent to the complete and sudden break-down of trade relation with Tibet".

Mr. Speaker, Sir. my address today will be on unemployment. Of course, many speakers before me have addressed this House on the very subject. Unemployment is a very big problem in India, in fact, all over the civilised world and this unemployment is more acute in this State than anywhere else. This has been amply proved by the various speeches that have been made in this House, viz., the calamity of the unemployment

situation. Of course, unemployment is not a thing that can be eradicated in a year or two or by one stroke of pen. It is an evil that must have to be fought. But in the Governor's speech we find no reference to this colossal problem, the problem of problems in this State. I am really surprised how this problem has not called the attention of the Governor. I am not referring now to the general unemployment, but what is uppermost in my mind today is the unemployment obtaining in my own constituency of Kalimpong. It is not of the general type, but of a type which is different from what is obtaining here or elsewhere.

Today the wool trade in Kalimpong is the backbone of economy in Kalimpong without any exaggeration. Mr. Speaker, Sir, let me explain why I have called it the backbone of economy. Every ounce of wool that was produced in India was diverted to Gangtok and was eventually brought to Kalimpong. The merchants have set up godowns there for certain rating and betting which facilities were not available in Sikkim. These godowns employed a large number of men and women, more women than men. But when the relation between India and China deteriorated and as a consequence when the trade relation between India and Tibet was broken down, hundreds of men and women were thrown out of employment. Thereafter a company called "Kalimpong Aerial Ropeway Company" was started in Kalimpong and the company worked for some time. That also went into liquidation, and a number of men and women were out of employment again. I don't blame the Government; I don't say that Government is responsible for the kind of breakdown in the relations between India and China or Tibet; but why should a number of men and women employed in a traditional form of employment for over quarter of a century be suddenly thrown out of employment in this way, particularly in a frontier region like Kalimpong? Nothing seems to have been done so far,

[10-20-10-30 a.m.]

Therefore, I have to suggest that instead of concentrating all the industries, whether ancillary or otherwise, in a small locality like Durgapur, some of the industries should have been spread out to North Bengal; those suited for the hills should have gone to the hill area and those not suited to the hills should have gone to the plains of North Bengal. North Bengal has been neglected as all my triends in this House have confirmed. Too much of concentration of industries in one locality is not a very wise thing, So it has been said, for various reasons. Firstly for security reason; secondly it leads to undue influx of population in a particular area which is not desirable; thirdly, by having all the industrial units in one corner of West Bengal the other parts of the State, or people living in other parts of the State like North Bengal do not get the chance of employment. Certainly, it is hard on the people living in North Bengal to go to Durgapur for seeking employment. Therefore, it is a very glaring omission, a very sad and unfortunate omission on the part of Governor to have dropped out such a problem of unemployment in this respect. I would request the Minister in charge of Industries to see that more industries, medium sized or otherwise, are opened in various parts of North Bengal, in the hills or in the plains.

I have read reference about cold storage somewhere in the speech. If the could storage could be opened in Siliguri where millions and millions of maunds of potato, oranges, pineapple and various other vegetables and fruits are stored and rot for want of wagons and other facilities, and if that cold storage could have at the same time a number of refrigerated vans to carry them to Calcutta it will mean immense gain economically to the people of North Bengal.

Shri Kanai Pal: I move that the following be added at the end of the address in reply viz.:

"But regret that-

- (क) রাজ্য পরিচাধনার সকল বিভাগে বাংলাভাষা ব্যবহার করার সরকারী ঘোষিত নীতি সত্ত্বেও এ ব্যাপারে আজ প্রশৃত কি কি ব্যবস্থা করা হইয়াছে এবং অতঃপর কত্দরে কি কবা হইবে তাহার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।
- (খ) পশ্চিম বাংলার প্রচিনিতম ও প্রধান কুটির শিলপ ও বয়ন শিলেপর ধরংস রোধ কলেশ কোন সরকারী বাবস্থার উল্লেখ এই ভাষণে নাই।
- গে) দেশের হ্বাধনিতা সংগ্রেমের আজীবন একনিষ্ঠ কর্মী ও নেতাদের দীর্ঘ কারাবাসের পরও তাহাদের অহিলাদেব মুক্তি দেওয়ার কোন নীতির উল্লেখ এই ভাষণে নাই।
- (ঘ) সরকারের খোষিত নীতি সত্তেও তৃতীয় পরিকল্পনাকালে সকল বালকবালিকাগণের বাধাতামূলক তানৈতািকে প্রাথমিক শিক্ষা দেওয়ার কোন পরিকল্পনা এবং আজও দিক্ষা প্রশেতভাক্কগণের সনুযোগের চরম অভাব প্রণের কোন বাবস্থার উল্লেখ এই ভাষণে নাই।
- (৩) প্রবিংগ হইতে আগত সকল উদ্বাদতুদের প্র প্রবিসনের বাক্থার উল্লেখ এই
 ভাষণে নাই।
- (চ) মুসলিম পরিভার গ্রে ও সম্পত্তিতে উন্ধাস্তু বসবাসকাবীগণের সম্পর্কে সরকারী প্রতিশ্রতি পালিত না হওয়ায় উভয়পক্ষই নিড্মিশত ও ক্ষতিগ্রুত হইতেছেন। এ সম্পর্কে কে ন উল্লেখ ভাষণে নাই।"

মাননীয় অধ্যক্ষ মহাশ্য আমি একজন নব নির্বাচিত সদসা, খ্র সাধারণ মানুষ, বাস্তার লন্ম। কিন্তু জানি না এটা আপনাদের খবে দ্রভাগা কি না যে আমার বিদাা, বৃষ্ধি, জন খ্র সাধারণ এবং সাধারণ লোকদের প্রতিনিধি তাই বোধ হয় হাঁসের মধ্যে বকের মত অসার অবস্থা। প্রথমতঃ এই হাউস সম্পর্কে আমার থাব ভাল ধারণা ছিল। কিন্তু আ**জকে** এখানে এসে লক্ষ্য বর্জি, গণতন্ত উনতন্ত্র প্রভতি বড় বড় বাকাই বল। হচ্ছে, কাজের কিছুই হছে না অন্মার পক্ষে এটা খবে খারাপ লোগেছে। আমি কাগডপতের মাধামে নেপালবাবরে অনৈক স্কাম শ্রেছি সে গণ্ধ অনেকদ্র পেশছেছে। কিন্তু সব তীব্র গণ্ধই ভাল না। ছ'্চোর গন্ধে নান্য নাকে কাপড় দেয়। মাননীয় স্পীকার মহাশয়, আমি নবাগত আমি প্রথম এসে বলেছিলাম, অপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে, বাংলাদেশের এসেন্বলিতে বাংলায় সমসত কার্য চালান ইচিত এবং এই আশু আমার কাছে রোধ হয় দুরাশা হবে না। একথা যথন বলি তথন নেপালবাব, প্রথম ধর্নি তুলেছিলেন "এটা কেডা" এবং আমার ভান দিকের বন্ধাণ্য এবং তারপর বা দিকের থেকে বন্ধারাও তাঁদের সমবেত যোগ দিয়েছিলেন। কিল্ড সেটা যে ভদুতাসমত ধর্নি তা বলে আমি মনে করি না। এটা সকলেরই জানা থাকা উচিত। আজ বিরোধী পক্ষ থেকে সকলেই সাম্থ সমালোচনার কথা বলেছেন এইভ বে কোন সংস্থ সমালোচনা হতে পারে বলে আমি মনে করি না। আমি ছোট লোক, অমি সাধারণ লোকের প্রার্থনিধ। আমি যে পার্টির তরফ থেকে এসেছি তাও সাধারণ। আজকে বামপুশ্বনি ক্ষুদ্রের সাহায়ে। ১-৪ মিনিট বলবার স্থোগ পেয়েছি তাই আমার প্রথম বলবার কথা বাংলাভাষা। দিবতীয়তঃ আমার এলাকা শাণিতপুর ও তার পাশ্ববিতী অঞ্জা। বাংলাদেশে প্রধানতঃ কৃতির শিলেপর মধে। তাঁত শিলেপই প্রধান। তাঁত শিলেপই অধিকাংশ লোক জীবনযাথা নির্বাহ করে এবং কৃটির শিল্পের মধ্যে অন্যান্য শিল্পের যে অবস্থা তাতে তাঁত শিলপই কৃতির শিলেপর ধনুজাধারী। এই জন্য কংগ্রেস সরকার যে ব্যবস্থা অবসম্বন করেছেন এবং যে প্র<u>ছরে</u> চালিয়ে যেভাবে ভাদের সাহাষ্য করা হচ্ছে তথাকথিত স*তাহ পালন করে, সে সম্পর্কে আমি বলতে চাই। আমি বলতে চাই আমার এই সীম না এলাকার সেখানে বাস্তুহারাদের বাস অধিকাংশ এবং যারা ভদুভাবে কেউ জীবনযাতা করতে পারছে না। চুরি, জুরাচুরি, দুনীতির উপর নির্ভার করে। এমন কি মা বেনেরা চোখের সামনে দিবালোকে আছবিক্তর করে **জীবিকা** নির্বাহ করতে বাধ্য হচ্ছেন। সেই সপো সপো বলতে চাই, আমার এলাকার মুসলমান ভাই বাদের ঘরবাড়ী বাস্তৃহারারা দখল করে রয়েছে এবং আমার মনে হর বাংলাদেশের পক্ষ খেকে একথা বলা হয়েছে যে সকলেই ঘরবাড়ী পেয়ে গিয়েছে। কিন্তু অনেকে পার নি এবং তারা নিজেদের জমি থাকা সত্ত্বের গাছতলায় বাস করছে, তারা নিজেদের জমিতেই মজনুরী খাটছে। সেই জমির খাজনা তারা বহন করছে। সেখানে আজ অত্যন্ত খারাপ অবস্থা, কি মুসলমানদের কি বাস্তৃহারাদের সে সম্পর্কে আমি বলতে চাই। কিন্তু বলবার স্বোগ আমাদের বিশেষ নেই এবং স্কুশ্ব সমালোচনা চান কিন্তু তার জন্য আমার ডান দিকের বন্ধারা যে আমাদের ২ 18 মিনিট সময় দেকেন, তা দেবেন না। যদি তা দিতেন তাহলে স্ক্র্থ সমালোচনা করার স্ব্যোগ পাওয়া যেতে।

[10-30-10-40 a.m.]

মাননীয় স্পীকার মহোদয়, যে ভাষণ গভর্নরএর কাছ থেকে আমরা পেরেছি সেটা দেখিছ ইংএাজীতে: আমি জানি না তিনি বাংলাভাষা জানেন কিনা। কিল্ড যে বাজেট পেস করা হয়েছে সেটাও ইংরাজীতে। আমরা জানি না মুখ্যমন্ত্রী বাংলা ভাষায় তার মনোভাব ভাল করে প্রকাশ করতে পারেন কি না এবং বাংলা যতটা জানেন তার চেয়ে ইংরাজী বেশী জানেন কি না। এটা वारमाप्रात्मव क्यारमञ्जली, आमदा मत्न कवि या वाश्माली शरा वारमाভाषा ना जाना स्माउटेर शोवतव বিষয় নয়। তাই বলব বাংলাভাষায় তাঁর বক্ততা করা উচিত ছিল। তারপর দেখছি আমাদের আমেন্ডমেন্ট থেকে আরুভ করে এয়সেন্বলীতে কত বই খাতাপত সাংলাই করা হয়েছে সং ইংরাজীতে, কেবল দুইটি ভাষণের বাংলা কপি দেওয়া হয়েছে। বহু ইংরাজী শব্দ বাংলা ভাষার অব্যতর্ভন্ত করা হয়েছে সেটা আপনারতে জানেন আমরাও জানি। কিন্ত কথা হচ্ছে যে বাজেট পেশ করা হয়েছে সেটা ইংরাজীতে কেবল করা হয়েছে। কিল্ড এই আইন সভায় একটি আইন পাস করা হয়েছে যে মিউনিসিপ্যাল এলাকায় জনা বাজেট সেটা সেই প্রদেশের ভাষায় সারকলেট করতে হবে। কিল্ড এই আইন সভায় সেই আইন চাল, রাখবার কোন চেণ্টা নেই। যেথানে र्वाधकाश्म लाक देश्ताको द. त्यन ना प्राथात देश्ताकोट वात्कर मातकला कता. ठात छे पत ৰক্কত। করা এবং ডিসিসন নেওয়া ঠিক বলে মনে করি না। এখানে এখনও স্টেট বাস সর্বত ইংরাজীতে লেখা আছে। এখানে পায়খান। খ'জতে গিয়ে অনেকে লেভার্টার কথাটা দেখে পিছিয়ে আসছেন। দেখেছি হাজার হাজার লোক লাইন দিয়ে ট্রামে বাসে উঠবার জন্য দাঁডিয়ে আছেন, জিজ্ঞাস; করছেন কোন বানে উঠবেন। তারা বাংলা ছাড়া আর কিছু জানেন না। তে 'সিম্ধান্ত নেওয়া হয়েছে বাংলাভাষকে স্বীকৃতি দেওয়া হয়েছে, তাকে অবিলম্বে কার্যকরী করার প্রয়োজন ছিল। কিন্ত আজু রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ দেখতে পেলাম না। সেথানে যে অবস্থ, দাঁডিয়েছে তাতে আমুরু দেখছি আজকে যদি দেশের উন্নতি করতে হয় তার প্রথম পর্ত হচ্ছে, বাংলাভাষায় সব কিছু চাল, করা। প্রথিবীর যতগালি দেশ উল্লত হয়েছে কোথাও দেখবেন না তারা বিদেশী ভাষার কংহারে উল্লভ হয়েছে।

Mr. Speaker: Mr. Pal, you are a newcomer. I have given you sufficient time. Now you stop please. Shri Sankardas Banerjee will now speak.

Shri Sankardas Bandyopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মহামান্য রাজ্যপালের ভাষণ সমর্থন করতে উঠে কতকগ্নিল কথা বলব। এখানে যে সমসত সমালোচনা হয়েছে তার মধ্যে একটা জিনিস আমার খ্ব অন্তৃত্ বলে মনে হয়েছে। কুমাগত ইলেকশানএর কথা উঠেছে কোন দল কত দ্বলীতি করেছে, কি করে তারা নির্বাচনে লয়ী হয়েছেন এরই তরজা হয়েছে আর কিছু হয় নি। আমি আপনার মাধ্যমে এই বিধান সভার সভাদের কাছে বলতে চাই যে, এটা তো আলোচা বিষয় নয়। আমি জানতাম আলোচা বিষয় হচ্ছে সরকারের হো শীতির কথা তিনি ইণ্যিত করেছেন তার ভাষণে সেই নীতি সমর্থনি কর। যায় কিনা এইটেই বিবেচনার বিষয়। পরস্পরকে নানাভাবে গালিগালাজ করাটা বিবেচা বিষয় নয়। আমি জানতাম আমার একজন বন্ধ্ এখনও তাকে বন্ধ্ বলে জানি—বিরোধী দলের নেতা জোতিবাব, তার বথেও অভিজ্ঞতা আছে বিধানসভায় কি কি আলোচনা করা উচিত

সে বিষয়ে, তিনি শিক্ষিত মান্য যদিও আইন তার পেশা নয়, তব, আইনজ্ঞ। তিনি তো জানেন এই বিধান সভায় যখন রাজ্যপাল কোন ভাষণ দেন সেই ভাষণ দেবার উদ্দেশ্য কি এবং ভাষণের বিষয় নিয়ে তীর আলোচন করা নীতিগত ব্যাপার; কিল্তু গত নির্বাচনে কি কি দুনীতি অনুষ্ঠিত হয়েছে এটা তো আলে।চনার বিষয় নয়। এটা শুধু অবান্তর নয়, এটা অপ্রাসন্থিক বলে মনে করি। আজকে আমাদের দলের অনেকে জ্যোতিবাবরে ভাষণের পর মনে করলেন একটা খবে কড়া জবাব দেওয়া বিশেষ দরকার। আমি তা মনে করি না। অপ্রাসন্থিক আলোচনার আবাৰ জবাব কি? জোতিবাব, বলেছেন যা সেখানে আমার বন্ধব্য এই যে যদি কোন সভা দুর্নীতির আশ্রয় গ্রহণ করে থাকেন তার প্রতিকারের বাবস্থা তো আছে। আইনের মধ্যে আছে, ইলেকশন পিটিশন কর্ন, করে তাকে সভাপদ থেকে অপসারিত কর্ন। পরস্পরকে চোর বলা क काथाय होका भारत के कथा विमान कान भारत इस ना। छेख्य मरमान होका अन्तर করেছেন, আমার বন্ধরাও করেছেন। কমিউনিন্টদের মধ্যে আমার বন্ধ্য নাই একথা আমি বলতে পারব না: এই কলকাতা মহানগরীতে বিভিন্ন দল কিভাবে টাকা খরচ করেছে সেটা আমরা জান। কালকে জ্যোতিবাব, তার ভাষণে বলেছেন আমি তার ভাষণাট পড়ে দেখেছি নতুবা কিছ. दलाल? তिनि त्रार्थ जैरेटन वलावन भारक त्रवाव, वास्क कथा वलाइन। তिनि वरलाइन शान कटक পোটোর লেখা আর ইস্তাহার ছাপাটে এবং সেগালি রাস্তার এধার থেকে ওধার পর্যাত টানাতে কত টাকা খরচ হতে পারে? তাতে কি এত টাকা দরকার হয়? তাঁরাও তো প্রাণপন লড়াই করতে চেণ্টা করেছেন। এবার আনেকে হেরে গিয়েছেন, আনেকে জিতেছেন ভালই তো। এতে তে ক্ষতিকর কিছু দেখি না। দেশের মানুষ জাগুত হয়ে উঠেছে তারা ভোটের মর্য্যাদা দিতে শিংখ্যছ তারা জেনেছে কি করা উচিত এবং কি করা উচিত নয়। আগে বিধান সভায় বহুবার **শ্রেম্ভ শিক্ষিত সম্প্রদায় কম্মিন্ট পার্টিকে। সমর্থন করেন। শুধ্র প্রামে আমরা কৃষকদের** ভাওত: দিয়ে নিজেনের প্রভূত্ব বঙার রাখি। এবার কি ঠিক সেই জবাব পেরেছেন? আমরা জানি গ্রামে কম্মনিন্ট পাটি জিতেছেন, কিন্তু শহরে কম্মনিন্ট পাটি বহু, সীট হারিয়েছেন। তাতে কিছা যায় আসে না।

[10-40-10-50 a.m.]

एक एको करत्रहरून, भुछाई करत्रहरून, अर्जाञ्च शर्याहरून। किन्दु करूट भाषाभाषि प्रवाद कान আবশক আছে বলে আমি মনে কটি না। বিশেষ করে, আজ যে কাজের জনা আমরা এই বিধান সভায় উপস্থিত হয়েছি। অর্থাৎ রাজাপালের ভাষণ সম্পর্কে আলোচনা করা -তা আলোচনা না করে ইলেকশনের কথা আলোচনা করা আমি মনে করি সম্পূর্ণ অবাদ্তর ও অপ্রাস্থিক। দ্বিতীয় কথা এই ভাষণ পড়ে আমার খার আনন্দ হল। আমি কোলকাতার সদস্য নই, আমি তেইটু ফণ্ডল থেকে এসেছি। কাজেই আমি দেখৰ যাদের আমি প্রতিনিধিত্ব করি, যারা আমাকে ভোট দিয়ে পাঠিয়েছেন ভাদের উন্নতির জন। কি করা হয়েছে এবং সেটাই আমার পক্ষে সবচেয়ে বেশী আনরের জিনিস হবে। আমি দেখেছিলাম যে দিবতীয় পরিকল্পনায় মাত্র ৮০৫৬ কোটি টাকা হরেছিল কৃষির উল্লয়নের জনা, কিন্তু এবার দেখলাম বে উল্লয়ন ও খাদ্যোৎপাদনের জন্য ৩৭-১৮ কোটি টাকা খরচ হবে। এটা অতাস্ত আনন্দের কথা যে তৃতীয় পরিকল্পনা যদি আমরা ভালভাবে করতে পারি তাহলে আমানের নিতা যে খাদা সমস্যার সম্মুখীন হতে হয়, সেটার সমাধান হবে। আমি যদিও এই ভাষণ সমর্থন কর্রাছ তব্তুও সরকারকে ২।৪টি কথা বলতে চাই যার ইপ্পিত আমি এই ভাষণের মধ্যে পাই নি। আপনানা কৃষক্ষের প্রকৃত উন্নতি যদি চান তাহলে কতকগালি জিনিস করা একানত প্রয়োজন। প্রথম হাচ্ছে কৃষকদের জনা একটা ব্যাৎক করা দরকার নকৃষি ব্যাৎক। আমরা র্লেখ অনেক সমরে ভালবৃদ্টি হলেও দেশের মধ্যে সব সূবিধা থাকা সত্তেও কৃষকরা চাষ করতে भाराह ना . किन्दु रूकन भारताह ना स्त्रियों अकरों, प्रभारताह प्रभारताह ये अत स्ना अर्था छाउँहै একমাত কারণ। গর্মরেছে, লাগাল নেই, এইসব কেনবার পয়সা তাদের নেই। কিম্বা একটা দর্ঘটনা হরেছে, বা বাড়ী পড়ে গেছে: এবার অনেকগালো সেরকম দেখে এলাম। আবার দেখলান অনেকের জমি পড়ে আছে অশা করছে বে লোন পাবে, কিল্ডু সেই লোনের টাকা আসতে আসতে চামের সময় পার হরে গেছে। যথাসমরে বদি টাকা না পাওয়া যায় তাহলে কৃষকরা কাজ

করতে পারে না। আবার দেখি যে যখন বাঁজ এল তখন বাঁজ বপন করার সময় শেষ হয়ে গেছে। সন্তরাং এখন বাবস্থা কর্ন যাতে যথাসময়ে টাকা, বাঁজ, সার কৃষকদের দােরে পেঁছায় এবং তাহলেই ভালভাবে চাব হবে এবং দেশের অবস্থা ভাল হবে। আমি নিজে চাষ করি, কাজেই এ সন্বশ্য আমার একট্ অভিজ্ঞতা যাছে। সয়েল টেস্টিং স্টেশন আমানের বাংলাদেশে কোথাও হয় নি। আমরা জানি না কোন জমিতে কি খাদা আবশ্যক। আমরা যতট্কু সাধামত পারি কিছ্ন গোবর জমিতে দিই, কিছ্ন সন্পার ফসফেট দিতে কিছ্ন চেন্টা করি, কিছ্ন লাইম ব্যবহার করি, এমোনিয়াম সালফেট বা হাড়ের গান্ডা ব্যবহার করি। কিন্তু কোন জমিতে কি আবশাক্ষেটা আমরা কেউ জানি না। আমি আপনার মাধামে তাই সরকারকে অনুরোধ করব যে আমরা যে এত টাকা বায় বরাণ করছি এর সামান্য টাকা দিয়ে যদি একটা সয়েল রিসার্চ স্টেশন করি তাইলে কেন জমিতে কি আবশ্যক সেই মত সার কৃষকরা তাদের জমিতে ব্যবহার করতে পারে। আমরা দেখতে পাই আভাকে বাংলাদেশে এমন একটা চায়ের বাগান নেই যারা সয়েল টেন্ট করায় না। স্তেবং এখন যদি একটা এই রকম হয় তাইলে তারা তাদের কাছ থেকে বাবস্থাপত নিয়ে গিয়ে সেইমত চাষবাস করতে পারে।

কাজেই এটা একা•ত আবশ্যক জিনিস এবং বৈজ্ঞানিক যুগে না থাকার কারণ আছে বলে আমি মনে করি না। আমি পশ্চিম বাংলা সরকারকে প্নঃপ্নঃ বলবো যে আপনারা এ জিনিস কর্ন।

আর একটা হিনিস নির্নাচনের সফ্র খাব ভালভাবে দেখতে পেয়েছি। গত বছর পাট হয়েছিল ১০০ ঢাকা দৰে। কুষকৰা অনেক টাকা পেয়েছিল। তারা সেই প্রলোভনে পড়ে যে ভাষণায় পটে লাগাত তার ১০ গুল ভাষণায় পাট লাগিয়ে ফেলল। কিন্তু তারপর দেখল পাটের আর সে রক্ষ দায় নাই। যথন কুষ্করা দেখল পাট কাচার জনা আডাই টাকা তিন টাকা মজরী দিয়ে পাওঁ কাচিয়ে বহা, কণ্ট পরিশুনে পাট তৈরি করে কোন লাভ হচ্ছে না, তথন দেশে কাল্লা উঠল, কেন্দা দেশে পাটের দাম কমে গিয়েছিল। অবশ্য আমাদের বিরোধী বন্ধারা দেলাগান তলেছিল "পাটের দর নাই" "কংগ্রেসের ভেণ্ট নাই"। সে কেলাগ'ন দেওয়া সত্তেও তাদের কতদার উপকাৰ হয়েছে তা আমি ভানি না। এনেক ভায়গায় ব্যুৱাতে হয়েছে যে আবশাকের চেয়ে যদি বেশি হৈথি বর ১৯লে এই সমস্বাধ সাম্যন উপনীত হতে হবে। আমি পশ্চিমবুজ্য সরকারের সামনে একণা বলবে যে নিগলৰে ১বলার দেশে যতটা পাট হাওয়া উচিত, তাডটাই সেখানে হাওয়া উচিত। এটা স্বকার বিক্রেন। করে আলে থেকে নিদেশি দেওয়া উচিত, তা না হলে এই বক্ষ সমস্যা প্রেংপ্রং আমাদের সামনে একে দাঁড়ারে। আমরা কোন প্রতিকার করতে পারব না। একথা বলার কোন অর্থ হয় না যে এ জিনিস আমাদের হাতে নাই এটা কেন্দ্রীয় সরকারের হাতে। इर्ष्ट भाग्य এने रक्तर्याय भवकारत्य द्वारत, किंग्छ अने आसारमंत्र रूपेने-अव समस्रा। अदे প্রদেশেকী সমস্যা ধর্ম তথ্য সেইস্ব সমস্ত্র সামনে এসে দাঁডিয়ে তার প্রতিকারের চেটা निकारोडे कराउँ हारत्।

আর একটা কথা, আমি আমাদের খাদামালী মহাশার এবং মাখামালী মহাশারের গোচরীভূত করতে চাই। সেটা হচ্চে এবার হঠাং নির্বাচন কেন্দ্রে গিয়ে আমি শানতে পেলাম যে কেন্দ্রীর সরকার থেকে নাকি নির্বোধ এমেছে যে আখ যা কাশে রূপ বলে গভনামেন্ট বলেন সেটা নাকি ১০ পারসেন্ট কম বাবে ব করার জন্য মিলের উপর নির্দোশ দেওয়া হয়েছে, কারণ মিলে অনেক চিনি জমা হয়ে গোছে। কিন্তু ভ্রমণদের অবস্থা দেখান। আখের মিলের মানার গ্রামে গ্রামে গায়ে বলেছে ভাল করে আখ লাগাও, আমরা সব কিনে নেব এখন কেন্দ্র থেকে হঠাং নির্দোশ এসেছে; সেন্টার থেকে যদি এই নির্দোশ এসে থাকে তাহলে তারা ১০ পার সেন্ট কম আখ কিনবে। এখন হঠাং মানার কি করবে? এখানেও নিরন্ত্রণ দরকার। আমাদের প্রবেদশিক সরকারতে দেখতে হবে কিভাবে কার্টা উৎপান করা দরকার। এটা আমাদের একটা ভয়ানক চিন্তার বিষয় হয়ে দাডিয়েছে।

তৃতীয় জিনিস অমি দেখতে পাই আমাদের কিছু টাকা থরচ করা দরকার রিসার্চ এ—কিন্স কিভাবে পাট কাচা যায়। আমি দেখি রাস্তার ধারে ধারে, নালার জলে, কাদার মধ্যে পাট কাচে, চতুদিকৈ দুর্গন্ধ হয়, মশা হয়, গ্রামের লোকের স্বাস্থ্য খারাপু হয়। একবার, অনেকদিন আগে বোধ হয়, মুখ্যমন্দ্রী মহাশয় বলেছিলেন, এই উদ্দেশ্যে সরকার কিছ্ টাকা খরচ করবেন, কি করে সহজে পাট কাচা থায়। কি ব্যবস্থা হয়েছে জানি না, কিল্তু এ বিষয়ে বিশেষ কিছ্ শানি নি। আমি সরকারকে বলবো এ'রা যেন এসব দিকে লক্ষ্য দেন। শান্ধ ভাল বীজ দেব জাপানী প্রথা নেব, ভাল সার দেব, শান্ধ একথা বলা চলবে না। আরও অনেক কিছ্ করার আমাদের আছে, সেশালিও আমাদের চিন্তা করতে হবে।

তারপর যে প্রশন সরকারের গোচর ভূত করতে চাই সেটা হচ্ছে প্রাথমিক শিক্ষা। আমি আমার নির্বাচনী সফরে বলেছি যে আমরা প্রায় ২৮ হাজার প্রাথমিক বিদ্যালয় তৈরি করেছি, নিশ্চয়ই তৈরি করেছি, খ্ব সতর্ক হয়ে বললেও আমরা ৮২ হাজার মাণ্টার নিয়ন্ত করেছি। শ্বতে বড় চমংকার কাজ হয়েছে, শ্ব্ সমালোচনা করলে চলে না। স্কুল করা হয়েছে নিংসন্দেহ, শিক্ষক নিয়ন্ত করা হয়েছে এটা নিংসন্দেহ, হাজার হাজার ছাত্রছাত্রী আজ পড়তে অসছে এই নব ভারতে এটা নিংসন্দেহ।

[10-50—11 a.m.]

দেশে আজ একটা জাগরণ এসেছে এবং সকলেই চাচ্ছে যে, তাঁদের ছেলেমেয়েরা লেখাপড়া শিখ্ক, সমাজে প্রতিষ্ঠিত হোক এবং বড় হোক। কেন চাইবে না? এটা তাঁদের দাবা, এটা তাঁদের প্রাপা। িক্ত জনগণের সেই দাবী আমরা স্বটাই পূর্ণ করতে পারছি না। গুত্রুল রাল্রে আমি ভাব-ছিলাস যে, ভারতের সংবিধানে আমর। কি প্রতিশ্রুতি দিয়েছি। আমরা সংবিধানের আটি**কেল** ১০-এ এই প্রতিশ্রতি দিয়েছি যে ১০ বছরের মধ্যে আমরা ভারতবর্ষের নিরক্ষরতা দূরে করব। এটা এবশা সত্যিই করতে পারি নি, কিল্ডু চেন্টায় যে কোন চুটি হয় নি সেটা অবশাই বলব। আমানের শিক্ষামন্ত্রী হরেনবাবা এখানে বসে আছেন এবং আমি তাঁর সামনে খাব উচ্চু গলাতেই বলর যে, বাংলাদেশের শিক্ষা প্রচারের জনা তিনি যা করছেন তা খুবই প্রশংসনীয়। তবে আজ যাবন তিনি এই বিধান সভায় উপস্থিত রয়েছেন তখন আমি তাঁকে আর একটা বড কথা বলব--অবশা আমি জানি সে দিকে ভার লক্ষ্য আছে যে আরও অধিকতর লক্ষ্য রাখা যে দরকার সে বিষ্ণার কোন সন্দেহ নেই। তারপর, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিয়ান্তের ব্যাপারে আমাকেও অনেক সময় রিকমেন্ড করতে হয় তাই আমি যতদরে জানি তাতে দেখছি যে কোন রকমে বক ঠেলে যে থাড় ডিভিসনে পাশ করেছে তাকেও আমরা ৭০॥ টাকা মাইনে দিয়ে প্রার্থামক শিক্ষক করে দিছি। কিন্তু চাতুরা পাবরে পরই তিনি রেগে আগ্নে। কেনানা তাঁর পরিনে এত কম। উপের এথাৎ চাকুরী পাবার পর দেখেছি তিনি বামপূরণী হয়ে গেলেন এবং শুরুরদাস বান জারি বিরোধীতা করতে লাগলেন। যা হোক, আজকে বস্তুতা প্রসংখ্য জ্যোতিবাব, বলেছেন ে. বিফিউটা শিক্ষকদের উপর এই রুশ্মভাবে জোর দেখান হয়েছে যে তোমরা যদি কংগ্রেসের কাজ না কর ভাষ্ট্রল তে মানের ট্রান্সফার করা হবে, প্থানান্তরিত করা হবে, চাক্রী যাবে ইত্যাদি। িকতে একথা ঠিক জেনতিবাৰ, রাগ করবেন না - যে ৰামপ্ৰথাদের যদি কেউ সমর্থন করে **থাকে** উত্তরে তা প্রথমিক শিক্ষকরাই করেছে। সারে আমরা যথন ছেলেমান্স ছিলাম তথন দেখেছি প্রথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাইনে ছিল ৪ টাকা। আজ বিদ্যা বাড়ে নি, কিন্তু **মাইনে** েড়েছে এবং আমি নাম করে বলতে পারি যে, তেহটতে কিছাই ২তে না। সেখানকার মাণ্টার মহাশ্যা দলির কাছ করেন এবং জামা-কাপড় সেলাই করার পর যেট্রু সময় অবসর পান সেই-^{টুকু} সময় পড়ান। অথচ এই বিধান সভায় গলা কাঁপিয়ে বস্তুতা করা হচ্ছে যে, শিক্ষকরা না **খেতে** পেন্রে একেবারে মরে যাছে। আমি আনুকে বিধান সভার সভাদের একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে, কোলকাতায় বসে ১০৮ টাকা মাইনে পাওয়া ভাল না নিজের গ্রামে বসে ৭০ টাকা রেভগার করা ভাল? কোনটা বেশী? সাার, একটা বিপুল দেহ যার আছে তার পেট ভরান যায় কিন্তু তাদের এই পেট কেউ ভরাতে পারবে না, কেন না রাজনৈতিক পেট কখনও ভরান यह ना। यातात प्रकात कथा এই या, ১ भवना हो। इन वाएला वर्षान वापाएत प्रावट वानरवन। যা হোক, আমি বলছি যে, যেভাবে চলছে সেটা চলতে থাক কিন্তু উপযুদ্ধ শিক্ষক আনবার চেন্টা কর্ন। থাড' ডিভিসনে পাশ করকে কাগজপত্র দরুকত হয় কিন্তু উপযুক্ত শিক্ষক হয় না। কাজেই আমি সরকারের কাছে অন্রোধ করব যে আমাদের এমন কতগালি ট্রেনিং কলেজ করা দরকার বেখানে গিয়ে প্রাথমিক শিক্ষররা প্রথমে ভালভাবে শিক্ষা গ্রহণ করবে এবং তারপর

ছেলেদের শিক্ষা দেবে। আমরা যে ৮২ হাজার মান্টার লাগিরোছি তার মধ্যে কয়জন উপযান্ত লোক আছে সেটা আপনারাই বিচার করনে। আমি গ্রামের সপ্সে সংযোগ রাখি, গ্রামকে ভালবাসি তাই আমি চাই যে প্রাথমিক শিক্ষা দেশে ছড়িয়ে পড়ক, এবং সেই জনাই বারেবারে শিক্ষা বিভাগকে বর্লাছ যে তারা আরও উপযুক্ত শিক্ষক নিযুক্ত কর্ন যাতে ছেলেমেরেরা উপযুক্ত শিক্ষা পায়। আনি দট্যাটিসটিক্সের কর্তা নই কিন্তু আমাদের এখানে কতক সভ্য আছেন ধারা স্ট্যাটিসটিক স ছাড়া বলতে পারেন না-এত পার্সেণ্ট অমুক, এত পার্সেণ্ট তমুক ইত্যাদি। কিন্তু সাধারণ চোখে আমরা কি দেখতে পাই? আজ কাল একটা কালা শনেতে পাই যে বড় লোকরা আরও ব ড হয়ে গেল, গরীবরা আরও গরীব হয়ে গেল। এই যে কামা এর চেয়ে মিখ্যা কথা এর চেয়ে সতোর অপলাপ আমি দেখি নি। কথা হচ্ছে, আজকে গ্রামে যান, দেখবেন কত গরীব লোকের হাতে রিষ্ট ওয়াচ। গ্রামে যান, দেখবেন সামান্য একটা মিটিংএ ১ শ' খানা বাই-সাইকেল বেরিয়ে যাবে। পলাশীর বাজারে সামান্য একটা মনিহারী দোকানে আমি জিজ্ঞাসা করলাম. তোমাদের এখানে কত দামের সানান আছে? সে বললে ১২ আনা পর্যন্ত। আমি বলি বাবহার করে? সে বললে খুব। আমি বলি কারা? সে বললে স্থানীয় লোকেরা। আমার এলাকার আমার বিমূদের বলতে জ্যোতিবাব, হীরেন মুখাজী, হরেকৃষ্ণ কোণ্ডার গিয়েছিলেন। সেখানে গিয়ে তার। এই পর্লুজবাদী মানুষের বিরুদেধ বিষোশ্যার করেছিলেন। জ্যোতিবাব্ বস্তুতা প্রসংগ্র বর্লোছলেন যে সরকার এক টাকা সের আলা করে দিয়েছে। এখন কথা হচ্ছে, প্রত্যেক গরীব লোকের গায়ে জামা দেখতে পাই আজকে পলাশীর বাজারে ৩টা জ্তার দোকান। আজ ৬০ বছর ধরে গ্রামের সংগ্র আমার সম্পর্ক। গ্রামের লোকের উন্নতি হয়েছে কিনা আমি জানি। ভতিতা মেরে কিছু করতে পারবেন না। আমি গ্রামে গিয়ে শুনলাম যে কমিউনিন্টরা বলেছে যে আমর। গদি পেলে গর্মাব ভূমিহীন কুমককে জমি দেব। বাউড়ী বলে একটা গ্রামে আমি গেলাম ম্সলমান গ্রাম, ৪ শো ঘর মান্স--গিয়ে বললাম, তোমরা কত আছ? বললে ৪ শো ঘর মান্য আমরা আছি। আমি বললাম কত ঘর ভমিহীন? বললে ২ শো ঘর ভূমিহীন আর ২ শো ঘবের জমি আছে। তথন আমি বললাম ৬ বিঘা করে মোট ১২ শো বিঘা জমি আমি দেব, কোথায় জমি আছে আমাকে দেখিয়ে দাও। তারা বললে হ'্জার জমি তো নেই। (ভয়েস ফ্রম অপজিশন বেশুঃ আপনাকে কি তারা হ'কুর বলে?] হাাঁ, আমাকে তারা হ'কুর বলেই ডাকে যেমন কমিউনিণ্ট পার্টির লোকদের তাল কমরেড বলে। এইভাবে মান্যকে বিদ্রান্ত করে কিছ; লাভ হয়েতে কি? দেশে প্রচার করা হয়েছে যে তোদের মুরগীর উপর ট্যাক্স হবে, ভোদের টেকি, প্রতি গাছের উপর টাব্রে হবে। আমি বললাম এবা সকলে সব জানেন আর তোদের প্রতিনিধি শংকরবাবা কিছা জানেন না! মান্য বাঝতে পেরেছিল যে এই সব বলে তানের ভাওতা দেওয়া হচ্ছে, বিদ্রান্ত করা হচ্ছে। জুম্মার দিন শ্রুবার যেদিন নামাজ হয় সেদিন সাম্প্রদায়িকভাব হাওয়া তলে বলা হরেছিল যে নাড়ীর সংগ্রার সংযোগ সেই ম্সেলমানকে ভোট দেওয়া তোমাদের কর্তবা। এর চেণ্টা করেও হয় নি। মান্ধের বিচার শক্তি আছে, জ্ঞান আছে, ভাওতায় তারা বিদ্রান্ত হয় নি, এটা সতা।

[11--11-10 a.m.]

আর একটা কথা বলব —আমি যখন দেখলাম কিভ'বে পোর্টফোলিও ভাগ হয়েছে, তখন আমি দেখলাম নাছের পোর্টফোলিও পোর্টফোলিও 'অব ফিসারিজ মুখ্যমন্দ্রীর হাতে। দেখুন, আমি সমুদ্র মাছ ধরার বাগোর জানি না। কিন্তু আমাদের দেশে মজা পুকুর বা আছে তাতে যদি ৫ হাজার কি ১০ হাজার টাকা খরচ করেন, তা হলে সেখানে বংসরে ৫ থেকে ১০ লক্ষ্ণ মাছ তৈরি হ'তে পারে, বিশেষ তার জন্ম চেন্টা করতে হবে না। তখন মুর্লাকল হয়, আইন বের ক'রে ফেলা হয় যে আইনে বাধা আছে। কি বাধা আছে? আমরা তা আইনের কাজ করি। আমরা ব'দ জমিদারী তুলতে পারি, লান্ডের সিলিং করতে পারি, তা হলে আমরা কি আইন করে বাংলাদেশের মরা পুন্করিগীগুলি উত্থার করতে পারি না? আমি আইনজ্ঞ, আমি কিছু জানি, এই সম্পর্কে আইন প্রণয়ন ক'রে এটা করা সম্ভব। এবার উপযুক্ত পাতে বোলা হল্ডেই মধ্যা দণ্ডরের ভার, আমাদের মুখ্যমন্দ্রীর উপর নাল্ড হরেছে। আমি তাকৈ অনুরোধ করব বাংলাদেশের মানুষ গ্রামের মানুষ আজ মাছ থেতে পারে না, বে ক'রেই হোক

এর প্রতিকারের বাকত্থা আপনি কর্ন। মাছ ছাড়া বাণগালীর আর খাবার নাই। আমি মনে করি এটা বিশেষ দরকারী জিনিস। আমি মুখামন্দ্রীকৈ বলব, এ বিষয়ে চিন্তা করে এমন একটা পরিকন্পনা গ্রহণ কর্ন যা অচিরেই কার্যকরী করা হবে। উনি যেন দয়া করে সেটা করেন।

আমার সময় হয়ে গেছে। আমি মাননীয় স্পীকারের নির্দেশ মেনে ধন্যবাদ জানাছি আর একটি কথা ব'লে। রাজ্যপাল তাঁর ভাষণের শেষভাগে বলে গেছেন, এটা তাঁর বিদায়বাণী। আমি যঞ্চন দ্ব' বংসর বিধানসভার অধ্যক্ষ ছিলাম, তথন তাঁর সংগ্য পরিচিত হবার স্ব্রোগ হয়েছে। তিনি এসে—আমি একথা নিঃসন্দেহে বলতে পারি যে, তিনি বাংলাদেশের খ্বই ভাল কাজ করেছেন। তিনি সহ্দয়তার পরিচয় দিয়েছেন, দণ্ডকারণ্যে গিয়েছেন, বানের সময় তাঁর অস্ত্থ শরীর নিয়ে দেশের বহু স্থানে পরিভ্রমণ করেছেন। তিনি যে বিচক্ষণতার সহিত রাজদণ্ড পরিচালনা করেছেন, বাংলাদেশের শাসন যেভাবে চালিয়ে গেছেন তার জনা আমি তাঁকে আমার আশ্তরিক ধন্যবাদ জানাছি শ্ব্ব আমার তরফ থেকেই নয়—বোধ হয় প্রত্যেকের তরফ থেকেই বলতে পারি।

আর একটা কথা বলতে চাই, তাঁর যে ভাষণ তা আমি সম্পূর্ণ সমর্থন করি।

[11-11-10 a.m.]

Shri Syed Abul Mansur Habibullah: Sir, I beg to move that the following be added at the end of the address, in reply, viz.:—

- "But regret that in the address of the Governor the following matters have not been mentioned—
 - (a) failure of the Government to assure proper and fair returns to the cultivators for their crops specially money crops on the one hand and failure to supply them seeds and manures like oilcakes, etc., at fair and reasonable prices on the other hand;
 - (b) failure of the Government to supply cannot water in time, i.e., from 1st July leading to bad harvest and failure to repair syphons, sluice gates, etc., leading to flooding of standing erops;
 - (c) serious situation created in Mayurakshi and Damodar Canal areas by the attempts of realization of irrigation taxes at exorbitant rates;
 - (d) failure of the Government to take over and distribute surplus lands to the cultivators and landless labourers;
 - (e) failure to give relief to holders of one bigha of bastu land as proposed in West Bengal Land Reforms Act, 1955;
 - (f) failure to make proper and fair record of rights, and give proper relief to the low income group of intermediaries and failure to assess annual annuity to wakfs, debottars and charitable trusts;
 - (g) failure to assure employment to agricultural labourers and check rural unemployment;
 - (h) the unfair use of Government machinery to influence the electorate in the election by the ruling party.

মাননীয় স্পীকার মহোদয়, আজকে আমি বদি সরকারপক্ষের সভাদের মত রাজ্যপালের ভাষণকে অভিনন্দন জানাতে পারতাম, তা হলে আমি খ্লি হতাম। কিন্তু আমি তা পারছি না। আমিও মাননীয় তেহটার সদস্যের মত গ্রাম বাংলা থেকে নির্বাচিত হয়ে এসেছি। আমার এলাকায় মাত্র দশ মাইল পাকা রাস্তা আছে। এই রকম জায়গা থেকে আমি এসেছি। আমি মাননীয় রাজাপালের ভাষণে চেণ্টা করেছি, কিন্তু গ্রামজীবনের কোন চিত্র খ্লে পাই নি। মাননীয় তেহট্টা সদস্যকে ধন্যবাদ—বড় ফাঁক রয়ে গেছে দেনাদার বাংলার ক্ষকদের

কথাটা! আমি এই ভাষণ থেকে দেখছি, তিনের পৃষ্ঠার, চারের পৃষ্ঠার ও বোল পৃষ্ঠার বাংলার প্রাম ও জমি সম্বদ্ধে দ্ব'একটি কথা ; কিন্তু মূলত এখানে আছে খাদ্যোৎপাদন বাড়াবার কথা, —কৃষকের কথা ও কৃষির কথা উপেক্ষিত। এখানে বলা হয়েছে বে, ৩৭ কোটি টাকা আমরা বরান্দ করেছি, আমরা খাদ্যোৎপাদন বাড়াতে চাই। তার জন্য কি ব্যবস্থা?

Distribution of improved seeds, use of fertilisers and manure, provision of irrigation facilities, adoption of modern agricultural techniques.

এবং জাম সম্বন্ধে কি বলা আছে? না, রেণ্ট আনসেসমেণ্ট হচ্ছে, আনসেমেণ্ট রোল তৈরি হচ্ছে, রেকর্ড অফ রাইটস তৈরি হচ্ছে এবং কম্পেনসেসন দেওয়া হচ্ছে। বাংলাদেশের কৃষক ও কৃষি জাম সংক্রণত বিষয়ে এই হচ্ছে এই ভাষণে সরকারী নীতির বিশেষণ আমার এই ভাষণ দেখে মনে হয়েছে, এ যেন রামহীন রামায়ণের ব্যবস্থা! কৃষি ও কৃষক ষেখানে মৃদ্ধে কথা— সেথানে স্কুলের টেক্সট বৃক, ইকর্নামকস, সিভিক্স ইত্যাদি বই থেকে উক্ত কথাপানি তুলে আনা হয়েছে। তা ছাড়া এতে নতুন কোন দৃষ্টিভঙ্গি নাই। আমি সমাজতলের কথা বলতে চাচছি না। থার্ড ফাইভ-ইয়ার স্প্যানের কৃষক ও কৃষি সম্বন্ধে কথাগানি উন্ধৃত ক'রে দেখাবো যে, এটা রামহীন রামায়ণের নত হয়েছে। আসলে কৃষকদের জীবনের যে ভিত্তি, মাননীয় তেহটুর সদস্য কেবল ঋণের কথা তুলে ধরেছেন, সেই চারটা ভিত্তি সম্বন্ধে কোন উল্লেখ নাই। কৃষকের ঋণ, তাদের যে ঋণের বোঝা, আষাঢ় মাসে এক মণ ধান নিয়ে পৌষ মাসে দেড়মণ ধান দিতে হয়, এটা যে অধিক ফসল ফলানোর বিরুম্ধ কথা তা তিনি স্বীকার ক্রেছেন।

তারপর কৃষকদের খাজনা ও ক্রমবর্ধমান টাব্রের বোঝা যেভাবে দিন দিন বেড়ে চলেছে, তার সম্বংশ এই ভাষণে কোন উল্লেখ নাই। আমাদের ভারতীয় অর্থনী তর কথা বলেছেন। সেই সারে আজিজ্বল হকের মানে বিহাইন্ড দি প্লাউ—তাতে একথা উল্লিখিত আছে। রেন্ট, প্রাইস হাভেক, হাভেক অফ নাচারাল কালোমিটিস--এই সবে যে তারা ক্ষতিগ্রন্ধুই হচ্ছে, মার খাচেছ, তার সম্বংশ কোন ইণিগত এখানে নাই। সেখানে তিন হাজার চিউরুওয়েলের কথা আছে খাদো।পাদনের কথা আছে। এর সমস্ত দ্ভিউপিগ হচ্ছে কৃষকদের এক্সম বিরোধী। যেমন ক'রে হোক কৃষকদের খাদ্যোৎপাদন ক'রে দিতে হবে। কিন্তু এই কৃষ্করা কি ক'রে বাঁচবে সে সম্বংশ কোন চিত্র এখান থেকে আমরা পাই না যাতে ক'রে আমরা এই ভাষণকে ও'দের মত সেইভাবে অভিনশিত করতে পারি। থার্ড ফাইড-ইয়ার প্ল্যানে যে অবজেক্টিত দেখেছি, এখানেও এই ভাষণের সংগ্ তার মিল রয়েছে। তবে দেখবেন মারাত্মক জায়গায় ফাঁকি দিয়ে যাওয়া হয়েছে। থার্ড প্ল্যানে বলা হছে—

Land reform programmes which were given a place of special significance both in the first and in the second plans have two specific objects. The first is to remove such impediments to increase any agricultural production as arise from the agrarian structure inherited from the past. This should help to create conditions for evolving as speedily as possible an agricultural economy with high level efficiency and productivity. The second object which is closely related to the first is to provide security for the tillers of soil and assure equality of status and opportunity to all sections of the rural population."

শেষের এই সিকিউরিটি প্রশ্নটার একেবারে এই ভাষণে কোন ইণ্গিত এখানে নাই। থার্ড ফাইড-ইয়ার প্ল্যানের মধ্যে এই কথাগালো পাবেন---

As Legislation has been enacted in one State after another.

किंग्जु कि कन इसारह?

Yet the total impact of land reform has been less than what had been hoped for.

একথা আছে দেখবেন—এর সমহত জারগায়—আসলে আজ বাংলাদেশের কৃষকদের অবস্থা।
শতকরা ৭০ জন মান্য বাংলাদেশে যারা বিশেষ ক'রে ্রিডি:এএএএর উপর নির্ভার করে, তাদের
যে দ্রবস্থা, তাদের উপর যে অর্থনৈতিক শোষণ হচ্ছে, অর্থনৈতিক চাপ চলছে, তেহটুর
মাননীয় সদস্য বলছেন তা নিয়ন্ত্রণ করতে হবে চেন্টা করে। তা কি করা হয়েছে? অবিভঙ্ক

বালোর অনেকবার ওকথা শোননো হয়েছে। আলু ও পাটেতে নর, সমস্ত জারগার কৃষক বাধা পড়ে আছে। প্রাইস হ্যাভক স্থিট ক'রে যে অবস্থা, যেমন অবস্থা করে ন্যাচারাল ক্যালামিটি, তেমনি এটা স্থিট হয় সেইসব মান্যের শ্বারা, যারা সরকারী নীতি সমর্থন করে।

[11-10-11-20 a.m.]

মাননীয় তেহটুর সদস্য বললেন, আলুর আজকে যদি এক টাকা দর হয় তা হলে তার জন্য সরকার কি ক'রে দায়ী হয় তা তিনি বৃষ্ণতে পারেন না। এইজনা দায়ী সরকার, যে সরকার সেই হিমছরের মালিকদের টাকা দেন, তারা গুনামজাত ক'রে রাখে, সেই গুনাম থেকে আলু বের করা হয় না তাই তা সদতায় দেওয়া হয় না। যারা ৭ টাকায় আলা কেনে তাদের জনা ুস ব্যবস্থা রাখা হয় না এবং সেইজন্য বাংলার কৃষক আজ আলুতে, ধানে, পাটে সমুস্ত জায়গায়, আফ থেকে ৪০ বংসর আগে যেমনভাবে এই সমস্ত কারসাজি, বাজার নিয়ে খেলা করার ফলে. ত্রুদের যেমন অসহায় অবস্থা ছিল আজও তার: ঠিক সেই অসহায় অবস্থাতেই আছে। আজও रमान राता श्रालत कना महाकानत "वातम्थ हास आहर, ८० वश्मत आश्राहे स्महतकमहे विना ত্র থেকে তার কোন পরিবর্তন হয় নি। এবং আজও ঐ অজয় নদীর ধারে, ঐ খড়ি নদীর ধারে ঐ বাঁকা নদীর ধারে বন্যায় বিধন্কত হয়ে আছে এবং আবার হবার আশগ্রু দেখা দিকে: আপুনারা দেখতে পেয়েছেন ১৯৫৬ সালে হয়েছে. ১৯৫৭ সালে হয়েছে, ১৯৫৯ সালে হয়েছে এবং তার জনা তার সেই খণের বোঝায় আজও সেখানে সার্টিফিকেট করে ঐ খাড়ি নদীর ধারে শ্র শ্র সাটিফিকেট জারি হয়েছে, ঐ অজয় নদীর ধারে শ্র শ্র সাটিফিকেট জারী হয়েছে। ঐ য়ে রুগনদেহ, কুম্জদেহ যে কৃষক তার উপর থেকে আদায় করার জনা। আমি তাদের চরিত্রে বা দু গ্রিভাগের মধ্যে কোনরকম ন্তুনত্ব দেখতে পাচ্ছি না। কৃষককে এর থেকে বাঁচাবার কোন রুক্তর উপায় দেখতে পাচ্ছি না। এখানে এটা লাক্ষের রাখছেন, থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ পরিকার লেখা আছে---

In the third place it has not been sufficiently realised that the reform of land tenures and the early enforcement of ceilings are an essential foundation for the building up of the co-operative rural economy".

লেখা আছে এই কথা যে, সিকিউরিটি তার নেই। লেখা আছে এই কথা যে আজকে,

In the first place there has been too little recognition—of—land reform as a positive programme of development and it has been only too often regarded as an extraneous to the scheme of community development.

এই হচ্ছে আমাদের ল্যান্ড রিফর্ম। এর সম্বন্ধে, কৃষি সম্বন্ধে, কৃষক অর্থনি তি সম্বন্ধে রাজ্য-পালের ভাষণে আমি এই জিনিসগুলি দেখতে পাই নি। এই জিনিসগুলি দেখতে পেলে কুষককে বাঁচাবার আশা কিছুটো দেখতে পেতাম এবং তা পেলে আদিও থাশি হতাম। তারপর এখানে ধরে নেওয়া হোক চাল উৎপাদনের কথা। বলবার চেণ্টা করা হয়েছে যেন টেকনলজি-ক্রাল ডেভেলপ্রেট্ট হলে জাপানীজ মেথড হ'লে, কছা গোবর দিলে চা'ল উৎপাদন হয়ে যায়, হার কিছু দেখার দরকার নেই। কিন্তু হয়েছেটা কি? আপনি পশ্চিমবংগ-সরকারের হিসাব নেখ্য এই আমানের থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ সরকারী হিসাব দেওয়া হয়েছে, তার ৩২৯ পাতার দেখান। সেখানে কি দেওয়া হয়েছে? আপনাদের এখানে অবজেক্টিভ ছিল ১৯৫৫-৫৬ সালে ১৯ লক্ষ টন। আজকে উৎপাদন হচ্ছে কত, ৪৫ লক্ষ টন-রাজাপালের ভাষণেই আছে। মাননীয় তেহটের সদসা আজ খুব উৎফল্লে হয়ে বলেছিলেন ৩৭ কোটি টাকা বরান্দ বেড়ে গিয়েছে, আগে ছিল ৮ কোঁট টাকা। কিল্ডু ৮ কোঁট টাকা দিয়েই বা কি লাভ হয়েছিল, करहे कार इर्साइन, ८५ कोहि हेन डिन याननामंत्र ५५७६-७५ माला हे होर्स है, यात ১৯৬০-৬১ সালে আপনি উৎপাদন করছেন ৪৫ কোটি টন। মান্যকে যদি দাড় করানো না হায়, কৃষককে যদি তার ঐ যে শোষণের ভিতিগুলি আছে গ্রামের ভিতরে তা সব থাকা সত্ত্ত আজকে মাননীয় তেহটুর সদস্য কি ক'রে বলছেন যে, গরিব আরও গরিব হচ্ছে না? গরিব আরও গরিব হচ্ছে না, তা বদি আপনি আপনার সরকারী বাজেট খোলেন যে, আজকে করে লক্ষ্ণ লোককে আপনারা গমের ভিখারিতে পরিণত করেছেন, টেস্ট রিলিফএর ভিখারিতে পরিগত করেছেন, তার জন্য ব্যারুম্থ হতে হচ্ছে এবং ভয় দেখানো হয় আঞ্চকে টেম্ট রিলিফ

থেকে নাম কেটে দেওয়া হবে, আজকে গ্র্যাচ্ইটি রিলিফ থেকে নাম, কেটে দেওয়া হবে যদি তমি ভোট না দেও। এই তো তৈরি করেছেন বাঙলার গ্রামকে। আজকে ১৪ বংসরে বাংলার গ্রামে কত ভিথারি তৈরি হয়েছে, তাদের টেস্ট রিলিফ না দিলে আমরাও শ্বারস্থ হই, আপনারাও হন, মিছিল নিয়ে যাই এস ডি ও-র কাছে, রক ডেভেলপমেন্ট অফিসারএর কাছে, কিন্তু সেটা কি আমাদের সৌভাগ্য? সেটা আমাদের দূর্ভাগ্য। যারা বিশেষ ক'রে বাংলাদেশে কৃষকদের জন্য সংগ্রাম করেছে এটা তাদের পক্ষে দৃভাগ্য যে, কৃষকের ভিক্ষার ঝুলি নিয়ে আপনাদের কাছে আমাদের ব্যারুথ হতে হয়। তাদের সেই চরিত্র নিয়ে আপনারা আজকে উপহাস করছেন, কিন্তু সেটা তার আসল চরিত্র নয়। কিন্তু সেই তো তার চরিত্র। আজ্ঞকে বাংলা-দেশে দঃম্প কৃষকের সংখ্যা দিনে দিনে বেডে যাচ্ছে এবং আপনারা এই সমস্ত জিনিসটাকে एएक त्रांशात कना काउँछाः ग्या कतरहन। काउँछाः তো भगात्र मिन् मानानीत वरेट आहि. কাউডাং তো মশায় জাথারবেরীর বইতে আছে, সে আর কে জানে না যে, গোবর দিলে একট ভान উৎপাদন হয়। किन्छ এই যে क्राम এক্সণ্সয়টেশন, সেটাকে দ্রীভূত করার জন্য বলা হচ্ছে গ্রামে ক্রাস এক্সন্সায়টেশন নেই। যেখানে এই থার্ড ফাইভ-ইয়ার স্প্রানএর মধ্যে লাকিয়ে রাখার क्रमा अकथा वना रह्हा। कार्रण अर्थे यीम मा निकास द्वाधारम, खेर व कानरक स्क्राण्यावर মন্তেবরে বিলি করা বিজ্ঞাপন দেখিয়েছেন যে, যেসমন্ত লোকের সই আছে, দেখতে পাবেন সেই সমস্ত লোকই ঐ একমণ ধান দিয়ে দেড়মণ ধান নেয়। কারণ আপনারা তাদের সমর্থক এবং তারা আপনাদের সমর্থক। তাদের সেই চরিত্রকে আজকে সাহায্য করার জন্য এদের জন্য যে ৫০ কোটি টাকাখণ লাগে তা দেওয়া হয় না। এত কোটি টাকা আদায় হচ্ছে, কেন দেওয়া যাবে না? বাংলাদেশের কৃষককে ঋণমন্ত করার জন্য আজকে কি প্রোগ্রাম নিয়েছেন? আজকে ৭০ লক্ষ টকা দিয়ে তার পর্রদিন আবার সার্টিফিকেট জারী ক'রে তাদের ভিটেমটি, গাই-বলদ নিয়ে আদায় করছেন। বেশি দরে নয়, কলকাতা শহরের কাছেই দমদমে আজকে ডিসট্রেস সার্টিফিকেট বের করেছেন কিজনা, না এখানে যেসমুহত লোক আছে তাদের উপর, কারচপি ক'রে সেটেলমেন্ট অফিসারের সংশ্য তিন কাঠা জমির জন্য ১১৮ টাকা খাজনা ধরেছেন তা দিতে পারে নি-এই হচ্ছে সেথানকার অবস্থা।

সাধারণভাবে বলছি ধানের দর ছিল যখন মণ প্রতি ২ টাকা, তখন এক মণ খোলের দাম ছিল তিন টাকা। এখন ১২ টাকা ধানের মণ। তব্ও দুই মণ ধান বিক্তি করে ২৪ টাকায় এক বহুতা খোল পাওয়া যায় না। মেমারী থানা অলু চাষের একটা বিরাট এলাকা সেখানে খোলের অভাবে চাষী এইভাবে আঘাত পাচ্ছে। যারা প্রিজপতি, যারা বীজ, সার স্টক করে রাখবেন, তাদের কাছে অসহায় হয়ে কৃষক মার খাচ্ছে। এর পরে দ্বিতীয় প্রশ্ন আপনাদের কাছে হচ্ছে এই যে, এইসব অসতাগুলিকে আপনারা লুকিয়ে রাখার চেষ্টা করলেন। প্রাকৃতিক বিপর্যায়ে দামোদর এলাকায় ইরিগেশন বাবস্থা করতে তারা বিফল হয়েছেন। যে পরিমাণে জল দেবার কথা তা দিতে পারেন নি। সেজনো দামোদর এলাকায় যাঁরা থাকেন তাঁরা জানেন যে আবার কানেল আমাদের পক্ষে অনেকগ্রলি অভিশাপ হয়ে দেখা দিয়েছে যার থবর আপনারা জানেন না। আমাদের দেশের পাকা ধান কি ক'রে কাানেলের জলে ডুবিয়ে দেয় তা হয়ত অনেকে জানেন না। অগ্রহায়ণ মাসে দেখা যায়, উত্তর কলকাতা থেকে গণগার পলি এনে ক্যানাল স্কাইস করা হয়েছে তাতে জল আটকে রাথতে পারে না। শত শত আলার চাষের জমি জলমণন হয়ে যায়। ডি ডি সি-র ইঞ্জিনীয়ার, ক্যানাল ইঞ্জিনীয়ারদের নিজে ডেকে নিয়ে গিরেছি, তারা কোন ব্যবস্থা করেন নি। তারা বলেন যে, পাঁকের গাড়ি, খড়ের গাড়ি দেওয়া হোক, কিল্ড जा पिरवेश अन रहेकारना याव ना। वना निवन्तराव कान वावन्था शक्त ना। आक्राक कारनन এলাকায় বিরাট আকারে টাব্রে ধার্য করা হয়েছে—মতেশ্বরী এলাকায় ৩০টি মৌলায় আজ ৭ লক্ষ টাকা ট্যাক্স আদায়ের নোটিস পড়েছে—এগালি কুষকের ঘাড়ে এসেছে। এ ছাড়া পয়লা **अनुलारे क्रम** मिर्फ भारतन ना। **छाप्त भारत क्रम मिरहाए**न, किन्छू स्त्रक्रना समझमे कृषक हाथ করতে পারেন নি। তব্রও বলতে পারেন, একেবারে তো অনাবাদী থাকে নি। কিল্ড পয়লা জালাই বদি জল দিতে পারতেন তা হলে ১০ টাকা ১২ই টাকা টাব্রে তারা দিতে পারত। আম্লকে ক্যানাল রেট যার পাঁচ বিঘা জমি আছে এবং যিনি ১৫০ বিঘা জমির মালিক উভরেই ঐ একই রেটএ টাাক্স দেবেন। কিন্তু বিনি ১৫০ বিঘা জমির মালিক তাঁর যে সার্গলাস থাকে যার পাঁচ বিঘা জমি তাঁর তো সেরকম সারক্ষাস থাকে না। সেই সমস্ত বাল্লির বা উন্বস্ত

থাকে সাধারণ কৃষকের ত্য়ে মোটেই উন্দর্ভ থাকে না. তা হলে একই রকম রেটএ টাব্রে কেন করা হবে? এটা তো ধনতান্দ্রিক নীতি। এই সমস্ত কথা ব'লে মাননীয় রাজ্যপালের ভাষণের এই সমস্ত দিক আমি তুলে ধরছি। আমি পরিক্ষার করে বলতে চাই যে, ডি ভি সি এলাকার আমানের ধান উৎপাদন ক্ষতিগ্রুস্ত হচ্ছে, বন্যা নিয়ন্দ্রণে অনেক অসুবিধা আছে।

[11-20-11-30 a.m.]

hazım Ali Meerza, Shri Syed Khamrai, Shri Niranjan Khan, Shri Gurupada Kolay, The Hon'ble Jagannath Mahanti, The Hon'ble Charu ('handra Mahatab, Shrimati Radharani Mahato, Shri Debendra Nath Maitra, Shri Ani) Maitra, Shri Birendra Kumar Maiti, The Hon ble Abha Maity, Shri Bijoy Krishna Majhi, Shri Budhan Majumdar, Shrimati Niharika Mandal, Shri Krishna Prasad Manya, Shri Murari Mohan Misra, The Hon'ble Sowrindra Mohan Mitra, Shrimati Biva Mitra, Shri Gopikaranjan Mohammad Hayat Ali, Shri Mondal, Shri Rajkrishna Mondal, Shrimati Santilata Mondal, Shri Sishuram Mukherjee, Shri Pijush Kanti Mukherjee, The Hon'ble Saila Mukherji, The Hon'ble Ajoy Kumar Mukherji, Shri Santosh Kumar Mukhopadhya, Shri Ananda Mukhopadhyay, The Hon'ble Purabi Naskar, The Hon'ble Ardhendu Sekhar Naskar, Shri Khagendra Nath Pal, Dr. Radha Krishna Pandit, Shri Krishna Pada Pemantle, Shrimati Olive Platel, Shri R. E. Pramanik, Shri Rajani Kanta

Pramanik, Shri Tarapada Prasad, Shri Shiromani Raikut, Shri Bhupendra Deb Ray, Shri Kamini Mohan Roy, Shri Indrajit Roy, Shri Bankim Roy, The Hon'ble Dr. Bidhan Chandra Roy, Shri Gonesh Prosad Roy, Shri Nepal Chandra Roy, Shri Pranab Prosad Roy, Shri Tara Pada Saha, Shri Biswanath Saha, Shri Dhaneswar Santra, Shri Jugal Charan Saren, Shri Mangal Chandra Sarkar, Shri Sakti Kumar Sarker, Shri Narendra Nath Sen, Shri Narendra Nath Sen, The Hon'ble Prafulla Chandra Sen, Shri Santi Gopal Shakila Khatun, Shrimati Shamsul Bari, Shri Syed Sharma, Shri Jaynarayan Shukla, Shri Krishna Kumar Singha, Shri Hiralal Singhadeo, Shri Ajit Prasad Singhadeo, Shri Shankar Narayau Sinha, Shri Kumar Jagadish Chandra Sinha, Shri Phanis Chandra Tanti, Shri Anadi Mohon Tarkatirtha, Shri Bimalananda Thakur, The Hon'ble Promatha Ranjan Tudu, Shrimati Tushar Wangdi. The Hon'ble Tenzing Ziaul Haque, Shri Md.

AYE8-72.

Abul Mansur Habibullah,
Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Baksi, Shri Mono Ranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani

Bhattacharya, Dr. Kanai Lal Bhattacharyya, Shri Aboni Bose, Shri Promode Ranjan Chakravarty, Shri Haridas Chattoraj, Dr. Radhanath Chowdhury, Shri Subodh Das, Shri Anadi Das, Shri Narayandas Das, Shri Nikhil Das, Shri Shambhu Gopal Das Gupta, Shri Sunil Das Mahapatra, Shri Balai Lal Dey, Shri Jiban Krishna Dey, Shri Tarapada Dhibar, Shri Radhika
Ghosh, Shri Ganesh
Ghosh, Shri Ganesh
Ghosh, Shri Pramatha
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Halder, Shri IIrishikesh
Hansda, Shri Jaleswar
Hazra, Shri Monoranjan
Khalil Sayed, Shri
Kisku, Shri Mangla
Konar, Shri Hare Krishna
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Girish
Maitra, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Siddheswar
Mittra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan

Mondal, Shri Dulal Chandra Mukherjee, Shri Girija Bhusan Mukhopadhyay, Shri Bhabani Mukhopadhyay, Shri Rabindra Nath Murmu, Shri Nimai Chand Pal, Shri Bejoy Pal, Shri Kanai Raha, Shri Sanat Kumar Ray, Shri Birendra Narayan Roy, Shri Aswini Roy, Shri Bijoy Kumar Roy, Shri Monoranjan Roy, Dr. Narayan Chandra Roy Pradhan, Shri Amarendra Saha, Shri Abhoy Pada Saha, Shri Jamini Bhusan Sen Gupta, Shri Niranjan Sen Gupta, Shri Tarun Kumar Shamsuddin Ahammad, Shri Soren, Shri Suchand Thakur, Shri Shreemohan

The Ayes being 72 and the Noes 133, the motion was lost.

The motion of Shri Asoke Krishna Dutta that "A respectful Addi in reply be presented to the Governor as follows:

"We, the members of the West Bengal Legislative Assembly assemb in this session, beg to offer our humble thanks to the Governor the most excellent speech which she has been pleased to deli to both the Houses of Legislature assembled together on 13th March, 1962,"

was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. on Monday, 19th March 1962.

Adjournment

The House was then adjourned at 12-32 p.m. till 3 p.m. on Mond the 19th March, 1962, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal-Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 19th March, 1962, at 3 p.m.

PRESENT:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASE) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Hon'ble Ministers of State, 5 Deputy Minister, and 174 Members.

[3-3-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, the Board of Secondary Education, West Bengal, issued a circular to the Heads of all recognised Class X and Class XI schools on the teaching of languages. This circular was issued in phased implementation of the Government Order No. 2894-Education(G), dated the 8th August 1961.

It appears that the Board only implemented the new scheme of Hindi in Class VI and Sanskrit in Class VIII in the academic session commencing from the 1st January. 1962. There was provision in the Board's previous syllabus for Higher Secondary Schools that students could offer Hindi in lieu of a classical subject in Classes VI to VIII. The Board, therefore, felt that students who did not study a classical language earlier might not cover the new syllabus of Sanskrit in three years in Classes IX to XI and, as such, the Board did not insist that classical language should be a compulsory elective subject in Classes IX to XI in Higher Secondary Schools this year.

Ceneral Discussions on the Budget for 1962-63

Shri Somnath Lahiri:

শ্রীযান্ত অধ্যক্ষ মহাশয়, গত কদিন আলোচনার সময় অনেক কংগ্রেস সদস্য সহযোগিতার কথা তুলেছেন। তাঁরা আল্তরিকভাবে কথা তুলেছেন বলে আমি ধরে নিচ্ছি। কিন্তু নতুন সদস্যরা জানেন না যে আমরা সহযোগিতা করি যথনই সম্ভব হয়। কিন্তু মিল্সসভা শ্ব্ব সহযোগিতা করে যথনই সম্ভব হয়। কিন্তু মিল্সসভা শ্ব্ব সহযোগিতা করেন না । করেন না তা নয়, সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েও অনেক ক্ষেত্রে সেই প্রতিশ্রুতি রক্ষা করেন না । ধর্ন এই বাজেট সম্পর্কিত আয়-করের অংশ ইত্যাদি ব্যাপারটা। পিন্টমবর্গ্গ যে তার আয়-করের নাযা পাওনা পায় না এটা সকলেই জানে। ১৯৬১ সালে আমরা বিরোধী পক্ষ উপযাচক হরে এখানে মোশান এনেছিলাম যে ফাইনাল্স কমিশান প্রশিচ্মবর্ণ্গের প্রতি এ ব্যাপারে স্বিচার করে নি সরকার পক্ষ সেই প্রস্তাব স্বীকার করে নিরেছিলেন এবং স্বীকার করে নেওয়ার পরে, প্রস্তাব গৃহীত হওয়ার পরে ৪-৩-৬১ তারিখে বিধানবাব্ প্রতিশ্রুতি দিরেছিলেন যে

"I would suggest that after a little while when we are more or less ready with our figures and proposals to be placed before the Finance Commission, we sit together with some members of the Opposition side...... and discuss our points of view and emphasize certain points."

কিন্তু তিনি সেই প্রতিশ্রুতি রক্ষা করেন নি। বিরোধী পক্ষের কাউকে ডেকে তিনি কোন পরামর্শ করেন নি। এমন কি ফিনাল্স কমিশানে কি তিনি বলেছেন তার মেমোরানভাম বা তাঁর বন্ধবা আমাদের কিছুমান্ত জালান নি; বাজেট আলোচনার প্রাক্ষালেও তিনি জানান নি। না জানলে আমরা সহযোগিতা করবো কি করে? বিরোধী পক্ষের কাছ থেকে ঢাক-ঢাক গ্রহু-গ্রহু করে বিধানবাব্ কি থার্ড ফাইনাাল্স কমিশানের কাছ থেকে অনেক বন্ধতা ভর্তি করে নিয়ে আসতে পেরেছেন? পারেন নি। বরং আমরা দেখতে পাই পাওনা আরো কমে গেছে।

তারপর ধর্ন আমরা কিছ্দিন ধরে বলছি একটা এসটিমেট কমিটি করা হোক—বেমন পার্লামেনেট আছে। সদস্যদের প্রতিনিধিরা সেখানে বাজেট তৈরীর ব্যাপারে পরামর্শ ও সহবোগিতা দিতে পারেন। বেহেতু বিধানবাব আমাদের সহযোগিতা চান না, সেহেতু আজ্ পর্বশ্ব এসটিমেট কমিটি করার প্রশ্তাবে তিনি রাজী হন নি।

বাই হোক এবারের বাজেটে সেই একই কথা, গতান্গতিক। কোথাও ছিটেকোটা কুপা বর্ষণ আর অনেক জারগায় শোষণের মুষল বর্ষণ। ন্তনত্ব শুধু এইখানে গলাবাজি আর আত্মপ্রদাদ চরমে উঠেছে। গত বছর অবস্থা নাকি যুক্তিসগাতভাবে এত সক্তোষজনক ছিল যে ৮২ বছরের বৃষ্ধ মুখামন্টার রোমাণ্ড জেগেছে। অথচ কলকাতার দিলপাণ্ডলে বারা বাস করেন, তারা লক্ষ্য করে থাকবেন গত বছর যে অবস্থা ছিল তা অরাজকতার সামিল। আমি একটি একটি করে মনে করিয়ে দিছি—এক নন্বর—চটকলের মালিকরা ধর্মঘট করলো যাতে কৃষকরা পাটের দাম না পায়। হাজার হাজার শ্রামককে মজ্বরী থেকে বিশ্বত করলেন এবং পাটের উৎপাদনও নত্ট করলেন এবং শেষ পর্যক্তি বিধানবাব্র কৃপাতে তাদের ইপিত ফল লাভ হলো এবং পভতা খরচের কম দরে চাষীরা পাট বেচতে বাধা হলো।

ভারপর দ্ব-নন্দর—বিদাং সরবরাহ বন্ধ হলো। সারাজীবন যা দেখিনি গত বছর দেখলাম রাস্তার রাস্তার, বাড়ীতে বাড়ীতে, বিভিন্ন এলাকায় কারখানা সমস্ত কলকারখানা দিনের পর দিন বন্ধ। উৎপাদনের ক্ষেত্রে হাজার হাজার শ্রমিক বেকার হয়ে গেল। এবং ইলেকট্রিসিটি সাংলাই কোম্পানী তাদের স্থীপিত ফল লাভ করলো। তারা নতুন জেনারেটার আদার করার অনুমতি পেলেন। ফলে বিদাংশিকেপ বিদেশীর অংশ আরো বাড়লো। তাতে ফল কি হরেছে? কলা হয়েছে এই—এ বছর মূলাব্রিখ করবার সিম্পান্ত তারা জানিরেছেন।

তিন নন্দর হলো—ভাল ও তেল কলের মালিকরা ধর্মঘট করলেন, দাম বাড়লো। এক লরকারী মুখপাতকে জিজ্ঞাসা করা হলো, তিনি বললেন এ বিবরে আমাদের করবার কিছু নাই।

চার নম্বব—মাংসওয়ালারা হরতাল করলো এবং দ্-ক্রেপে সের করা আট আনা দাম বাড়িয়ে দিলো।

शौठ नन्दत्र हरना—भाष्ट्रत्र वाङाद्र आगृन नागरना, मात्र ठए एक।

ছ' নন্দ্ৰর—আল্-বেগনে তাল্ডাক্রির দামও তাদের পদাৎক অন্সরণ করলো। আর কত নাম করবো? সব ব্যাপারেই সরকার শ্বা দাশক। চালের দামও বাড়ছে। ট্রামের ভাড়াও বাড়াবার ব্যবস্থা হছে। গোটা বাজেটে এ সন্বন্ধে কোন সরকারী ব্যবস্থার হদিশ পাবেন না। বরং পাইকারী ম্লামান অতি সামায়কভাবে সামান্য ইতরবিশেষ হয়েছে তাই নিয়ে কি আত্মসন্তৃতি প্রকাশ করছেন! কিন্তু থার্ড প্রানের যে সতর্কবালী তা কি তিনি ভূলে গেছেন? থার্ড প্র্যানের ব্যা সতর্কবালী তা কি তিনি ভূলে গেছেন? থার্ড প্র্যানের ব্যা সত্ত্ববালী তা কি তিনি ভূলে গেছেন? থার্ড প্রানের ব্যা সত্ত্ববালী তা কি তিনি ভূলে গেছেন?

These balances and safeguards notwithstanding, the possibilities of significant-and even disturbing-price rises cannot be entirely eliminated

গত বছরের মূল্যবৃদ্ধি বাস্তবিকই ভিসটারবিং কিস্তু তাতে আমাদের এই মন্দ্রিসভার চিত্ত আদৌ ভিসটার্বভ হর্মান। আমরা বারবার বলেছি অস্তত ফুড-গ্রেনসঞ্জ স্টেট ট্রেডিং-এর ব্যবস্থা

[3-10-3-20 p.m.]

কর্ন তাতে ম্লা নিয়দ্রণ হবে এবং সরকারের হাতে সংগতিও আসবে। এ বিষয়ে আমরা সহবোগিতা করতে প্রস্তুত। কিন্তু সরকার সে সম্পর্কে একেবারে নিরব।

রাজাপাল বলৈছেন দারিদ্রের সমস্যা এদেশে আছে, আর মুখামল্যী মহাশর বলেছেন অথনৈতিক অবস্থা ব্রিস্পাতভাবে সন্তেবিজনক এবং তা দেখে তাঁর রোমাণ্ড হল। ভারতে পারিপ্র আছে, একথা মুখে বললেও বাস্তবে স্বাকার করেন নি। অথচ কি ভরুকর পারিপ্রা। ১৯৫৯ সালে ইউ এন ও-র তরফ থেকে ৪০টা দেশের খাদ্যাবস্থা সম্বন্ধে অনুসন্থান হরেছিল। তাদের সিখান্ত কি? এই ৪০টার মধ্যে ভারতবর্ষ হচ্ছে ওরাস্ট ফেড নেশন। ৪০টা জাতির মধ্যে সবচেরে কম খেতে পার ভারতবাসীরা। ভারতবর্ষে ১৯০৪-০৮ সালে গড় খাদ্যাকারিছ জস ১৯৫০, আর সেটা ১৯৫৬ সালে দাঁভিরেছে ১৮৯০।

বলেছেন "পশ্চিম বাংলার কথা"। পশ্চিম বাংলার জনসংখ্যার চাপ আছে, সাতা। ক্রিন্ত পশ্চিম বাংলা আবার ভারতবর্ষের মধ্যৈ প্রধান শিল্পসমূস্থ দেশ। এখানে সারা উত্তরভারতের প্রধান বন্দর ও বাণিজ্য কেন্দ্র। কাজেই দ্বের মিলে পশ্চিমবন্দের অকথা ভাল হবার কথা। একটা বেসরকারী ভইফোড স্ট্যাটিসটিকস-এর কোটেসন তলে थद्र विधानवादः स्म्यातक्त शिष्ठम वाश्यात नाकि माथाशिष्टः आव সবচেরে विणी। সূত্রাং তিনি গর্ব করেছেন। কিন্তু তিনি বে প্রবন্ধ থেকে উন্ধৃতি দিয়েছেন, সেই প্রবন্ধটা আমলা মারফং কোটেশন না করে, নিজে একট্ব পড়ে দেখবেন। সেই প্রবন্ধে পশ্চিম বাংলার গড এক্সপেনডিচার-এর হিসাব দেওয়া আছে। তাতে দেখতে পাবেন আমাদের এখানে গ্রামাঞ্চল মার্থাপিছ, খরচ যা মানুষ করতে পারে-আসাম, পাঞ্জাব, মহীশরে ও উত্তরপ্রদেশের চেয়ে নীচে। পার ক্যাপিটা ইনকাম সকলের উপরে আর থরচ করার ক্ষমতা ঐ পাঁচটি প্রদেশের চেয়ে নীচে: শহর ও গ্রাম মিলিয়ে পশ্চিমবশ্যে মাথাপিছ, থরচ ইউনিয়ন টেরিটরিস, পাঞ্চাব, জম্ম, কাশ্মীর ও রাজস্থান থেকে নীচে। কেন্দ্রীর শাসিত অঞ্চলে ৩৬-৯৯ টাকা আর সেখানে পশ্চিমবংশ হছে ২৪-৮৬ টাকা। এটা ইস্টার্ন ইকোর্নমিস্ট-এর ২৩শে ফেব্রুয়ারীর খবর, তাদের পরিসংখ্যান থেকে দিলাম। কাজেই পশ্চিমবশ্সের আয় সর্বোচ্চ হতে পারে: কিন্তু সেই আয় বায় কোখার তা আপনারা অনায়াসে ব্রুতে পারেন। কোথার বায় তা পশ্চিত নেহের, বলে দিয়েছেন। ১৪ वहात यात्रा अकरमा वहातव काल द्या अन्या माना मानेत्व भारतह जामत काहिर भारत। ১৯৬० সালের আগস্ট মাসে রিজার্ভ ব্যাঞ্ক-এর গভর্নর বলেছেন সিংহলে মাথাপিছ, আর ইতিমধ্যে ৫০.০ টাকা এবং ভারতবর্ষে তা হতে পারে ১৯৭৫ সালে! গভর্নরের মতে তখনও প্রথিবীর মধ্যে ভারতবর্ষ দরিদ্রতম দেশ হয়ে থাকবে। এই অবস্থা আমাদের, এবং বা দেখে আমাদের মখোমন্ট্রী মহাশরের রোমাও হয়েছে। এই অবস্থার মাত্র ১৯৩ কোটি টাকা লেটে থার্ড ফাইভ-ইরার স্ব্যানএ নিয়ে তিনি থবে থুসী। এমন কি স্পান-এর প্রথম লক্ষ্য ছিল ৩৪১ কোটি টাকা, তাও কাটতে হয়েছে। তা ছাড়া ততীয় স্পানের টাকার জনা যে টাকা উঠবে, তাও সবটা স্পানে খরচ হবে কিনা, যথেষ্ট সন্দেহ আছে। দ্বিতীয় স্ন্যানেও হয়নি। দ্বিতীয় স্প্যানে অর্থ সংগ্রহ হয়েছিল কি কি। কেন্দু সাহায়া ৭৫·৩ কোটি টাকা এবং রাজা সরকার সংগ্রহ করেন মারকেট লোন নিরে ২৬-৯১ কোটি টাকা। তারপর কেন্দ্র থেকে আবার লোন দেওয়া হয় ২৭-৮৮ কোটি টাকা এবং অতিরিক্ত, কর-ভার ৬৫ কোটি টাকা। এই সমস্ত মোট মিলিয়ে ১৯৫০০৯ কোটি টাকা। আর এখানে বাজেট বস্তুতায় বলা হয়েছে

তার মানে বাকি ৪৭ কোটি টাকা, অর্থাৎ শতকরা ৩২ ভাগ নন-স্ক্র্যান খাতে খরচ করা হয়েছে। কিন্তু যদি থার্ড স্বানএ সব টাকাই খরচ করতে পারেন, তব্ত ১৯৭৫ সালে ভারত **থাকবে** প্রিথবীর দরিদ্রতম্ সকল দেশের নীচে। স্তুরাং থার্ড প্ল্যানকে আরও বড় কর; দরকার। भ टतार भ्यान ज्यानक वर्ष कहा पहेकाहे. यान रहते करा आहा अतनक वावस्था कहा पहेकाहे। वर्ष স্পানের সংগতি কোখার বলকেন। সংগতি পাওয়া বায় কিন্তু খাঞ্চতে হয়। সংগতি পেতে হলে প্রথম কি চেণ্টা করতে হবে? প্রথমে বে সংগতি আছে সেই সংগতির চুরি হয়ে যাওয়া কর্ম करा। इतित कना भन्तीता প্रठाक वा भरताक्षणत्व माग्नी। अक्टो नग्ना मिक्टि अटे आभारमद कथा नव्र. कान क्रिकेनिटम्पेत कथा नत् हीन अक्कम शहन्छ क्रिकेनिम्पे विद्वाधी अवर अहे মন্ত্রীদের দ্বনীতি দমন বিভাগের ভূতপূর্ব অধিকর্তা ডাঃ নবগোপাল দাস, আই সি এস। তিনি একটা উদাহরণ দিরেছেন তার বইতে, আমি সেটা আপনাকে একটা পড়ে দিছি। এইভাবে এ'দের অফিসার লিখছেন, "পাঁচশালা পরিকল্পনায় জনকলা" প্রসারী নানা কর্মস্চির অজ্বাতে প্রতি বছর লক্ষ টাকা খরচ হচ্ছে। টাকাটা প্রথমে দিই আমরা, দেশের সাধারণ করদাতার দল। তারপর তা জমা হয় সরকারী তহবিলে এবং প্রতি বছরই সেই তহবিল থেকে একটা মোটা অংক সরকার তুলে দেন নানা বেসরকারী অথবা আধা সরকারী প্রতিষ্ঠানের হাতে।" তারপর একটা বাদ দিয়ে পড়ছি, "মনে পড়ে, আমার কাছে একদিন খবর এসেছিল দেশেরই বিখ্যাত এক প্রতিষ্ঠান সম্পর্কে। সংবাদদাতা তার নাম দেন নি। তার ভয়, নাম প্রকাশ হলে তিনি হয়ত বিপদে

second plan was of the order of Rs. 148 crores.

লোক, এমন প্ৰেথান্প থে বৰ্ণনা বাইরের কারে পক্ষেই দেওয়া সম্ভবপর হ'ত না।
"প্রথমিক ভদত করে জানলাম একজন মন্দ্রী এই প্রতিষ্ঠানের অবৈত্নিক সভাপতি। মন্দ্রী
মহোদ্যের কাছে আমার প্রাথমিক তদতের রিপোর্ট পেশ করলাম।

পড়বেন। তবে তালিকা দেখে আমার কোনই সন্দেহ ছিল না বে তিনি প্রতিষ্ঠানের ভেতরের

"তিনি হকচাকরে গেলেন। আমাকে ডেকে বললেন, ডাঃ দাস, এসব সম্পূর্ণ মিখ্যা অভিযোগ, নিতাকত ঈর্যাপ্রস_্ত। আমি জানি এই প্রতিষ্ঠানের মধ্যে দুটো দল রয়েছে, বিরোধীপক্ষ তাদের খুসীমত প্রতিষ্ঠান চালাতে পারছে না বলেই এইসব আজগুরি কথা আপনার কাছে লিখেছে।

"সম্ভাবনাটা আমি অস্বীকার করলাম না, কিন্তু বিনীতভাবে জানালাম যে সংবাদদাতার চিঠিকে আমিও গসপেল ট্র্রুখ বলে মেনে নিই নি, আমি নিজে খানিকটা তদস্ত করেছি এবং অধিকাংশ অভিযোগই ভিত্তিমূলক বলে আমার মনে হয়েছে। তবু কোন চ্ডান্ড সিম্পান্তে আমি আসিনি আমি বিধরটা তার সামনে উপস্থাপিত করেছি যাতে পরে তিনি বিত্তত বোধ না করেন। তার অনুমতি নিয়ে আমি আরও গভীরভাবে অনুসন্ধান করতে চাই।

তিনি বললেন যে কাগজপত্র ভাল করে দেখে আমাকে পরে জানাবেন। তথনই ব্রক্তাম তিনি চান না যে বিষয়টার কোন ব্যাপক তদন্ত হয়। এই প্রতিষ্ঠানের নোংরা কাপড় জনসাধারণের সামনে ধোওয়া হ'লে তার গায়েও ছিটেফোটা লাগবে. এই তার ভর।"

আমি শ্বধ্ একটা নম্না দিলাম। সর্ব দিক থেকে এটা বিশ্বাসযোগ্য। তাঁর বর্ণনা থেকে বললাম এবং তিনি প্রচণ্ড কমিউনিস্ট বিরোধী ছিলেন। অবশ্য এতে বিরোধী পক্ষের সমালোচনাও করা হয়েছে এবং সেই সব আলোচনা ঠিক হলে তা গ্রহণ করতে রাজী আছি। কিন্তু কথা হছে, পরসা ত আর আমরা নিয়ন্ত্রণ করি না। সংগতি অংনতে হলে এই চুরি বন্ধ করতে হবে। যদি সরকার রাজী থাকেন তাহলে আমরা সংপূর্ণ সহযোগতা করতে রাজী আছি।

তারপর চুরি বংধ করতে হবে, কি চুরি? ট্যাক্স চুরি। ট্যাক্স চুরি কি হয় আমাদের দেশে তা বর্লাছ। ট্যাক্স চুরি বংধ করা, পর্নালস এয়কখন নেওয়া আমাদের রাজ্যসরকারের করণীয়। বেশী দ্বে নয়, স্টক এক্সচেপ্ত মারকেট-এর পাশাপাশি কার্টান মারকেট আছে, সেথানে কিছ্টা ধরপাকড় করলেই অনেক সংগতি বেরিয়ে আসবে। 'স্টেটসম্যান' ২০শে মে এই সম্বংধ একটা রিপোর্ট লিখেছে, মন্দ্রী মহাশয়রা দয়া করে খেরাল করবেন, 'স্টেটসম্যান' লিখেছে—

"Katni market is said to have grown more powerful than the official share market.....The total turnover in the Katni market is said to be in the neighbourhood of Rs. 10 crores dailyAccording to an expert estimate the Government of India would not have had to impose quite such heavy excise duties and cause quite such hardships to the ordinary citizen if steps were taken to recover the Government's share from the vast untaxed money that floats in the Katni market of Calcutta daily." 13-20—3-30 n.m.1

দশ কোটি টাকার ডেইলি ট্রানজাকসন তার কোন ট্যাক্স আসে না সরকারের ঘরে। সরকার ইচ্ছা করণে অনেক টাকা অদায় করে সংগতি বহু টাকা বাড়াতে পারেন। প্রাইভেট টেলিফোন লাইন সমেত অনেক লোক ধরা পড়েছিল, কিন্তু তারা ছাড়া পেলেন কেন না এদের সেবা করার জনাই কংগ্রেস সরকারের 'মিশ্র অর্থ'নীতি'। এরা যদি ধরা পড়ে—এদের ট্যাক্স চুরি যদি ধরা পড়ে তাহলে সরকারের উপর এদের কর্মফিডেন্স থাকে না। বিধানবাব বাজেট স্টেটমেন্টএ বলেছেন যে এদের কর্মফিডেন্স আছে বলে গভর্নমেন্ট চলছে—তিনি বলেছেন

the private entrepreneurs and investors have confidence in our national policy of a "mixed economy" and the national goal of a socialistic pattern of society.

এখন তাদের যদি ধরা হয় তাহলে স্বভাবতই তাদের কনফিডেন্স থাকবে না—সরকারের অবস্থা তাহলে কি দীভাবে?

তারপর এদের টাক্স নীতির, অর্থানীতির নম্না ধর্ন। ভূমিরাজম্ব, ১৯৬২-৬০ সালের বাজেটে ভূমিরাজম্ব ব্যাপারে ধরচ কি? আদায় ধরচা ৪-২৫ কোটি টাকা আর ক্রতিপ্রেপ ৪-৩০ কোটি। একুনে ৮-৫৫ কোটি অর্থাৎ ৮৮ কোটির বেশী, আর ভূমিরাজম্ব আদায় কত? ৭-১১ কোটি, বেশী লাগল কত? ১-৪৪ কোটি টাকা। বাস, একেবারে হরিবেল। কৃষককে দেড়ে মুসে যে টাকা আদায় করা হল তার সব গেলা জমিদার, পাইক পেরাদার মরে, তার উপরে আরও সাধারণ রাজম্ব থেকে ১৯ কোটি টাকা তাদের দেওয়া হল। কেন? জমিদাররা উপরতলার স্করা—বেশী ক্রতিপ্রেপ বাদের পাওনা—তাদের ক্রতিপ্রেপর টাকা তো কমাতে পারেন; তাতে কয়েক কোটি টাকা বাঁচতে পারে। করবেন কি? আমরা সহবোঁগতা কয়তে প্রস্তুত আছি।

তায়পর বিজয়কর। বিজয়কর ১৯৫৮-৫৯ ছিল ১৬-৬৫ কোটি, তার থেকে বেড়ে ১৯৬২-৬০-তে হবে ২১-০৮ কোটি, আর কৃষি আয়কর ১৯৫৮-৫৯ সালে ৯০-১৯লক থেকে ১৯৬২-৬০ সালে হবে ৭০ লক। বিদও তারা বলেছেন বামপার রূপ হয়েছে, ম্লাব্ন্পি হয়েছে, জৃষি আয় বাদের বেশী তাদের আয় বেড়েছে। অবশা জমিদারী দখলের পর কৃষি আয়কর কিছ্টা কমবে, সেটা স্বাভাবিক, কিস্তু কৃষি আয়কর চা-বাগানের উপরও আছে। কৃষি আয়কর সমেত চা-বাগানের আয়কর শতকরা ৬০ ভাগ দিতে হয়. তার মধ্যে কৃষি আয়কর হিসাবে গণ্য হয় চার ভাগ। ৬০ ভাগ বিদ আয়কর তাহলে টাকায় চার আনা। চা-বাগানের মালিকের উপর এই সদাশয়তার কারণ কি। সেখানে স্পার টাকা বসান। গরীব চাষী বা অলপ কিছ্ আমদানী হয়েছে এরকম লোকের কথা বলছি না। কিস্তু বড়লোক—যাদের দেবার সংগতি আছে তাদের কথা বলছি। তাহলে তো বহু লক্ষ টাকা হাতে আসবে।

তারপর আমাদের কলকাতার সাধারণ মান্য যথন রবীন্দ্রশতবার্ষিকী পালন করেছিলেন তথন
এখানে চায়ের শতবার্ষিকীও হয়েছিল। পণ্ডিত নেহের চায়ের নীলামের জন্মশতবার্ষিকী করতে
এলেন কলকাতায়। সেটা কি বস্তু? একশ বছর ধরে আমাদের যে চা তারা নীলাম করে যা কিছ্
লাত তার বাবসার উপর যা কিছ্ নিয়লুণ বিদেশীরা ক'রে আসছে সেই একশ বছরের বিদেশী লেন
দেনের উৎসবে কংগ্রেস সরকারের মন্দ্রীর অভিনন্দন লাভ করল। ৩১ লক্ষ টি চেস্ট-এর মধ্যে
৩০ লক্ষ টি চেস্ট হচ্ছে বিদেশীর দখলে। দখল কর্ন চায়ের নীলাম সরকার। তাতে সংগতি
বাড়াতে পারবেন। বিধানবাব্ বলবেন না—আমাদের বাবসাদাররা আস্তে আস্তে কোম্পানী করে
নীলামের বাজার দমন করতে পারবেন। আমাদের ওতে দরকার নেই।

এই ১৪ বছর ধরে দেশী নিলামওয়ালারা ১ লক্ষ টি চেস্টের উপর কর্তাত্ব করতে পেরেছেন। ১৪ বছরে ১ লক্ষ হলে ৩০ লক্ষ দখল করতে ৪২০ বছর লাগবে। তখন বিধানবাব্যও থাকবে না আর আমরাও থাকবো না-কান্সেই ভোগ করবে কে? তা ছাড়া চায়ের ৬৪ ভাগ-চারের বাজার শুখু নয় গোটা চা সম্পদের শতকরা ৬৪ ভাগ আক্ত বিদেশীর হাতে। চা আর অন্যান্য বাগিচায় বিদেশী মূলধন ১৯৪৮ সালে ৫২ কোটি ছিল। আর স্বাধীনতার পর বিদেশী মূলধন বেডে ১৫ কোটি টাকা হয়েছে। এটা ১৯৫৮ সালের হিসেব। চায়ের জন্য ১৯৫৩ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত বিদেশে ভারতের ইনভেন্টমেন্ট ইনকাম লাইবিলিটি—অর্থাৎ দার ৬৬٠৩ কোটি টাকা। এই হচ্ছে রিজার্ভ ব্যাঞ্ক-এর হিসেব। এই লুঠ বন্ধ করে দেশের কাজে লাগাতে প্রস্তুত আছেন? তাহলে সংগতি পাবেন এবং আমরা সহযোগিতা করতে প্রস্তুত **আছি।** চটকল জাতীয়করণ কর্ন আমরা সহযোগিতা করতে প্রস্তৃত আছি এতে সংগতি পাবেন। চটকলের মত একটা স্থার্টোজক ইন্ডাস্থি আমাদের হাতে আসবে, তার পণ্য সম্ভারে বৈচিন্ত্য এনে আমরা আরও উন্নতি করতে পারব। ইলেকট্রিক ও ট্রাম-এর কথা আমরা আগেও বলেছি চটকলের কথা আমি বিশেষ করে বলব এইজন যে গত বছর চটকলের মালিকরা যা করলেন তারপরে অন্ততপক্ষে তার ম্যানেজমেন্ট সরকারের হাতে নিয়ে নেওয়া উচিত--বাতে এইরক্মভাবে কৃষকদের বিরুম্থে তারা লড়াই করতে না পারেন, শ্রমিককে মুদ্রিকলে ফেলতে না পারেন। সেই সময় व्याउनाङ উঠেছिल वाश्नामित्म ठावेकल भानिकामत्र अहे वावस्थात वितृत्स्य अकरो। उनग्र किमीरे বসান হউক। অন্ততপক্ষে আমরা দাবী করব একটা তদন্ত কমিটি বসান বিধানবাব। এই প্রশেবর তিনি কি জবাব দেন আমি জানতে চাই। তিনি সে সময় বলেছিলেন একটা ফ্রোর প্রাইস করা বেতে পারে তাও হয়নি। আজও চটকলের কৃষক, চটকলের শ্রমিক, চ**টকলের দেশী-বিদেশী** মালিকদের করুণার পাত্র হরে পড়ে আছে।

কালেই রাজ্যপালের অজ্যাতটা ঠিক নর যে সংগতির অভাব। যাদের সংগতি নেই তাদের আরও শুষে নিয়ে এই দেশে ধনবাদ গড়ে তুলবেন এই হচ্ছে এদের নীতি। এতে মান্ব মরবে শিল্পারণও মন্দ্রর হতে বাধা।

এখন বাজেটের কথা। আমি রাজন্বের হিসাব করে দেখলাম ১৯৫৮-৫৯ থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত প্রার প্রত্যেকটা বছরে মোট রাজন্বের শতকরা ৮০ ভাগ রাজাের টাাক্স এবং কেন্দ্রের গ্রান্ট থেকে আসছে। সরকারী কমান্শিরাল আন্ত আদার আন্তারটোকং সংক্যা থেকে ১ পরসাও ডিভিডেন্ড আসে না। টাক্স-এর উপরেই ভরসা। সেই ট্যাক্স-এর ধরণটা কি দেখ্ন, তার থেকেই এই সরকারের চরিত্ত বাঝা বাবে। ১৯৫৫-৫৬ সালাে জাের ট্যাক্স রেভিনিউ ছিল ২৫-০৮ কােটি

টাকা। আর ১৯৬২-৬৩ সালে হবে ৫১-৯৮ কোটি টাকা। অর্থাৎ শতকরা ৯০০ ভাগেরও বেশী টাার বেড়েছে ১৪ বছরে। ঐ একই সমর Taxes on commodities and services অর্থাৎ মানুষের সেবার উপরে যে ট্যাক্স ধার্য হয়েছে সেটা ১২-৬২ কোটি থেকে ০১-২৬ কোটিতে উঠবে। অর্থাৎ মোট ট্যাক্স-এর মধ্যে কমোডিটি অ্যান্ড সার্ভিস ট্যাক্স-এর অনুপাতে ৪১-৭১ थ्यत्क ७०-५ भारतमन्त्रे छेठेरव। मःरन कनमाधाराभार छेभर स्वाका वास्रस्व। वर्षमध्यन ध्ववाव নতুন ট্যাক্স আনবো না। ভরসা কি? গত বছর ঠিক একই ভাষায় বিধানবাব, বলেছিলেন I have not made any proposal for fresh taxation. কিন্তু বছরের শেষের দিকে গরীবের সিনেমা-থিয়েটারের উপর ট্যাক্স বসিয়ে গতবারের বাজেটের তুলনায় ৬৭ লক্ষ টাকা আদায় করে নিলেন। এই হল ট্যাক্স-এর ধরন। আর খরচের ধরন?

সেকেণ্ড ফাইভ-ইয়ার স্পান-এর নামে ১৯৫ কোটি টাকা জোগাড় করলেন। তার প্রায় শতকরা ৩২ ভাগই নন্ স্প্যান খাতে খরচ করার উদাহরণ আমি আগেই দিয়েছি।

[3-30-3-40 p.m.]

তা ছাড়া কৃষি, স্বাস্থ্য, জল সরবরাহ, বস্তী অপসারণ, গ্রাম্য ক্রুদ্রশিলপ, হাউসিং ইত্যাদি প্রত্যেকটা খাতে বরান্দমত কাল করতে পারেন নি এবং কোটি কোটি টাকা ফেরং গেছে। আবার দেখন সাধারণ বাজেটে সিভিল র্য়াডমিনিস্টেশান খরচ বেডেছে। জেনারেল র্যাডমিনিস্টেশান **प्यन, भृतिम এवर ब्युफिमिরाরि ই**ত্যাদি মিলিরে ১৯৫৫-৫৬ সালে ধরচ হরেছিল ১২-০৩ কোটি, আর ১৯৬২-৬০ সালের বাজেটে হবে ১৬-২৯ কোটি টাকা। অর্থাৎ ১২ কোটির জারগার ১৬ কোটি। ডাইরেট্ট প্রালমের খরচ ৬০৮ কোটি থেকে ৯০৮ কোটিতে উঠবে। অথচ মেডিকাল এন্ড পাৰ্বলিক হেলৰ-এ ১৯৫৭-৫৮ থেকে ১৯৬০-৬১ সাল পৰ্যন্ত বাজেট ব্যাদের চেরে বাস্তবে খরচ কম হয়েছে ৪-১৭ কোটি টাকা; কৃষি, সমবার, পশ্পালন, মংসা পালনেও পরচ কম হয়েছে ৪০০৫ কোটি টাকা। কিল্ড ঐ সময়ে সিভিন্স র্যাডমিনিস্ট্রেশানে বরান্দের চেয়ে ১.४ क्वांवि वोका तम्मी थक्र श्रासः। अकुरकमात्न अकवे, थक्र तरापुरः वरवे, किन्त्र त्र वाष्ट्रा বাড়াই নর, কারণ সংবিধানের নির্দেশ প্রাথমিক শিক্ষা সম্পর্কে যা আছে তাও আপনারা পালন করতে পারেন নি। তারপর পার্যালক ডেটের (ডেট) অবস্থা কি? ১৯৬২-৬৩ সালের বাজেটের ক্যাপিটাল এক্সপেন্ডিচার ৪৫ কোটি টাকার মধ্যে শুধু অট্রালিকার জন্য খরচ হরেছে ৩ কোটি ৮৫ লক টাকা। কাইনাল্স একাউন্ট-এর লেটেন্ট যে কপি তাতে দেখছি রাজ্যের পার্বালক ডেট २५२ क्लिंग गोका। शित्राव करत रायकाम या थे लान खरक, थे एउट खरक फि फि ति महाजाकी यात्र यनामा हेन्छाम्बियान धरा एएएनाभरमणे न्कीरमत हेमन्य एरमण्येत ১৫০-৫৭ काणि होका. রাস্তাঘাটের জন্য ২০০৯ কোটি টাকা: উম্বাস্ত্র খাতে ৫১ কোটি টাকা; আর বাকী প্রার ৬৮ কোটি টাকা শ্বে: অট্রালিকা তৈরী করার জনা খরচ হবে। দেশ বেখানে এত দরিদ্র সেখানে অট্রালিকার উপর এত জোর কিসের জনা? না কন্টাষ্টার, পার্রামট হেল্ডারদের কিছু, খাওরাতে दर्प धनः एए एक निर्माण कार्यात को भारत को भारत के स्वाप्त के स्वाप বাব্দেট সন্বন্ধে বা দেখতে পাওরা বাক্তে সেটাই আমার বন্ধবা।

এইরকম রাজ্যে কোটি কোটি টাকা খরচের পরও সেখানে যে বেকারী বাড়বে তাতে কিছু আশ্চর্ব राने । जवना लाकजरशा क्य राम, किन्दा निन्न अको, दानी राम वकारी व अक्दादा लान शार्व जा मह। किन नह ना मानाकाव सिक समात्क विकारी बाकरज वाधा वाह कना विभी संस्थाक জাসানে বেকার আছে : আবার অপেক্ষাকৃত কম লোকসংখ্যা ও যথেন্ট শিলেগানত আমেরিকাতেও বেকার আছে। कास्त्र्ये धनवामी সমাজবাবস্থাতে বেকার থাকবেই। কারণ মনোফা হচ্ছে সেই সমাজের ভিত্তি। সেদিন একজন কংগ্রেস সদস্য জাপানের কথা বলে বলেছেন যে আমাদের মত জাপানের অকশ্য লোকসংখ্যা সেখানে বেশী। তিনি সেদিন জাপান সরকারের স্ট্যাটিসটিক্যাল হ্যান্ডবক থেকে কোটেশন দিয়েছিলেন। তিনি ভূলে গেছেন যে জাপানে লোকসংখ্যা বাড়া সন্তেও শিলেপ তারা অনেক অগ্রসর হয়েছিল। নতেন করে তাদের বে আবার দর্শশা সৃষ্টি হল তার কারণ লোকসংখ্যা বাড়া নয়, তারা যে স্বাধীনতা হারাল। জাপানে আরু নিজেদের ক্যাপিটালিস্ট ক্রাসের শোষণ চলছে এবং এর উপর আর্ফোরকান কুর্যাপিটালিস্ট ক্লাসের লোমধ এবং বঞ্চনা তাদের উপর ন্তন করে চেপেছে। কান্তেই দুমুখো শোষণ ও অত্যাচারের সম্মুখে আরু জাপানের এই দুরবস্থা হওয়া খ্বই স্বাভাবিক। জাপানের তাবেদার সরকার তাদের স্টাটিসটিকাল হ্যান্ডবৃকে একথা **ছाপাবেন না, একজন নৃত্ন কংগ্রেস সদস্যের একথা বিবেচনা করা প্রয়োজন ছিল।**

আরেরিকান সরবারের তাঁবেদারী কুরার কোন প্রয়োজন ছিল না। বাই ছোক একথা আমরা স্বাই বৃধি যে একমার সমাজতাশ্যিক সমাজব্যবস্থা বেখানে সেখানেই ধনবাদ উঠে গেছে, সেখানেই বেলার এরকম নাই, সোভিরেটে নাই, চাঁনে নাই অন্যান্য সমাজতাশ্যিক দেশে নাই। এমনকি বিধানবাব, বাদি বেকার থাকেন, সেখানে গেলে তিনি কাজ পাবেন, তাতে কোন সন্দেহ নাই।

The Hen'ble Dr. Bidhan Chandra Roy: আপনি যান।

Shri Somnath Lahiri:

আমাদের এখানে দরকার আছে, কাজ আছে, আপনার মত সমুপারএন রেটেড তো নই! কিন্ত ধনবাদী সমাজেও আমাদের মত অপদার্থ দেশ কম আছে। যেখানে দুই দুইটি পরিকল্পনার পরও বেকারের সংখ্যা ন্বিগাণ হয় ধনবাদী দেশেও এরকম দৃ্টান্ত পাওরা খাব শন্ত। কংগ্রেসী শাসকরা কি বলছেন দেখনে, বিশেষ করে প্রফালকুমার সেন মহাশয় বলেছেন স্বাধীনতা পাবার পর লোক ভাল কান্ত পাছে, ভাল খাছে, বেশী বেশী সম্তান উৎপাদন করছে, সূতরাং এত লোককে काक (मुख्या खरू भारत ना। भू छताः विधानवाव हा बर्जन क्रम्यनियम् कत्ना। अधारन आग्रि যেকথা বলছি দেবজায় যদি কেউ জন্মনিয়ন্ত্রণ করে আমার কোন আপত্তি নাই কিন্ত কংগ্রেসী রাজতে লোকসংখ্যা বান্ধির জন্য কি বেকারী বেডেছে? প্রশ্নটা ভেবে দেখা দরকার। দেখা বাক কংগ্রেসী রাজত্ব কর্তদিনের। ১৪ বছরের। যে শিশ্ম কংগ্রেসী রাজত্বের প্রথম দিনেও ভূমিষ্ঠ হয়েছে তার বয়স কত? না, ১৪ বছর। এই ১৪ বছর বয়সের ছেলেমেয়ে, কংগ্রেস রাজছের কোন শিশ্ব কোন নবজাতক লেবার মারকেটএ প্রবেশ করার আগেই তো এত বেকার, তাদের জন্য বেকারী বাড়ল এটা তো সতা নয়! অপদার্থতার জনাই তারা পরোনো মান্রদের কাল দেবার বাকথা করতে পারেন নি। তারা তাদের অপদার্থতা ঢাকবার জনা এই লোকসংখ্যা বৃন্ধির যুত্তি দেখাছেন। আর যদি ধরে নেই লোকসংখ্যা বৃন্ধির কারণ তাহলে লোকসংখ্যা কি जारल इरहाए म्यगान इरहाए. ६० लक स्थरक ৯६ लक इरहा मीजिसहार । माजह १ **धरे यांत** ছেলো যাত্তি আসলে মানাফাখোরদের সেবা করতে গিয়ে এবা জনসাধারণকে কান্ধ দিতে পারেন নি। নবজাতকদের এবা ভয় করেন, নবজীবনের স্থিতির এরা বিরোধিতা করতে চান। সেদিন একজন কংগ্রেস সদস্য-নামটা মনে পড়ছে না-মহাভারতের উদাহরণ দিরেছিলেন। সেদিন কংগ্রেস সদস্য মহাশার মহাভারতের আদর্শের কিছুটো নির্মেছলেন, বাকিটা নেন নি। মহাভারতে আবর্জনা স্ত্পে বলে একটা স্ত্পে আছে সেখানে কংগ্রেস রাজার মতই একটা রাজা ছিল, তার নাম হল কংস। এই কংস রাজার শয়তানী অত্যাচারে নবজাতক ধরংস হরেছিল, তিনি তাদের হত্য করেছিলেন আমাদের কংগ্রেসরাজও নবজাতককে হত্যা করছেন। কিন্তু এই কংগ্রেস রাজত্ব চিরকাল বাঁচবে না। এরা মানুষের বিক্ষোভকে তিনবার হত্যা করে গদী পেয়েছে বলে আহ্মাদে আটখানা হয়েছে। কংস-রাজ সাতবার অত্যাচার করেও ৭ম অত্যাচারের পর আটবারের বার াকা পার্রান, এরাও পাবে না, একথা বলে আমার বন্ধবা শেব কর্মছ।

Shri Anil Maitra:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই সভার নবাগত। তাই ব্রভাবতই এ কর্মাদন বিভিন্ন সদসাদের বন্ধতা শুনেছি নিজেকে শিক্ষিত করবার জন্য। এই বিধানসভার প্রতিনিধিত্ব করবার আগে গত ১০ বছর ধরে আমি ব্যায়ন্তশাসন প্রতিন্ঠান কলকাতা প্রপোরেশনে প্রতিনিধিত্ব করে এর্মোছ। কলকাতার থবরের কাগজে বিধানসভার উচ্চতর প্রতিনিধিরা অপদার্থ, অকর্মাণ্য ও অপ্রার্শাপক আলোচনা করে না এগ্রনিট সাধারণভাবে শুনে এবর্মাছ। ব্রভাবতই এখানে বন্ধন এর্মোছ তখন এখানকার উচ্চতর আলোচনা শুনতে পাব এবং বিধানসভার আমার বন্ধবা রাখতে পারব এটা আশা করাছ।

[3-40-3-50 p.m.]

মাননীর অধ্যক্ষ মহাশর, আজকে কেউ জনপ্রতিনিধি হরে এই বিধানসভাতেই আস্ক বা অন্য কোন স্বায়স্থাসন প্রতিষ্ঠানেই বাক সে বাংলাদেশের মান্য কাঞ্জেই সে বদি অন্য কোন প্রতিষ্ঠানে প্রতিনিধিত্ব করে তাহলে তাঁর গুণ কতথানি বাড়ে তা' আমি জানি না। রাজ্যপালের ভাষণের

উপর বেসব আলোচনা হোল এই ধরনের আলোচনা আমি গত ১০ বছর বাবং কলিকাতা কর্প दिशान गृत्नीह वदर जाखरक वधान विद्वारी भरकत वदर करखन भरकत नमानाता यका दमायकारि प्रिचलाहम अवर जीपन अमाकात छेर्जा किलाद कतरा भारतन वरणहम अहे। क्रा कर्पातमानत व र रहे न माम्कतम हिस्सद एथए प्रमाय। আজকে আলোচনা कत्रवात स्वयः আমার মনে পড়ছে গত ১০ বছর আগে আমি বখন কপোরেশনে কাউন্সিলার হিসেবে নির্বাচিত হয়ে যাই তথন আমি বিরোধীদলে ছিলাম এবং সেই সময় আমাদের শ্রুদেধয় প্রধানমন্ত্রী বলেছিলেন যে, কপোরেশনের কাজের যদি উল্লাভ করতে চাও ভাহলে প্রথমে তোমরা কর্পোরেশনের কাষক বছরের বাজেট ভালভাবে আয়ত্ব কর এবং তারপর তোমরা কর্পোরেশনের উর্ঘাত করতে পারবে। যা হোক, বংলাদেশের এই বাজেট যে বৃহদাকার হয়েছে এটা আমি স্বীকার কর্মছ কাজেই এই বাজেট সম্পর্কে সাধারণ আলোচনা করা ছাড়া এই বাজেটের মধ্যে গিয়ে আলোচনা করবার সময় এখনও আমার হয়নি। সারে, আজকে আমি আমার প্রথম বস্তুতার মাধ্যমে কলিকাতা কর্পোরেশনের প্রতিনিধি হিসেবে কয়েকটি কথা এখানে রাথব কারণ আজকৈ কলিকাতা কপোরেশনেও বাজেট নিয়ে আলোচনা হচ্ছে। প্রথম বস্তুতার দিনে আমি প্রথমে এই ভেবে অনুপ্রাণিত হয়েছি বে আমাদের প্রধানমন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের কয়েকটি নীতি স্বীকার করেন নি এবং পশ্চিম বাংলার দ্লাবী রাখবার জন্য সেই নিয়ে তিনি নূতন করে স্প্রিম কোটে গিয়েছেন। যা হোক পশ্চিম বাংলার বাজেট আলোচনা করার পূর্বে আমি কলিকাতা কপোরেশনের যেসব ন্যায়া দাবী রয়েছে সেগলি প্রথমে তলবো। মাননীয় অধাক মহাশয়, আপনি এক সময় কর্পোরেশনের মেয়র ছিলেন এবং এখানে আরও ২।১ জন আছেন যাঁরা এক সময়ে কপোরেশনের মেয়র ছিলেন। আজকে যখন প্রধানমন্ত্রী মহাশয় প্রায়ন্থশাসন প্রতিষ্ঠান এবং পার্বলিক ব্যক্তেট নিয়ে আলোচন করছেন তথ্য আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রী যিনি এককালে হাওড়া মিউনিসিপ্যালিটিতে সুযোগ্য চেয়ারম্যান হিসেবে কাজ করেছেন তাঁর কাছে কয়েকটি নীতির কথা প্রথমে তুলবো এবং সেগুলো হচ্ছে যে. স্বাধীনতা পাবার পর এই স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানকে আমরা কি কি অধিকার দেব এবং কতখানি দায়িত্ব তাঁদের উপর নাস্ত করব সেই প্রশ্ন আজকে এসেছে। ট্যাক্সের ব্যাপারে সাধারণ নাগরিকরা যে ট্যাক্স দেয় সেই ইনসিডেন্স অব ট্যাক্সেসন অর্থাৎ তাদের করভার নির্ধারিত হয় কেন্দ্রীয় সরকারের টাক্স লোকাল অথারিটিস টাক্সে মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের টাভের শ্বারা। তবে কোলক।তার নার্গারকরা আজকে সকলেই পশ্চিম্বংগ সর্বারকে ধনাবাদ দেবে কেননা এবারে তাঁদের উপর সরকার করভার চাপান নি। কিন্তু একটা জিনিস দেখতে পাচ্ছ যে শহরের যাঁর: বাডীওয়ালা তাঁদের যদি ৬ বছর অন্তর অন্তর নতেন করে কর্তারে জ্জারিত করা इस छाइटल और भारिकादिक वादक वात्रक वात्रक वादक वादक वादक वादक আলোচনা প্রসঙ্গে ফাইনাম্স কমিটির চেয়ারম্যান-এ বছরের চেয়ারম্যান নয়, গত বছরের এবং তার আগের বছরের চেয়ারম্যান--যে কথা কপোরেশনের সামনে রেখেছিলেন সেই দাবী আমি রাখছি এবং সেটা হচ্ছে মোটর ভেহিকলস টাব্রে। এই মোটর ভেহিকলস টাব্রে আজকে ব্যক্তন্ত খাতে জমা হচ্ছে কিল্ড আমি বিনীতভাবে অনুরোধ করে জানতে চাচ্ছি যে এটা কার প্রাপা? लाकान छो। अ धनरकाशाती की भिष्ठ धनः कार्यनान्त्र धनरकाशाती की भिष्ठ छे छा। अ हो। अ हो। अ हो। अ অর্থারটির উপর ধার্য করেছে। আজকে করের দায়িত্ব এই কর্পোরেশন স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানের উপর পড়েছে। আজকে বিজ্ঞানের যুগে যেসব বৃহৎ যানবাহনের সুন্টি হয়েছে তাতে কলকাতা শহরের রাস্তাঘাট ঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা কর্পোরেশনের পক্ষে একটা সমস্যা হয়ে দাঁভিয়েছে। শুধু কলকাতার এই সমস্যা নয়, আশেপাশে যেসব ক্ষুদ্র মিউনিসিপ্যালিটি আছে তাদেরও এই সমস্যা। আমি মুখামন্দ্রীর কাছে বিনীতভাবে অনুরোধ করছি যে তিনি একটা কমিশান বসিয়ে মোটর ভেহিকিলস ট্যাক্স সম্বন্ধে আমাদের একটা নীতি যেন নির্ধারিত করেন। অবশ্য এ কথা সতা যে পশ্চিমবঞ্গ সরকার ডিয়ারনেস এলাউন্স হিসাবে বহু টাকা কর্পোরেশন বা বিভিন্ন পৌর প্রতিষ্ঠানকে দিয়ে থাকেন যেটা দিয়ে ওদের আয় বারের মধ্যে খানিকটা হারাহারি এ।।ডঞ্জাস্টমেন্ট হতে পারে। স্বতরাং আজকে একটা নীতিগত প্রন্ন এসেছে। আমরা দেখছি যে আজকে গ্রামে পঞ্চায়েং হয়েছে। এই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের লোক বিভিন্ন কাল্ল করবার জনা স্যোগ স্থাবিধা পাছে। স্বাধুনিতা পাবার পর ১৯৫১ সালে যে আইন তৈরি হয়েছে তাতে আমরা দেখতে পাছি যে কলকাতা কপোরেশন তাদের অনেক ক্ষমতা হারিয়েছে। আজকে স্বাধীন দেশের নীতি অনুসারে লোকাল অর্থারটি স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানের উপর প্রার্থায়ক শিক্ষা, স্বাস্থা এমনকি সিটি প্রলিসের দায়িত্ব দেওয়া হয়েছে। তারাও মোটামটি স্বীকার করে

নিরেছে এই স্বায়ম্বাসন প্রতিষ্ঠান হাদের বেসব অশুক্তিক সমস্যা সেগ্রিল সমাধান করবে।
সেজনা মাননীর অধ্যক্ষ মহাশের, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গা সরকারকে অনুরোধ করব বে
তারা এই স্বায়ম্বাসন প্রতিষ্ঠানের অধিকার সম্পর্কে একটা নীতি ঘোষণা কর্ব্র বে স্বায়ম্বাসন প্রতিষ্ঠান আবার ক্ষমতা পেরে তাদের সমস্যা তারা নিজেরাই সমাধান করবে, না পশ্চিমবঙ্গা সরকার
তাদের একটা শাখা হিসাবে সেটা পরিচালনা করবেন। কারণ, জনপ্রতিনিধিত্ব আমরা দেখেছি।
যে আইন ১৯৫১ সালে তৈরি হর্য়েছিল তার আগের ইতিহাস আমরা জানি, সেটা হল মানুষের
অবিশ্বাসের উপর একটা আইনের বাধন তৈরি করা হয়েছিল, তাতে জনপ্রতিনিধি, পৌর
প্রতিনিধির সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে সেটা কর্মচারীদের উপর দেওয়া হয়েছিল। আজকে
কর্পোরেশনের অপদার্থতার প্রধান কারণ হচ্ছে এই যে, যে ক্ষমতা কর্মচারীদের দেওয়া হয়েছে
সেটা খ্ব সীমিত। কলকাতা কর্পোরেশনের ইঞ্জিনীয়ারের এক হাজার টাকার বেশী কাজ
করর ক্ষমতা নেই। কমিশনার যিনি প্রধান কর্মক্তা তার ৫ হাজার টাকার বেশী কাজ
করর ক্ষমতা নেই। কমিশনার যিনি প্রধান কর্মকতা তার ৫ হাজার টাকার বেশী কাজ
করের ক্ষমতা নেই। সইজনাই আমি বলছি সে কাজে দীর্ঘস্তাত এসে যাছে। আমি সেজনা বিনীতভবে এই অনুরোধ আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গা সরকারের কাছে করছি যে আজকে
ধ্বায়ম্বশাসন প্রতিষ্ঠানের অধিকার সম্পর্কে একটা নীতি যেন তারা ঘোষণা করেন।

[3-50-4 p.m.]

কারণ এজন্য বলবো যে আজ ট্যাক্স না হলেও সরকারী টাাক্স না চাপালেও কলকাতার বাসিন্দা যে বাড়ীওরালা, এ্যাসেসমেন্ট-এর যে আইন করা হয়েছে ছ' বছর অন্তর ভাদেরকে বার্ধাভ হারে টাাক্স দিতে হয়, এই বৃদ্ধি অবৈজ্ঞানিক। কারণ সেটা ভাড়ার ভিত্তিতে করা হয়েছে আজকে আমরা যে বাড়ী তৈরি করেছি, যে ক্যাপিটাল আউটলে যা হয়েছে, তাঁরা, জানি বালিগঞ্জে অধিকাংশ বাড়ী অবসরপ্রাণ্ড ব্যক্তিরা তৈরী করেছেন, নিজেরা সেখানে বাস করেন, ভাড়া দেন না। কিল্ডু দেখা যায় যখন পাশের বাড়ী ভাড়া দিয়ে পাঁচশো টাকা আয় হচ্ছে, তখন তাঁর বাড়ীর ক্রব ধার্য করবার সময় সেই পাঁচশো টাকার ভিত্তিতেই ধার্য করা হয়। আমি জানি না-এটা বৈজ্ঞানিক কি না। এটা আমার ইনকামের ওপর ট্যাক্স হচ্ছে আমরা বাড়ীর জনা যা খরচ করে-হিলাম সেটার হিসাব আছে, তার উপর টাক্স ধার্য করা যেতে পারে। আমাদের প্রান্তন মেরর বিজয় ব্যানাজী মহাশয় বলেছেন এই আমাদের কপোরেশন যেখানে ১২ লক্ষ লোকের জন্য ব্যবস্থা িছল, কপোরেশনের যে বাহং জলাধার ও সীমানা ছিল, তার উপর সেক্সাসে দেখা গেল ৩০ লক্ষ এবং ফ্রোটিং পপ্লেসন ধরলে So লক্ষ। আমরা জানি এই কপেণরেশনের যে ট্যাক্সের ে আছে এর পেছনে করদাতারা গ্যারান্টিড এয়মেনিটিস পাবে, রাস্তা, আলো, জল ইত্যাদি। ব্রপ্রেশন, আমরা দেখছি, তাদের জল দিতে পারে না, ১২ লক্ষ লোকের জায়গায় ৩০ লক্ষ্ 🗘 লক্ষ জন হয়েছে। ক্যালকাটা মিউনিসিপ্য ল এ।। 🕏 ১৯৫১ যেটা আছে, সেখানে বলা হয়েছে ৭৫০ গালেন দেবে এক টাকা ট্যাক্স দিলে। আমরা জানি সে জল কপোরেশন দিতে পারে না। তারপর বাড়ী প্রোনো হয়ে গেছে। আগেকার আইনে ছিল ডিপ্রিসিয়েশন হয়। কিন্তু এখন আব তা নাই, ডিপ্রিসিয়েশনএর বদলে উচ্চ হারে ট্যাক্স দিতে হচ্ছে। এই কলকাতা কর্পোরেশনের পোর প্রতিনিধি হিসেবে মুখামন্ত্রীর কাছে বহুবার লিখেছি, তিনি এ সম্বন্ধে খুব সহান্ভৃতি ও আগ্রহ দেখিয়েছেন, এ সম্বন্ধে কিছ, করা উচিত বলে স্বীকার করেছেন। আমি বিনীতভাবে আপনার মাধামে তাঁকে অনুরোধ করবো কলকাতা নাগরিকদের এই সম্পর্কে এাক্ট-এর পরিবর্তন করে হয় কলকাতা কপোরেশনের বিলোপ কর,ন, আর না হয় সত্যকারের ক্ষমতা দিয়ে একটা সহিকারের স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান কর্ন। হয়ত এখনো মেট্রোপলিটান অরগানিজেশন হলে জলের অবাবস্থা দূর হবে বা ট্যাক্সের হারের পরিবর্তন হবে। এখন যেমন কনসোলিডেটেড রেট আছে হয়ত সেটা বদলে গিয়ে অনা কিছু হবে। মেট্রোপলিটান ওয়াটার বোর্ড জলের সম্পর্কে যে সমস্ত খরচ করবেন, তার জন্য আলাদা রেট ধার্য হবে। না হয় সার্ভিস চারজেস আদায় कता হবে। कलकाठा कर्ष्णारतभातन कत्रमाठारमत रग्नु अस्नक कत्रभारतत लाचव हर्व।

আর একটা কথা বলতে চাই কর্পোরেশনের তরফ থেকে—আপনারা শ্নলে অবাক হরে যাবন। কলকাতা কর্পোরেশন এলাকা—এই কলকাতা ভারতের অন্যতম প্রধান শহর। এই শহরের ভেতর দিয়ে বিভিন্ন দেশে ও শহরে বাণিজা হয় এই কলকাতা পোর্টে। কর্পোরেশনের বাজেটে শতকরা ৮৪ ভাগ আয় আসে বাড়ীওরালাদের কাছ থেকে। আমাদের ট্যাক্স যা, তার हाक भारतमने हालका बौद्धात पद्म पिएठ हा। हालका वौद्धात छैभद्र पिरत कर गाँउ, ब्रोम्म(भाई) मुद्दी हेलापि बालाग्न केता हम मा, रक्षों वालाग्न केता हम मा, रक्षों वालाग्न केता हम मा, रक्षों वालाग्न केता हम । अहे ममन्त्र बानगाहत्त्व कमा हालका वौद्धा केता वालाग्न मन्त्र प्रतिकार पद्म मानवाहत्त्व कमा हालका वौद्धा केता वालाग्न क्या हम। अहे ममन्त्र प्रतिकार प्रति

আমি সেই জন্য পশ্চিমবশ্য-সরকারকে আপনার মাধ্যমে অনুরোধ করবো এই হাফ পার সৈন্ট টাক্স হাওড়া ব্রীজ সম্পর্কে, যা বহু দিন বাবং চলে আসছে, এটা বেন চিরস্থায়ী বন্দোবস্ত না হয়। এই হাওড়া ব্রীজ বহুদিন হ'ল নির্মাণ হয়েছে, কিম্তু এর দর্ন হাফ পার্সেন্ট টাক্স আজও কর্মণাতাদের কাছ থেকে নেওরা হয়। এটা হতে কলিকাতা নাগরিকদের রেহাই দেওরা হোক।

বোধহর কেন্দ্রীর সরকারের লোক্যাল ট্যাক্স বা অন্য কোন ট্যাক্স এর সাথে এড্ করা হরেছে। জ্লান না কোন খাত থেকে এটা আসে। কিন্তু হাওড়া রিজ মেন্টেনেন্স ট্যাক্স, এইভাবে আদার করা কতথানি নীতিসম্মত সেটা বিবেচনা করে দেখনে।

ন্বিতীয় হচ্ছে কোন স্বায়ন্তশাসন প্রতিষ্ঠানই চলতে পারে না এই ধরনের ট্যাক্স দিয়ে। তার নন-ট্যারিং রেভিনিউ দরকার। আমরা যদি একটা তুলনাম্পকভাবে কলিকাতা সহর ও বোলে সহর দেখ্রি—তাহলে আমরা দেখতে পাই বোলে সহরে বাস, ট্রান্সপোর্ট, ইলেকট্রিসিটি প্রভতি থেকে যে আর হয়, তার একটা বিরাট অংশ সেখানকার কর্পোরেশন পেরে থাকে। বখন আমরা জানতে পারছি সেখানকার লোক্যাল অর্থার্নিটস-এর এইসব প্রতিষ্ঠানের এই সমস্ততে অধিকার আছে, তখন আমরাও চাইবো পশ্চিম বাংলা-সরকারের এই সব প্রতিষ্ঠানের আরের একটা বড অংশ অর্থ সাহাষ্য হিসাবে আমাদের ব্যায়ন্থশাসন প্রতিষ্ঠানের হাতে বাতে আসে তার জন্য একটা ব্যবস্থা করা উচিত। তাছাড়া সিষ্টু বেসিস-এ বরলে আয় হতে পারে। প্রথিবীর অনেক জারগায় এমন মিউনিসিপ্যালিটি আছে যারা শুধু বার্ডা ভাড়ার আয় থেকে মিউনিসিপ্যালিটি চালার। যেমন জাপানে আছে। কলকাতায় যে গৃহ-সমস্যা দেখা দিয়েছে তা সমাধান কলেপ কলিকাতা কর্পোরেশনকে টাকা দেওয়া উচিত, তাহলে তা দিয়ে তারা বাডী তৈরী করতে পারে। তার জন্য পণ্ডবার্ষিকী পরিকাশনার যদি সম্ভব হর এই পৌরপ্রতিষ্ঠানকে কিছু, অর্থ সাহাব্য করা উচিত। আন্ধকে পৌরপ্রতিষ্ঠান ও পৌর প্রতিনিধিদের সবচেয়ে অপদার্থ বলে যে কনডেমন করা হয়, তার প্রধান ও প্রথম কারণ অর্থ কচ্ছতা। আমরা দেখছি আঞ্জকে সর্বত্ত দ্রমেলা ভীষণভাবে বেডে গিয়েছে। শতকরা তিনশো, চারশো গণে দ্রবামলা বেডে গিয়েছে এবং তার সাথে সাথে কর্পোরেশনের ট্যাক্সও বেড়েছে। কিল্টু সাধারণ করদাতাদের এই ট্যাক্স বহন করবার শক্তি নেই। आकरक कर्त्रमाठाएम् अन्न टरक्ट--ठाएम् रे जोज्ज कीमरा त्राथा এवः राजनी राजनी जारना मान, अन দাও, রাস্তা দাও। এয়ামেরিকা প্রভৃতি বহু, জায়গায় এই রকম মিউনিসিপ্যালিটি আছে, সব জারগারই এই সমস্যা জড়িয়ে আছে। সেইজন্য আমি বলবো এদিকে দেখা দরকার।

আর একটা বিষয়ের প্রতি আমি মাননীয় মন্দ্রী মহাশয়ের দুন্দি আকর্ষণ করতে চাই। কলকাতায় আমি বালিগন্ধ এলাকায় থাকি সেখানে প্রাথমিক বিদ্যালয় শিক্ষা সম্পর্কে কলিকাতা কপোরেশন বদিও কিছু কিছু করছেন, কিন্তু সহরে আরও নানতম হিসাব ধরলে দেড় লক শিশ্ব এখনও পার না। আমি বলবো আমাদের বড় বড় স্প্যান থাকলে, আমি বিশ্বাস করি আমরা সংগ্রাম করবো অশিক্ষার বিরুম্বে, সংগ্রাম করবো দারিদ্রের বিরুম্বে, সংগ্রাম করবো অসুস্থতার বিরুদেধ। সেদিক দিয়ে যুদেধর প্রস্তৃতি আমরা দেখেছি। আমরা দেখেছি যুদ্ধ কি করে হয়েছে। আমার নির্বাচন এলাকায় অন্ততঃ দশ হাজার যুবক—হয় আমাদের ন্বপক্ষে বা বিপক্ষে, কিন্বা সরকারী প্রাথিদের পক্ষে বা বিপক্ষে কাজ করেছে। কিন্তু আমরা দেখেছি সেই সব যুবক কোন পারিপ্রমিক নের নি। তাদের উৎসাহিত করে আমরা এই কান্ধ করিরেছি। আমি বিশ্বাস করি বে ৮০ পার্সেন্ট শিশরে কথা মাননীয় সদস্য শংকর দাস ব্যানাজী বলেছেন এবং আমাদের সংবিধানও স্বীকার করেছে বে সমস্ত শিশুকে শিক্ষা দিতে হবে—আন্ত বদি বাংলার ব্রুব সমাজকে ভাকি তাহলে নিশ্চরই তারা এই কাব্দে অগ্রণী হরে এগিরে আসবে, তাদের দিরে এই কাব্দ করাতে পারবো। বদিও আমরা আদর্শ বিদ্যালয় স্থাপন করতে পারবো না তাছলেও বিদ্যালয়ে ভাড়াভাড়ি ভুরুদ্রমার্ক্তর আদর্শে অমিরা শিক্ষা বাবস্থা চাল, করতে পারবো, আমাদের এই কিবাস আছে। আমার এলাকায় যে সামানা অর্থ বরান্দ হয়েছে সেই বরান্দ থেকে অন্ততঃ চেন্টা করবো সেখানকার সকল শিশ্ব যাতে প্রাথমিক শিক্ষা পার।

4-10 p.m.] Shri, Apurba Lai Majumdar:

মিঃ স্পীকার: স্যার, পশ্চিমবাংলার মুখামন্ত্রী এবং অর্থাদ্পতরের ভারপ্রাণ্ড মন্ত্রী ডাঃ বিধান-_{চন্দু} রায় **এবার আমাদের সামনে যে বাজে**ট উপস্থাপিত করেছেন সেই বাজেটের মধ্যে কোন ন্তন দ্রতিভ্রমীর সন্ধান আমরা পেলাম না। গতবারে বাজেট উপস্থাপিত করার সময় যে ধরনের কথা ির্নন বলৈছিলেন ঠিক তার প্নেরাব্তি এই বাজেটের মনে দেখতে পাচ্ছ। গতবারে তিনি দেখিরে ছিলেন ষে, কোন ন্তন কর ধার্য করা হবে না। এব রেও ঠিক তাই বলছেন যে কোন ন্তন কর ধ্রুহা করা হবে না। কিন্তু গত বংসর এই প্রতিশ্রুতি দেবার পর আমরা দেখেছি যে তিনি সেই প্রতিপ্রতি ভগা করে আমাদের পশ্চিমবাংলার সাধারণ মান্থের উপর কিছ, কিছ, ট্যাক্স বাড়িয়ে দিলন। আমাদের মনে আছে এনটারটেনমেন্ট টাক্স করলেন এবং ওয়াটার রেট ধার্য করে বাধাতা-ন লক ছাতিরিক্ত সেচ কর করলোঁন। কাজেই বাজেটে যদিও তিনি বলেছেন নতন করে টাাক্স ধার্য कंतरक मा उद्भुख विश्वास ताथा ठटन मा श्राटा एक्सरा एकसम्बद्ध मारक जिमे वनम धर्मन विन সংশোধন করতে নিয়ে এসেছেন যার মধ্যে দিয়ে বাংলাদেশের জনসাধারণের উপর কয়েক পারসেন্ট টাক্স বেড়ে গেল। এবারও গতবারের মত সূরে তুলেছেন যেটা আমাদের বিধানসভায় এর আগে থেকে, সরকারী পক্ষের তরফ থেকে এবং বিরোধী পক্ষের এবফ থেকে দেখান হয়েছে। বার বার বর্লেছি যে কেন্দ্রের থেকে পশ্চিমবংগার ন্যায়্য প্রাপ্য যে ইনকাম ট্যাক্স-এর অংশ, গ্র্যান্ট-ইন-এইজ্ ইত্যাদি বিষয় বাংলাদেশের সজ্গে বিমাতাস,লভ বাবহার দীঘদিন ধরে কেন্দ্রীয় সরকার করে াসছে এবারও দেখছি মুখামনতী তার ভাষণে সেই একই কথার ধর্নি তুলেছেন। কিন্তু এবারও যদি কেন্দ্রীয় সরকার পশ্চিমবংগের প্রাপা যে অংশ, সেই অংশ যদি না দেয় তাহলে আমরা দারী কাকে করবো? নিশ্চরই আমাদের অথ মন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় তার জনা মুখাতঃ দায়ী। ্র কারণ তিনি, বাংলাদেশের প্রতিনিধি হিসাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে প্রাপ্য অংশ সেই সংশ তিনি আদায় করতে পারেন নি। এবারেও তৃতীয় অর্থ কমিশনের স্পারিশে দেখা ষ্টার যে পশ্চিমবংগর জন্য সেখানে কেন্দ্রীয় সরকারের দেবার ঘর একেবারে শ্লা। আয়ুক্র বাবত পশ্চিমবংগার প্রাপা অংশ এবার অনেক হ্রাস করেছে। এইভাবে পশ্চিমবংগাকে দীর্ঘাদিন ধনে আমরা দেখছি কেন্দ্র ফেভাবে আমাদের ন্যায়া অংশ থেকে বঞ্চিত করছে সেই অংশ আদার করতে মুখান্দ্রী বারবার বার্থ হয়েছেন। আমরা এই হাউজ থেকে একিই দায়ী করবো। কারণ তাঁর বার্থাতার ফলেই -অন্যান্য প্রদেশের মুখ্যমন্ত্রীরা কেন্দ্রের কাছ থেকে আদায় করতে পেরেছেন--তখন তিনি তা ঠিকভাবে আদায় করতে পারেন নি। এই ১৯৬২-৬০ **সালের** ব্যক্রেটে ওভারল ক্রোজিং ব্যালান্স দেখান হয়েছে ২১ লক্ষ টাকা এবং আমাদের এই বর্তমান ব'জেও ঘাটতি নয় একথা তিনি তাঁর বাজেও বক্কতার মধ্যে প্রকাশ করেছেন। কিন্তু মূলতঃ এটা একটা ঘাটতি বাজেট। রেভিনিউ ডিফিসিট সেখানে ৪ কোটি ৫ লক্ষ টাকা, আউটসাই**ড** শেহেনিউ এ্যাকাউন্ট-এ তিনি ঘাটতি দেখিয়েছেন ২ কোটি ৬৮ লক্ষ টাকা। এই ঘাটতি প্রেণ ব্রার জন্য তিনি ওপেনিং ব্যালাম্স-এ ৬ কোটি ৯৪ লক্ষ টাকা হিসাব দেখিয়েছেন। এই ৬ কোটি ১৪ লক্ষ টাকা কোথা থেকে পেলেন। আনবা যদি সন্সন্ধান করে ছেখি তাহ**লে** েখনো তিনি গত বংসর যে, এয়াসেস মেন্ট বিভিন্ন ট্যাক্স সম্বন্ধে, যেটাকা পশ্চিমব্জোর জন্য পাওয়া যাবে সেই এটসেস মেন্ট অভানত কনজারতেটিভ এটসেস মেন্ট হয়েছে। বিক্রয় কর সম্বন্ধ তিনি গতবারে যা ধার্য করেছিলেন তার চেয়ে ও কোটি ৫২ লক্ষ টাকা বেশী পওয়া গিয়েছে। স্টেট একসাইস-এর মাধামে ৫০ লক্ষ টাকা বেশী আদায়ে হয়েছে। আদার ট্যা**ল্লেস** এনেড ডিউটিস-এর মাধামে ৫৭ লক্ষ টাকা বেশী আদায় হয়েছে।

৪ কোটি ৫৯ লক্ষ্য টাকা বিভিন্ন টাক্স-এর মাধ্যমে পশ্চিমবাংলার জনসাধারণের কাছ থেকে আলার করেন, কিন্তু গত বাজেট গথন উত্থাপন করা হয়েছিল তথন মুখ্যমন্ত্রী এমন কনজারবিটিভ এক্তিমেট করেছিলেন থাতে তিনি কম দেখিয়েছিলেন। এই যে ৭ কোটি টাকা ওপেনিং বালান্স দেখিয়েছিলেন ওই টাকা দেখছি কৃষিখাতে যে টাকা বায় করবার জন্য ধার্য করা হয়েছিল তা থেকে ৭৯ লক্ষ্য ঠাকা বায় করেন নি। এ ছাজা বাপিটাল এক্সনেনিভার যেগ্লি ধরা হয়েছিল—গত বাজেটে সরকারের তরফ থেকে বলা বাছিল অনকে কাপিটাল এক্সনেনিভার আমাদের হবে, এবার বাজেটে দেখছি সেই ক্যাপিটাল এক্সনেনিভচার আমাদের হবে, এবার বাজেটে দেখছি সেই ক্যাপিটাল এক্সনেনিভচার প্রায় দৃশ কোটি ৮৭ লক্ষ্য টাকা বার করা হয় নি। যেমন জমিদারী ক্ষতিপ্রশেক্স জন্য সেটাকা ধার্ম করা হয়েছিল—তার দৃই কোটি টাকা ক্ষতিপ্রণ দেওয়া হয় নি।

Agricultural improvement and research, capital outlay on industrial deve lopment, multi-purpose scheme of D.V.C., other works এ ২ কোটি ৭৭ লক চাৰ scheme of Government Trading, Greater Calcutta Milk Supply

প্রভৃতিতে ক্যাপিটাল এক্সপেনডিচার কম করে প্রায় এগার কোটি টাকা মত অতিরিক্ত ট্যাক্স আদ্য করে ৪ই কোটি টাকা অন্যদিকের বাজেটে যে অর্থ বরাদ্দ করা তা খরচ না করে বর্তমান বছরের বাজেটকৈ সংখ্যাতত্তের মারপাটে সারপাস বাজেট হিসাবে উপস্থিত করার কি অর্থ হতে পারে ২ এবার যদি ক্যাপিটাল এক্সপেনডিচার-এর টাকা বায় না করে বাঁচিয়ে রেখে দেন ভাহলে আগামী বাজেটে বলবেন আমাদের ওপেনিং ব্যালান্স দশ কোটি বার কোটি টাকা বেশী হয়েছে। যেটা স্তিাকারের ঘার্টতি বাজেট সেই বাজেটকে সারগ্লাস বাজেট দেখানর যে অপচেটো তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করি। আমি দেখছি যে অর্থ আমাদের হাতে আসে সরকার সেই অর্থ ঠিকভারে বায় করেন না। কিন্তু হিসাব করে যদি দেখি তাহলে দেখব যে রেভেনিউ খাতে আমরা হত টাক্স করে আদায় করি তার বিপলে পরিমাণ অংশ আমরা রেকলেস্ত্রি বুরোক্রটিক মেসিনারি-র জনা বায় করি কেন্দ্রীয় সরকারের বাজেটে যেমন দেখছি পশ্চিমবঞ্গ সরকারের বাজেটেও তাই দেখছি। সিভিল আডমিনিস্টেসন-এর জনা গত পাঁচ বছরের হিসাব করে বেন্দ্রায় সরকারেব ক্ষেত্রে দেখতে পাই যে কেন্দ্রীয় সরকার তাতে পাঁচ বছরের মধ্যে তাদের যে খরচা তার প্রি টাইমস বাড়িয়ে ফেলেছেন—যেটা ১৯৫৫-৫৬ সালে ছিল ৯৪ কোটি টাকা ১৯৬০-৬১ সালে সেটা হয়েছে ২৬০ কোটি টাকা। এই টাকা তারা সিভিল এ।।ছিমানস্টেসন-এ বায় করেছেন। তেমান পশ্চিমবাংলার ক্ষেত্র দেখতে পাই যে রাওছৰ আমরা আদায় করি ভার একটা বিপলে পরিমাণ অংশ নন্-ছেভেলপ মেন্ট এক্সপেন্ডিচার-এ স্বায়। তৃতীয় পরিকশপনায় আমরা জানতে পেরেছিলান সংক্ষেব্ধ কাচ থেকে যে ১৪ জোটি ট্রান্ অতিরিস্ত টাক্স করে ওই পরিকল্পনা রাপায়ণের চেণ্টা করেরন । সেখনে পশ্চিমান্যলাস ১১ কোটি টাকার জায়গায় ৬৫ কোটি টাকা ট্যাক্স করেছেন এবং প্রাণ ৫০ কেণ্ডি টাকা বিক্রয়কর মারফতে আদায় করেছেন। এবং এই নতুন টাক্সের মধ্যে প্রায় ৫০ কোটি টাকাই হ'ল বিভ্রয় করের মাধামে অর্থাৎ এই বিক্রয় করের মাধামে শতকরা ৭৬ ভাগ আমনা আদায় করেছি দিবতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য এ্যাডিসনাল ট্যাক্সেসন হিসাবে ১৯৫১-৫২ থেকে ১৯৬০-৬১ পর্য-ত পশ্চিমবাংলায় নন্-ডেভেলপ্রেন্ট এক্সেন্ডিচার খাতে প্রায় ২০ কোটি টাকা বাহ করেছেন তা থেকে পেয়েছেন ৪৬ কোটি টাকা অর্থাৎ ২৬ কোটি টাকা খরচ করেছেন এই নন্-ডেডেলপমেন্ট খাতে। সতেরাং এইভাবে প্রতি বছর যেভাবে খরচা বেতে যাছে সেই খরচা ৰদি প্রেণ করতে না পারি তাহলে যে এডিসনাল টাজেসন-এর মাধ্যমে যে এটিডসনাল রেভেনিট আমরা আদায় করছি তার অধিকাংশ নন্-ডেভেলপ্মেণ্ট পারপাস-এ চলে যাবে।

4-10-4-20 p.m.]

কান্ডেই এই পশ্চিমবর্গণ-সরকার এমনি করে কেন্দ্রীয় সরকারের মতন নন্-ডেভেলপ্মেন্ট খাতে বেশী থরচ করে পশ্চিমবর্গের জনসাধারণের নিকট যে টাকা অন্যায় করেন সেই টাকা অন্যায়ভাবে ভারা বায় করেন। ন্বিভাগ পরিকল্পনার জন্য সংগৃহিত আর্থিক সম্পদের শতকরা ৩৪ ভাগই রাজ্যে কংগ্রেস সরকার পরিকল্পনার জন্য বায় না করে শাসন বিভাগ, প্রালশ বিভাগ, টাঙ্গ আদারের থবচ ঋণ পরিশোধ প্রভৃতি অউন্নয়নমূলক খাতে বায় করছেন। এই সরকার পরিকল্পনা কালে বেসামরিক শাসন খাতে ১৯৫৫-৫৬ সালে ১০ কোটি ৫০ লক্ষ্ণ টাকা আত্রির বায় করছেন। একই সময়ে টাক্তি আদারের জন্য ১০ কোটি ৩০ লক্ষ্ণ টাকা আত্রির বায় করছেনে। এই দুইটি খাতে আমাদের বিশ লক্ষ্ণ টাকা বায় হয়েছে গত ৫ বছরের মধ্যে বায় নি বাড়িয়ে ১৯৫৫-৫৬ সালের হতরে সীমাবম্থ করে রাখলেও আগামী ৫ বংসরের উন্নয়ন কাঞ্চেলার জন্য ২০ কোটি ৮০ লক্ষ্ণ টাকা বাচানো যেতো। তৃতীয় পরিকল্পনা কালে ৪০ কোটি টাকার অভিরিক্ত টাক্ত বসানোর উপর লক্ষ্য রাখা হয়েছে, এবং এর অধিকাংশই হবে পরেক্ষ টাকা প্রধানতঃ বিক্লকরের মাধ্যে। ১৯৬০ সালে ১৬০৩: ১৯৬০-৬১ সালে ১০০৭৭, ১৯৬২-৬০ সালে ১৬০১৭, রেভেনিউ রিসিন্ট-এ, এক্সাত্র ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬০ এই দুই

বছরের অতিরিক্ত রেভেনিউ রিসিপ্ট আদার হরেছে ১৮-৮৮ কোটী টাকা, অর্থাং কুড়ীয় পক্তি কল্পনা-আমলে বে অতিরিত্ত ৪০ কোটী টাকা আদারের প্রতি লক্ষ্য রাধা হরেছে তার প্রায় ৪৮ ভাগ টাকা আদার হরে গেছে, এবং দশ বার বছরের অভিচ্কতা থেকে আমরা এই শিক্ষা পেরেছি য়ে এসটিমেটেড বাজেট-এর তুলনার বখন এ্যাকচুরাল বাজেট আমরা দেখতে পাবো তখন নিশ্চরট কয়েক কোটি টাকা অতিরিক্ত দেখতে পাবো। এবং রিভাইজড বাজেট-এও দেখতে পাবো আরুও তিন-চার কোটি টাকা বেড়ে গেছে কারণ এবারকার রিভাইঞ্বড বাজেট-এ দেখছি কনজারভেটিড এসটিমেট-এ বিভিন্ন ট্যাক্স বাবত বে টাকা আদায় হবে তার কনজারভেটিভ এসটিমেট সবকার ক্রয়ক বছর ধরে করে অসছেন। এবারকার অউময়নমূলক খাতে যে বাড়তি বায় বরান্দ তার প্রতিফলন আমরা এবারকার বাজেটের মধ্যে দেখতে পাই। গত বছরের তলনার সিভিল এ। ডিমিনিস্টেসন-এ দ্ব' কোটি একহিশ লক্ষ টকা বেশী ধার্য করা হয়েছে। তার মধ্যে শুখ্ প্রনিশ বাজেটে আমরা দেখ[ি]ছ একচাল্লশ লক্ষ টাকা বেশী ধার্য করা হয়েছে। **শ্বিতীয়** মহায় শের পর থেকে আমরা বিভিন্ন রাজ্ঞা-সরকারের বাজেটে **লক্ষ্য করাছ যে** ভন্ন করেছ খাতে বেশী পারসেনটেজ খরচ করছেন আর অউময়নমূলক খাতের পারসেনটেজ আন্তে আতে কমে আসছে। এটা ঠিক যে শিক্ষাখাতে এবার প্রচুর পরিমাণে অর্থ বরান্দ করা হয়েছে। গতবারের চেয়ে এক কোটি টাকা বেশা বরান্দ করা হয়েছে। কিন্তু সেই তুলনায় মেডিকাল, রিলিফ, পাবলিক হেল্থ প্রভৃতি থাতে বরান্দ আমাদের বার্ডোন। কিন্তু গভীর দঃখ ও বেদনার কথা হলো এই যে পূর্বেকার চেয়ে উন্নয়নমূলক খাতে বায় বরাদ্দ বাড়লে যে ইকর্নাম আম্বা আশা করি সেই ইকনমি রাষ্ট্র-পরিচালনার ক্ষেত্রে আমরা দেখতে পাছিত না এবং এ সম্পর্কে আমরা সম্পূর্ণ নিরাশ হয়েছি। রাজ্যের রেভেনিউ বাড়ার সংগ্র সংগ্র কাশিটাল এক্সপেন্ডিচার সেই পরিমাণে বাডা উচিত যদি সতি। আমরা উল্লয়নের পথে দেশকে নিয়ে যেতে চাই। কিন্ত ক্র্যাপটাল এক্সপেন্ডিচার-এর দিকে যদি আমর: তাকাই এতলে দেখবো ক্যাপিটাল এক্সপেন্ডচার করেও সেই পরিমাণে টাকা খরচ করা হয় না। আমধ্য একথা তানি যে কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজোর হাতে টাক্স করার বিশেষ ক্ষমতা দেন নি এবং গাক্স কবার ক্ষমতা যেখানে যা ভিলো সমস্ত জারগার সোস টাপ করে নিয়েছে। পশ্চিমবংগ-সরকার কিছুদিন আগে সেই কথা বলেছিলেন যে আমাদের রাজ্যের সমস্ত উৎস থেকে ট্যাক্স আদায় করে ফের্লোছ এবং সে সোর্স যদিও থকে সামান। কিল্ড সেই বন্ধবোর পরেও যদি ভারতবর্ষের বিভিন্ন স্টেট-এ গত পাঁচ বছর ধরে যে সমুল্ড টাাক্স আদায় হয়েছে সেগ্রলোর দিকে যদি আমরা দুদ্রি দেই তাহলে সর্বভারতীয় ক্ষেত্রে আমরা দেখতে পাবো বে ল্যান্ড রেভিনিউ ক্ষেত্রে সারা ভারতবর্ষের বিভিন্ন ক্ষেত্রে যা পশ্চিমবংগার ক্ষেত্রেও তা প্রযোজা। আমরা ল্যান্ড রেভেনিউ-তে গত পাঁচ বছরে দেখতে পাই পাঁচ কোটি বৃত্তিশ লক্ষ টাকার বেশী আমরা আদায় করেছি. স্টেট-একসাইজ ডিউটি থেকে ছয় কোটি তিরাশি লক্ষ্ণ টাকা আন্তব্য পেয়েছি। মোটর ভেহিকলস ট্যাক্সেসন থেকে একুশ কোটি পনেরো লক্ষ টাকা পেয়েছি, জেনেরাল সেলস-ট্যাক্স থেকে তেষ্টি কোটি প⁴চিশ লক্ষ টাকা পেয়েছি। ট্যাক্স অন ইনকাম থেকে উনচল্লিশ কোটি পঞ্চার লক্ষ্য একসাইজ ডিউটি থেকে আমরা পেয়েছি আটার কোটি তেইশ লক্ষ টাকা. ১৯৫৬-৫৭ সালে যে টাকা আমরা পেয়েছিলাম তার উপর ১৯৬০-৬১ সালে আরও অধিক পরিমাণে টাক্সে আমরা জনসাধারণের কাছ থেকে আদায় করে নির্নেছ।

১৯৫০-৫১ সালে যেখানে ৫ কোটি টাকা বিক্রয় কর ছিল আজকে ১৯৬২-৬০ সালে আমরা সেখানে এসটিমেটেড টাক্সে দেখছি ২১ কোটি টাকা অর্থাং ৪ গ্রেগেরও বেশা বিক্রয়-কর আদায় করার ব্যবস্থা হয়েছে। কিন্তু রাজ্য-সরকার যে টাক্সে আমাদের কাছ থেকে আদায় করছেন এর শতকরা প্রায় ৮০ ভাগ হচ্ছে পরোক্ষ এবং পণোর উপর টাক্সে—যা দ্রায়্রেলার ব্রন্থি ঘটিয়ে দরিদ্র জনসাধারণের ক্রয়ক্ষমতা সক্চিত করে। পরোক্ষ টাক্সের মধ্যে সর্বপ্রধান হল বিক্রয়-কর। পশিচনবাংলার ক্ষেত্রে ঠিক এইরকমভাবে দেখছি ইনডাইরেক্ট টাক্স জনসাধারণের ভোগাদ্রবার দাম বাত্রয়ে জনসাধারণকে দ্রশাল মধ্যে ফেলে দেয়। আবার কেন্দ্রীয় সরকারের দিকে লক্ষ্য দিলে দেখি যে সেখনে ইনকাম টাক্স ১৯৫৬-৫৭ সালে যা ছিল গত বছরে তার থেকে ৫০ কোটি টাকা ক্ম আদায় হরেছে। আদার দানে করপোরেসন টাক্স ১৯৫৬-৫৭ সালে কেন্দ্রীয় সরকার ব্যাজ্যার করেছেন ১৯৬০-৬১ সালে দেখছি তার চেরে ৫০ কোটি কম আদায় হরেছে। কাসটাক্ষম ডিউটিজ বেখানে ১৯৫৬-৫৭ সালে কেন্দ্রীয় সরকার আদায় করেছিলেন ১৭০ কোটি টাকা, ১৯৬০-৬১ সালে ১৬০ কোটি টাকা করেছেব।

তাড়িয়ে দের। এইরকম ঘটনায় দুই দলের মধ্যে বেশ অশান্তি সুন্টি হয়। এইসব বিষয়ে মুখ্যমন্ত্রী যেন বিশেষভাবে দুন্টি দেন সেজন্য আমি অনুরোধ করছি। তারপর আমি রাজ্য-পালের ভাষণের আলোচনার সময় বলেছিলাম যে, পাকিস্তান বর্ডারে যে অনবরত হামলা হছে তা প্রতিরোধ করবার জন্য কি ব্যবস্থা করছেন সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী কিছুই ব্লেন নি। এর আমরা উত্তর চাই। তারপর কোর্চ বহারে যে ছিটমহল আছে সেখানে কোন আডিমিনিসৌশন नारे अथा भाकिण्डात क्रिकेश्च अः । जीता जीता जीता भामनकार्य हालाएक्न, । व विवस अस्था-মন্ত্রীর কাছে জবাব চাই যে, তিনি কি করছেন। তারপরে কোচবিহারে যে গুলী চলোছল সে সম্বশ্বে যে এনকোয়ারি কমিটি বর্সোছল সে রিপোর্ট আজ পর্যন্ত প্রকাশ করা হয় নি। সেই ভদতের রিপোর্ট আমরা চাই এবং আমরা দাবি করব যারা অপরাধী তাদের শাস্তি দেওয়া হউক। তারপর স্যার, মুখামন্ত্রী বলোছলেন যে, মেট্রোপলিটান বোর্ডের কাজ ডিসেন্বর-জানুয়ারি-ফেরুরারি থেকে আরম্ভ হবে। কিভাবে এই বোর্ড গঠিত হ'ল এবং কি করে আরম্ভ হবে জানতে চাই। আমি আশা করি, এ সম্বন্ধে তিনি বিস্তারিত বিবরণ আমাদেব কাছে দেবেন। আজকে কলক।তা শহরে দিনের পর দিন জলের যে শোচনীয় অবস্থা তাতে আমি দাবী করব যে, যথা শীয় সম্ভব মুখ্যমন্ত্রী এর কাজ আরম্ভ করবেন। তারপরে আর-একটি কথা বলতে চাই যে, আমাদের রাজাসরকারের সপো ভারত গভর্নমেন্টের সপো ট্যাক্স বন্টন ব্যাপার নিয়ে যে সমস্যা দেখা গিয়েছে সেই ব্যাপার নিয়ে রাজ্যপালের ভাষণের মধ্যে কোন কথাই বলা হয় নি। রাজাগ্রলির বার্ষিক সাহায্য ৩৯ কোটি ৫০ লক্ষ টাকা থেকে ৫২ কোটি টাকা বেডে গেছে। কিন্তু পশ্চিমবংশার এক পয়সাও বাড়ে নি। পশ্চিমবংশা ৮০১১, উত্তরপ্রদেশে ১৭.১০, মহারাষ্ট্র ৯.১৫, অশ্বে ৮.৩৪, কিন্তু জনসংখ্যার অনুপাতে পশ্চিম বাংলার সর্বাধিক পরিমাণ কর আদায় হয়। কাজেই সেদিক থেকে কর আদায়ের ব্যাপারে জনসংখ্যার অনুপাত, শিলপপ্রসারের অনুপাত ধরা হয় না। রেলযাতীদের ভাড়া বাবদ ১২ কোটি ৫০ লক টাকা আদায় হয়, কিন্তু এই বাবদ পশ্চিমবংগ কিছু পায় নি মাত্ৰ ৩৯ লক্ষ টাকা, যেখানে পেয়েছে সেথানে ইউ পি ২ কোটি ৫০ লক্ষ টাকা, মহারাষ্ট্র ১ কোটি ৩৫ লক্ষ টাকা, বিহার ১ কোটি ১৭ লক্ষ টাকা, মধাপ্রদেশ ১ কোটি ১৭ লক্ষ টাকা, রাজস্থান ৮৫ লক্ষ টাকা পেয়েছে। কাজেই এইভাবে বণ্টনের ব্যাপারে অন্যপ্রদেশ বেশি পেয়েছে। আয়কর পশ্চিমবাংলায় ১৩ কোটি ৯ লক্ষ টাকা, বিহার প্রদেশ ১৪ কোটি ৪২ লক্ষ টাকা, মহারাষ্ট্র ১৩ কোটি ৪৪ লক্ষ টাকা—অর্থাৎ জনসংখ্যার অনুপাতে যা আদায় করা হয় পশ্চিমবঙ্গ তার ন্যাযা পাওনা পায় না। কেন্দ্রীয় উৎপাদন শ্রুক পশ্চিমবঙ্গে ৫ কোটি ৬০ লক্ষ টাকা, বিহার ১১ কোটি ৫৬ লক্ষ টাকা, ইউ পি ১০ কোটি ৬৮ লক্ষ টাকা, মধাপ্রদেশ ৮ কোটি ৪৬ লক্ষ টাকা, অন্ধ্রপ্রদেশ ৮ কোটি ২৬ লক্ষ টাকা, উডিখা ৭ কোটি ৭ লক্ষ টাকা, পাঞ্জাব ৬ কোটি ৭১ লক্ষ টাকা, গুজরাট ৬ কোটি ৪৫ লক্ষ টাকা রাজস্থান ৫ কোটি ৯৩ লক্ষ টাকা মাদ্রাজ ৬ কোটি ৮ লক্ষ টাকা মহাশরে ৫ কোটি ১৮ লক টাকা মহারাষ্ট্র ৫ কোটি ৭৬ লক টাকা দেওয়া হচ্ছে। আমরা এবং সরকার-পক্ষ মিলে সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করি যে, কেন্দ্রীয় গভর্নমেন্টের উপর চাপ সৃষ্টি করব কিন্ত আমাদের মন্ত্রীরা যান সেখানে ন্যায়া পাওনা আদায়ের জন্য, কি করেন ব্রুতে পারি না। আমরা কি এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের উপর প্রভাব বিস্তার করতে পারি না? আমাদের মুখামন্ত্রী এতবড একজন যেখানে শক্তিশালী লোক সেখানে তিনি গিয়ে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করে আমাদের ন্যায়া পাওনা আদায়ের কি কোন বাবস্থা করতে পারেন না? কিন্ত আমাদের পশ্চিমবংগ সরকারের মন্দ্রিমণ্ডলী যে এই ব্যাপারে সম্পূর্ণ বার্থ হয়েছেন সেবিবরে কোন সন্দেহ নেই। আপনারা জানেন যে সরকারী কর্মচারীরা তাঁদের ন্যায়া বেতনের দাবি নিয়ে অনেক লডাই ক'রে পে কমিটি আদায় করেছিলেন। কিল্ড পে কমিটি একটা তাঁরা মাইনে বা স্কেলের বাবস্থা করেছেন, কিন্তু আজ পর্যন্ত সে বিষয়ে বিশেষ কোন বাবস্থা হয় নি। ক্সাস ফোর স্টাফ সম্বন্ধে বলতে চাই, আমাদের এখানে ৬৪ হান্ধার ক্সাস ফোর স্টাফ আছে এবং তারা মাত্র ৬০ টাকা মাইনে পার, ক্রোন ডি এ পার না। সেন্দ্রীল গভর্নমেন্টের কর্মচারীরা ৮০ টাকা মাইনে এবং ১০ টাকা ডি এ পায়। সেম্মাল গভর্ন মেন্টের কর্ম চারীরা ১৫০ টাকা অবধি ছি এ পার ১০ টাকা, আর ১৫০ থেকে ২০০ টাকা অর্থাধ ২০ টাকা। কিন্তু আমাদের এখানে ক্রাস ফোর স্টাফের হেভাবে মাইনে বাড়ানো হরেছে তাতে তারা সম্ভূষ্ট হয় নি। আবার বাসের

১৫০ টাকা থেকে ২০০ টাকা করা হয়েছে তাদের কোন প্রমোশনের ব্যবস্থা নেই। কাজেই এদিক থেকে সরকারকে এটা বিবেচনা করতে হবে। ক'রণ সরকারী কর্মচারীরা যদি অসম্ভূষ্ট থাকে তা হ'লে দেশের শাসনকার্য পরিচালনা করা খ্ব অসম্ভব হয়ে পড়বে।

[9-40-9-50 a.m.]

সেদিন বিধানসভার একজন সদস্য বলছিলেন, আমরা ট্রান্সপোর্ট করেছি, আগে কি ছিল না? আগে যে প্রাইভেট ট্রান্সপোর্টএ কাজ চলছিল তাতে লক্ষ লক্ষ লোককে কলকাতার বিভিন্ন স্থানে পশ্চিমবংগর বিভিন্ন স্থানে নিয়ে গিয়েছিল। তবে এই যে একটা বিরাট কাজ হয়েছে ব'লে তারা মনে করছেন এবং অনেক লোক কাজও তাতে পেয়েছে এটা ঠিক কিন্তু প্রাইভেট ট্রাম্স-পোর্ট এও তো লোক কাজ করত, কিন্তু এত অসন্তোষ তথন দেখতে পাই নি। কিন্তু সরকারের হাতে আনার পরে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন হয়ে যাবার পরে যে অবস্থা হয়েছে তাতে আজকে কন্ডাক্টর ড্রাইভারদের ১০-১২ ঘণ্টা ক'রে কাজ করতে হয়, এদের রিলিফএর কোন বাবস্থা হয় নি। এবং কলকাতায় আজ এত বেশি আাক্সিডেন্ট হয় তার কারণ হচ্চে কমীরা পরিশ্রান্ত ও ক্লান্ত হয়ে যায় তার পরেও কাজ করতে হয়। এইসমুস্ত কারণে আ**াক্সিডেন্ট** হয়। এ বিষয়ে বন্ধ করার কোন বাবস্থা আমরা দেখতে পাচ্ছি না। যখন পূর্বে এরা সরকারের কাছে বোনাস দাবি করত তথন বলা হ'ত সরকারী প্রতিষ্ঠান বোনাস দিতে পারে না--কিন্তু क्रानकाणे रुठे प्रोन्मत्भार्णे कर्रात्रमन यथन रखिष्ट उथन निष्ठार मार्व कर्तात भारत, कान् আইনে আছে যে, তারা পারে না : টেড ইউনিয়ন হ'লে সে সংযোগ পাবে এই হ'ল সরকারী নীতি। এ বিষয়ে মুখামন্ত্রী মহাশ্যেত কাছে বিপ্রেয়েজ্টেশন করা হয়, তিনি বলোন, এ বিষয়ে যদি কেটট ট্রান্সপোটা করপেণবেশন লাভ কারে থাকে তা হাসে নিশ্চমই বোনাস তারা দাবি কর**তে** প্রারে। বিদ্রাংঘার প্রাণ্ড স্টাফ্ মারা ১০০ টাকার কম মাইফা পায় ভারে ৩০ টাকা জ্ঞান্ত-ভালন এবং ৩০ টালা অভিনিক দেওল ২য় বিশ্ব স্বাস্থ্যৰ বন্তালুৰ, **ভাইভার কল্পীকে যথন** এই কোনাস দেওয়াৰ কথা কলা হয় তথ্য ডাগে বায় বলেন নাক্ষাই এ বিষয়ে হিসাবপ্ত লোবার দণ্ডবের কাছে হাজির ক্রার হারে এবং লেশের দণ্ডর যদি বলে যথেকী **সারংলাস রয়েছে এবং** তা পেকে তাদের স্থান্থার বাবস্থা কলা চলবে তা হ'লে নিশ্চমই দেওয়া যাবে। সেদিক থেকে ১৯৬০-৬১ সালের বাজেট গঠন হবার পার্বে বন্য অপেক্ষা আয় বেশি হয়েছিল ১৫ লক্ষ ৪৫ হাজার টাকা। কিন্তু মুখামানী মহাশয় এর পরে যা বলেছেন যে, লেবার দণ্ডারের কাছে দেটট ট্রান্সপোর্ট করপোরেশন হিসাব উপস্থিত করবে এবং যে বায় দেবে সে বিষয়ে বাবস্থা হবে বিষত এ প্র্যান্ত কোন বাবস্থাই হল না। এ প্র্যান্ত চাকরি তাদের স্থায়ী হল না। এর মধ্যে এত-গ্রালি শ্রামিক আছে, বর্দাল কনভাইর আছে, টেম্পোর্যাব আছে, এক্সটা টেম্পোর্যার আ**ছে, কত** ধবনের বাকেথা আছে। যেসমণ্ড কনডাক্টর ফ্রাইভার কাজ করে তাদের উপযান্ত বেডন দেওয়ার ব্যবহৃথা করতে হবে এবং ৮-৯ ঘণ্টার বৈশি যাতে পরিশ্রম না করতে হয় তার ব্যবহৃথা করতে हार जिल्हा रहते प्रवाहत र एका ए ए शहर है कि होता हो सामान एक एक कि कि कि किहा লাল না। বলা হারেছে ভিরেক্টর-পেনাবেল গভন মেউএব পে কমিটির বিশোর্ট দেখে সেইমত বাস্থ্য করবেন। দেপশালে অফিসার নিয়োগ করা হ'লা কিন্তু তাদের পে স্থাকচারএর আ**জ** পর্যাত কিছা হয়েছে ব'লে জানতে পারলাম না।

তারপর দ্র্গাপ্রে একটি ন্তন শহর গড়ে উঠেছে ব'লে আমরা খ্ব গোরব কার। দ্র্গাপ্রে ষেভাবে ফটীল টাউন গড়ে উঠেছে, তাতে খ্ব আনক্ষের কথা। কিন্তু সেখানে জলের কেন স্কুর্ বাবস্থা দেখতে পাছি না। সেখানে জলের অতাধিক অভাব এবং এক বালতি জল এক টাকা দিয়ে কিনতে হয়। সেখানে সাধারণ মানুবের জন্য কেনে হাসপাতাল বা চিকিংসাব বিস্থা নেই। অথচ সেখানে এত লোক রয়েছে। স্টাল প্রেছেক্ট নিজেদের জন্য একটা হাসপাতাল বেহেছ কিন্তু সাধারণ মানুষের চিকিংসার জন্য কোন বাবস্থা নেই অথচ সেটা একটা বড় টাউন। তারপর, স্টাল প্রোজেট যা গড়ে ভুলেছেন তাতে যারা গ্রাভেল সাংলাই করেছে তার ফলেই এই এতবড় শহর গড়ে উঠেছে। কিন্তু শোনা যায় যে, এই এফ সি কুপার যিনি পাইপ লে আউট কববার জন্য গ্রাভেল সাংলাই করেছেন তিনি কোন সেলস ট্যান্ধ, ইনকাম ট্যান্ধ দেন না। অবশ্য N-24

ক্ষপ্রতি শ্নলাম বে, তাঁদের কাগজপত্র সিজ করা হয়েছে কিন্তু এইরকমভাবে কোটি কোটি টাকা এ তেকে লাভ করা সত্ত্বেও তাঁরা যে সরকারকে ফাঁকি দিচ্ছেন সেদিকে সরকারের দ্বিট আকর্ষণ করিছ। আমরা সরকারকে অনেকবার বলেছি যে, যেসমস্ত বড়লোকরা প্রচুর টাকা সরকারকে ফাঁকি দেন তাঁরা যাতে সেই ফাঁকি আর দিতে না পারেন তার জন্য ব্যবস্থা কর্ন।

ভারপর, দুর্গাপুরে অনেক ছোট ছোট ব্যবসায়ী আছে এবং তার মধ্যে বেশির ভাগই ৰাঙালী বাবসায়ী। আমি বাঙালী এবং অবাঙালীর প্রশন তুলছে না কিন্তু দুর্গাপুর ধখন শশ্চিম বাংলার একটা শহর তথন সেখানে একটা পার্সেশ্টেক্ত অব বেঙ্গালী থাকবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। বাংলাদেশে বাঙালীরা অলপ মূলধন নিয়ে যেসমুহত ছোট ছোট ব্যবসা **করে** তাতে আমরা দেখেছি যে, সমস্ত বাড়িঘরের ভাড়া অত্যধিক বাড়িয়ে দেওরা হয়েছে। আমি জানি না সেখানে যেসমুহত বাঙালী বাবসা করে তাদের বিতাড়ন করবার জনা এই বাবস্থা হয়েছে কিনা, কিল্তু সরকারকে বিশেষভাবে বলছি যে, যে দুর্গাপ্র শহর আজ গড়ে উঠেছে **মেখানে** বাঙালীরা ব্যবসাবাণিজ্য এবং চার্কার ক'রে জীবিকার্জন করবে এই পরিকল্পনা নিয়েই সরকার দুর্গাপুর শহর গড়ে তুলেছিলেন। কিন্তু আজকে আমরা দেখছি যে, সেখানে দরিদ্র বাঙালীদের ফ্রীবন অত্যধিক বিপ্রযুক্ত হয়ে পড়েছে। স্যার, আর একটা জিনিসের দিকে ৰুষ্টি আকর্ষণ করছি। আমাদের এখানে টেকনিক্যাল এডুকেশন গড়ে উঠেছে ঠিকই, কিন্তু বিহার, উড়িষ্যা, মধাপ্রদেশ প্রভৃতি জায়গায় এই টেকনিক্যাল এডুকেশনের জন্য আর একজন ডি পি আই করা হয়েছে। কিন্তু আমাদের এথানে একজনই ডি পি আই আছেন এবং তিনিই শিক্ষাবিভাগের হতাকতা। কাজেই দেখা যাচ্ছে টেকনিক্যাল এডুকেশনের দিকে বেভাবে দুগ্টি দেওয়া উচিত ছিল সেইভাবে দুগ্টি দেওয়া হয় নি। অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিকালে এডকেশন যেসমুহত প্রফেসররা টেকনিকাল স্কুলে কাজ করেন তাঁদের মাইনে বৃশ্ধির জন। চেণ্টা করেছিলেন এবং তারা যাতে ন্যায়। মাইনে পান তর জন। রেকমেন্ড করেছিলেন। কিন্তু বাংলা গভনমেন্ট সেই রেক্মেন্ডেশন মানেন নি এবং তাকে কার্যকরী করবাব জনা কোন বাবদথা করেন নি। এদিক থেকে আর একটা কথা হচ্ছে আমাদের পশ্চিম ৰাংলায় প্রায় ১৬টি যে টেকনিকালে স্কুল রয়েছে সেই সম্পত টেকনিকাল স্কুলের বিভিন্ন বিভাগের জন্য কোন কর্তা বা হেড নিযুক্ত করা হয় নি। কিন্তু অন্যান। প্রদৈশে সিভিল, ইলেক্ট্রিকাল এবং মেক্ট্রেকালের জন্য বিভিন্ন বিভাগে এক এক্জন হেড আছেন। এখানে আগে যে লোক হেড হয়েছেল তাঁকেই ভার দেওয়া হয়েছে কিল্তু তাঁকে ডিপার্টমেন্টাল হেড বলৈ নিয়োগ করা হয় নি। তারপর, আমাদের এখানে যারা টেকনিক্যাল এড়কেশন পায় তারা পশ্চিম বাংলায় যদিও কাজ পায় কিন্তু অল ইন্ডিয়া কম্পিটিশনে দাড়াতে পারে না। কাজেই সেই দিক থেকে নিশ্চয়ই সরকারের অনুসন্ধান করা উচিত। আমাদের দেশে টেকনিক্যাল অভুকেশনের বাবস্থা এমনভাবে হওয়া উচিত যাতে অনততঃ অল ইন্ডিয়া কম্পিটিশনে আমাদের দেশের ছেলেরা যোগাতার পরিচয় দিতে পারে। এই কথা ব'লে আমি আমার বন্তব্য শেষ ৰুবছি।

19-50-10 a.m.]

Shri Nani Bhattacharjee:

হাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থ মন্দ্রী মহাশয় পাঁচ মাসের বায়বরাদ্দ এই সভার মঞ্জ্রির জন্ত্রামাদের সামনে রেখেছেন। কিন্তু বাজেট যেভাবে তৈরি হরেছে তাতে এটা স্ক্রণত হরে উঠেছে যে, সভাকে অনেক বিষয় জানানো হয় নি এবং বাজেটে এমন কোন কিছ্ উল্লেখ নেই মাতে ক'রে সভার সদস্যরা বিচারবিবেচনা করে এই বায়বরাদ্রেন ভোট দিতে পারে। তার দ্বুএকটা দ্টোলত দেওয়া যাক। গত বছর ৭ কোটি টাকার মত খরচ করা হয় নি। সেটা কোন কোন থাতে খরচ করা হয় নি তার বিস্তৃত রিপোর্ট আমরা এই বাজেটের সংগ্র বাজালালা কোন দলিলে পোলাম না। সেটা তারা হাউসকে জানান দরকার ব'লে মনে করেন নি। বিশ্বতীয় নম্বর হল্পে, বায়বরাদ্র হয়ত তৈরি হয়েছে—যেমন ধর্ন ২ লক্ষ টাকা খরচ হবে কিন্তু সেটা কতখানি অফিসার পোষার জন্য আর কতখানি সতাই জনহিতকর কাজের জন্য সেক্ষ্রেশে কোন স্কুপ্রত আভাস এই বাজেটের মধ্যে নেই। তারপর, আর একটা উদাহরণ দিছি যে, বাজেট এস্টিমেটে যে ফিগারগুলি ধরা হ'ল সংশোধিত বাজেটে তা আবার সংশোধন কর

দ্রাল এবং সাথে সাথে যে টাকা খরচ হচ্ছে তার মধ্যে অত্যুক্ত তফাৎ থেকে বার এবং সাঞ্চিত্র মার্কেট বেভাবে পেশ করেন তাতে মনে হর যে তাঁরা খেরালখ্নিমত খরচ করে বাজেন এবং এটা পরিম্কার হরে উঠে যে, এটা এই হাউসের কাছে দেওরা সরকারের একটা কর্তব্য কারে, সেইজন্য তাঁরা বাজেট পেশ করার কথা ভাবেন এবং সেইভাবেই সমস্ত অবস্থাটা চলে আসছে। স্পার মহাশর, চিরাচরিত্রভাবে বাজেট প্রণয়নের ধারাটা ইংরাজ আমল থেকে চলে আসছে। স্যার, এই বাবস্থার একটা ছেদ টানতে হবে এবং নতুন গণতান্দ্রিক পম্পতিতে বাজেট রচনাকালে প্রত্যেক সভ্যকে বিভিন্ন বিষয়ের প্রয়েস রিপোর্ট—কি কাজ আমরা কতথানি করলাম, সেটা জানাবার ব্যবস্থা বাজেটের মধ্যে করতে হবে। তা না হলে অধ্যের মত ভোট দিয়ে কোন লাভ হবে না। অবশ্য এটা পরিম্কার যে অর্থমন্দ্রী আশা করছেন যে, তাঁরা অম্পর মত ভোট দিয়ে বাবে। তাদের সংখ্যাধিক্য আছে, অতএব তাঁরা এটা জাের ক'রে পাশ করিরে নেবেন। কিন্তু তাতে দেশের কলাাণ হয় না, তাতে দেশের ভাল কােনদিন হতে পারে না। এটা আগেই আলােচিত হয়েছে যে, এই বাজেটে জনসাধারণের দ্বার্থ রিক্ষিত হয় নি এবং বেভাবে মাথাভারী শাসন্বন্দ্র আমলাতন্দ্র তাতে বাজেট বরান্দের বেশির ভাগ বড় বড় সেটা খ্বে আকিঞ্চিকর।

প্রসংগতঃ বলা যায় জেন রেল আড়িমিনিস্টেশনএর কথা: সেখানে মন্ত্রীদের সংখ্যা বাড়ানো হয়েছে। এই মল্টাদের সংখ্যা বাড়ানোর প্রসংখ্য জনৈক কংগ্রেসী সদস্য সেদিন বলেছেন বে. उठा निरामाट । इरहा थारक अनः निरामाट न नकीत प्राचिता अकथा नमात राज्यो इरहा है । র্ফ আমাদের আরও বাড়ানো হয়, তাতেও এমন কি**ছ, ক্ষ**তি নাই। কি**ন্তু** তার দর্ন যদি সরকারী বিজ্ঞানের এফিসিয়েলিস বাড়ত, যোগতো বাড়ত, তাহলে একজনের জায়গায় দুজন মন্ত্রী হলেও আপত্তি ছিল না: একটা বিভাগের বদলে তার জায়গায় দুটো সাব বিভাগ তৈরি হলেও কোন আপত্তি ছিল না। সরকাবের প্রত্যেকটা বিভাগে যে কোন দণ্ডর সম্বন্ধে আপনি খেজি কর্ন আপনি দেখতে পাবেন সেখানে অযোগ্যতা অপদার্থতা দিন দিন বড় হয়ে উঠছে। এংনকি লক্জার কথা ইংরেজ আমলে ধতট্কু কম্দক্ষতা ও যোগাতা বিভিন্ন ৮০তরে ছিল, তার তুলনার আমাদের কংগ্রেসী শাসনের ১৪ বছরে অনেকগুণু নিচে নেমে গেছে। মন্দ্রীর সংখ্যা বাড়ছে, দণ্তরও বাড়ছে: অথচ যোগাতা বাড়াবার কোন চেষ্টা হচ্ছে না, দিন দিনই তা নুষ্ট হয়ে যাচ্ছে। এই যে মন্দ্রীর সংখ্যা বাড়ানো হচ্ছে এটা আসলে দল ঠিক রাখবার জনা। কাউকে ^{্রু}ছ, সন্তু^{ত্}) করতে হরে, সেইভাবে সেইদিকে তাকিয়ে মন্ত্রীর সংখ্যা, উপ্সন্ত্রীর সংখ্যা বাডিয়ে েওয়া হচ্ছে। এ ছাড়া অন্য কোন উদ্দেশ্য নাই। সত্তরাং এখানে সেই বিলেতের নজীর বা খনবেশের নজীর ঠেনে এনে লাভ নাই। আঘাদের দরিদ্র দেশ, এই দরিদ্র দেশের যদি কাজ িছে, এগিয়ে নিয়ে যেতে হয়, তা হলে এই জেনারাল অ্যাডমিনিস্টেশন খাতে যে বায়বরান্দ করা হয়েছে সেটা কমানো দরকার। অন্যাদিকে প্রালস প্রসংগ্য বলা যায়—আমরা তো দেখাছ বিভিন্ন জারগাতে যথন অরাজকতা দেখা দেয়, বিশেষ ক'রে যথন জনসাধারণের স্বার্থের বির**ুদ্ধে** থারা ধনী বড়লোক তারা যখন উঠেপড়ে লাগে, তখন সেখানে পর্লিসকে সব সময়ই নিষ্ক্রিয় থাকতে দেখা যায় সেখানে পর্লিসের সাহায্য জনসাধারণ বা পার্বালক পায় না। গত ^{িন্}বাচনের সময় দেখেছি ম_নচিপাড়া এলাকায় ২৪এ তারিখে রাত্রি দুটো থেকে সকাল ছটা প্রতিত কোন প্রলিসের অস্তিছ ছিল না, কোথাও তাদের দেখা যায় নি। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এ বিষয়ে প্রিলসমন্ত্রীর দৃটি আকর্ষণ করছি। এমন অনেক গাড়ির নন্ত্র তামি দিতে পারি, যেসমুহত গাড়িতে করে গ্রুডাদের নিয়ে যাওয়া হয়েছিল এবং ছোরা দেখিয়ে াখানে কিডন্যাপ করা হয়েছিল বতীন চক্রবতী মহাশরের বেসমুহত ইলেকশন কমী, তাদের। েই সমস্ত গাড়ির নন্দ্রর প্রিলসকে জানানো হয়েছিল। প্রিলস সে সন্দ্রন্ধে কোন এনকোরারি ংরেন নাই ; সে বিষয়ে কোন কিছু হয় নাই। গাড়ির নন্বর এখানে পরিলসমন্ত্রী যদি চান ো দিতে পারি। সেই গাড়ির নম্বর যদি ভালভাবে দেখা যায়, তা হলে দেখা যাবে অনেক বড় বড় যেসমস্ত সদস্য আছেন, মন্ত্রী আছেন, তাঁদের গাড়ির নন্বরের সপ্পে সেটা মিলে বেতে পরে। এর কোন এনকোয়ারি হয় নাই। সেই প্রিলস অ্যাডিমিনিস্টেশনএর জন্য হে বরান্দ ং প্রিলসের অস্তিত জনসাধারণের কোন হিতে আসছে না, সেই প্রিলসের জনা বারবরান্দের মঞ্জরীর প্রথন এখানে আসতে পারে না, উঠতে পারে না। কংগ্রেসপক্ষের সদস্য বাঁরা আপনার

ভান দিকে আছে, তাঁরা অনেক জায়গায় পর্নালস হাত ক'রে বিভিন্ন সরকারী দুণ্ডর কারে লাগিয়াছেন। তাঁরা এই ব্যেরবরাদ্দকে অন্ধের মত সমর্থন ক'রে মঞ্জুরীর পক্ষে ভোট দির বানেন। যেভাবে ব্যারবরাদ্দ হাজির করা হয়েছে, তাতে ভোট দেবার প্রশন আসে না।

তারপর আর একটি কথা বলব ন্যাশানালাইজেশন বা রাষ্ট্রীয়ত্তকরণ সম্বন্ধে। এই ন্যাশান नारे जिम्म धर शार्म माथामनी स्थामनी स्थामनी क्या वर्तात्व, हा धर शार्धिमन्त्र मन्त्र वन्त शिटा वरलाइन-आमता या न्यामानालाहेर्डमन कत्रव मर्शवधान अन्याद जात क्विज्यात क्रि হবে। অত টাকা আমাদের নাই। এই ন্যাশানালাইজেশনএর জন্য আমি ন্যাশানালাইজেশনতে কথা বলছি না। আমি বলছি আমাদের আয় বাড়াতে হবে। এই চা ও পাট থেকে প্রচর আং হয়, যদি ম্যানেজিং এর্জেন্সি সিস্টেম উঠে যায়। তা হলে সরকারের হাতে যে টাকা আসরে সেই টাকা দিয়ে আমরা অনেক কিছু উন্নয়নমূলক কাজ করতে পারি। সেইদিকে তাকিয়েই व्याप्ति এই न्यामानानाहरूकमन्यत कथा वर्रनाह । किन्छ जिन ठात रकान कवाव रनन नाहे. তিনি চা প্রসঞ্জে বলেছেন সেটা যদি ন্যাশানালাইজেশন করে, নেওয়া হয়, তা হলে সেখান বাজালীর কোন উপকার হবে না। বাজালী কারা? অবশ্য তার কোন ডেফিনিশন তিনি দেন नारे। তবে আমার মনে হয় এই বাংলাদেশে বংশপরম্পরায় যাঁরা বাস করছেন, এই বাংলাদেশের সমাদজীবনের যার। ইন্টিগ্রেটেড বা সূসংকর্ম হয়ে গেছেন, তারা যে কোন দেশ থেকেই আস্ক ना कन, जौतारे वाश्वाली। प्रप्ते रिप्त्रात्व योग विज्ञात कता रहा, जा राज जा-भारत्य योग নিয়ে জিত আছেন, তাঁরাই বাংগালী, ভাষা এ'দের যা-ই হোক না কেন। এই চা-শিল্পকে যদি জাৎীয়করণ করা হ'ত তা হলে ১৯৫০-৫১ সালে সেখানে যে কর্মসংস্থানের সাযোগ ছিল আল্ডাকে দশ বছরের মধ্যে তা এত নিচে নেমে আসত না। যে ৩২ হাজার লোকের মত সংখ কমে গেছে, এই বিরাটসংখ্যক শ্রামিক সেই জায়গা থেকে কমে যেত না। এই ন্যাশানালাই-জেশনএর প্রশ্ন বিভিন্ন কারণে এসেছে। আজ প্রহিবিশনএর কথা বলা হচ্ছে। কেন চাই: মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ ক'রে স্বাই জানেন এই প্রহিবিশনএর ব্যাপারে তৃতীয় পরিকল্পন্য বলা হয়েছে তারা জোর দিয়ে চাল, করবেন, এফেক্ট দেবেন। আমি জানি বিভিন্ন জায়ণত মদের দোকান খোলার জন চেন্টা ও তদিবর চলেছে: অনেক জায়গায় জবরদ্হিত চেন্টা হচ্ছে স্থা গীয় জনসাধারণ তার বিরুদ্ধে আপতি তুলেছে, !আন্দোলন করছে। কিন্তু একুটে: ডি•াটিমেন্ট থেকেও তার চেন্টা হচ্ছে। এটা নীতিগত প্রশ্নে টাকা আদায়ের প্রশন আসে ন এই ধর শিলেপ যদি ন্যাশ্যনালাইজেশন করতেন এবং সংখ্যে সংখ্যে আয় রাডারার চেণ্টাও তুর্বি নিতেন, তা হলে আয় বাডত এবং দেশের মধ্যল হ'ত।

[10-10-10 a.m.]

Shri Siddhartha Shankar Ray:

মাননীয় অধাক্ষ মহোদয়, কংগ্রেস সদসারা, বর্তমান বাজেট, যেটার উপর আজকে ভোট আ গা সাউন্ট-এর মঞ্জারী ম্থামন্ত্রী মহাশর চাচ্চেন, সেই বাজেটের ভিতর যে ন্তন আশার আলে দেশতে পেলেন, অথবা নিশ্চর তার বাগী পড়তে পারলেন, দৃংথের বিষয় আমরা তা পাইনি বন্ধ: আমাদের মনে পড়ে গেল একটা ছোট্ট প্রাণ গল্পের কথা, যা ম্থামন্ত্রী মহাশর ছেলেবেলফ আবাদের বলেছিলেন। গংপটা হচ্চে তিনি তার এক রোগীর বাড়ীতে এক বৃশ্ধকে চিকংগ কম তে যান। সেখানে গিয়ে তিনি দেখেন রোগীর নাভিশ্বাস উঠেছে, তার জীবনের কোন আশানেই তিনি সেটা ঘোষণা করলেন। ঘোষণা করবা মাত বৃশ্ধের পত্নী বৃশ্ধকে জিজ্ঞাসা করলেন এইটা জানতে পেরে তিনি ত চললেন। "তুমি তো চল্লা, আমার কি কলা?" বৃশ্ধ পূর্ব বহলে ক্ষা গা।" এই বলে বৃশ্ধ মারা গেলেন। এখানে আমি মনে করি ম্থামন্ত্রী মহাশয়ের এই বাজেটও ঐ তুমিও বাবার বাজেট। এতে আমি মনে করি যদি একটিও ভোট মুখ্যান্ত্রী মহাশয়ের সপ্রে দেওলায়া হয় তাহলে বাংলা দেশকে এক, এক ইণ্ডি করে দেউলিয়ার পথে নিয়ে যাওয়া হবে।

ঋতুরাজ বসন্তের আগমনে আনেক কিছু ন্তন ঘটে। বসন্তের ছোঁয়াচ লাগলে করি দেখিয়েছেন তার অর্থামন্ট্রী পর্যাক্ত নাচতে শ্রুর করেছিলেন। আমাদের ম্চিপাড়ার মানন^{্তি} সদস্য, ঝাঁজাল গ্রিটর অনাতম নেতাকে বসন্তের এই ন্তন হাওয়াতে ন্তন রূপে দেখলার আরও দেখলাম, ভাবে বিভার হইয়া বিধান, বিধান বলিয়া অতুল্য, প্রফাল্ল দেয় কোল।

আমি জ্বানি যে কোন রাত্রেতে যদি আমরা ২৩নং নির্মালচন্দ্র চন্দ্র স্থাটির পাশ দিয়ে ষাই সেখানে রাতে হয়ত শ্নতে পাবো তফাং যাও তফাং যাও, সব ঝটো হ্যায় সব ঝটা হ্যায়। কারণ ট্র ম্র্রিসাড়ার মাননীয় সদস্য রাত্রির অন্ধকারে ঘ্রমের ঘোরে হয়ত স্বংন দেখছেন ভার প্রোতন সহক্ষীরা এসে বলছেন, চল দিল্লী, চল দিল্লী, অতুলা প্রফালর বিরুদ্ধে আমরা গিয়ে সংগ্রহ র্বার দিল্লীতে। তথন তিনি চিংকার করছেন ভারস্বারে তফাং যাও তফাং যাও সব ঝটো হনর দ্রু ঝটো হায়। হায় ঝাঝালো গোণ্ঠির নেতার অবস্থা, না তার পুরাতন সহক্ষাীরা তার বিষয় কি বলবেন। তা যাই হোক তিনি র শুদেশের লালপানি খাননি বলেই ভয়ানক আফসোস বংসর ধরে আছে সেটা যাদ একটা যত্ন সহকারে অধ্যয়ন করতেন, জ্বন্দেভ মহাশয়ের বস্কৃতা ন্যু পুড়ে যদি এই বাংলাদেশের এই লাল বইগালি একটা দেখতেন, এবে তিনি বাঝতে। পারতেন বালোদেশের আজ কি চরম অবস্থা। ১৯৫৩-৫১ সালে ২৬ কোটি টাকা আমাদের ধার ছিল্ আজ লোন হয়ে গিয়েছে ৫৩ কোটি টাকা। তিনি যদি ভারতবর্ষের সংবিধানটা দেখতেন তাহঙ্গে ব্রুতে পারতেন এই বাজেটের আয়ের তিন খাতে, কনর্সালডেটেড ফাণ্ড, পার্বালক ডেট আর প্রবিলক একাউন্ট, তিনি দেখতে পারতেন যে যদিও আমাদের খরচা ৩৯৭ কোটি টাকার উপর. অস্তাদের রেভিনিউ কনসলিভেটেড ফান্ড-এ মাত্র ১০৭ কোটি টাকা। বাকী টারাটা ত্রাসছে ৫৩ কোটি টাকর উপর ধারে এবং ২২৬ কোটি ডাকা পরের টালা। এধাক্ষ মধ্যোনয়, আপুনি জানেন রেণ্ট কনটোল-এর টাকা জন্মা দেওনা হয় হাইকোর্ট-এ টাকা জন্মা দেওয়। হয়, যেসমুহত টাকা ট্রাসটি হিসাবে গভর্নমেন্ট পায় সেটা পার্বালক একাউন্টস-এ যায়। সেই পার্বা**লক** এক উদ্যাস এর ২২৬ কোটি টাকা খর্চ করলেন। পার্বালক একাউদ্যাস খারেও তারা খরচ করলেন মত ২১০ কোটি টাকা আর বাকী ১৬ কোটি টাকা, জনসাধারণের টাকা ট্রাসটি বিসাবে যে টাকা পেয়েছেন, সে টাকার কোন হিসাব নেই, সে টাকা অন্য খাতে খরচ হয়ে গেল। এই তো ব জেনের অবস্থা। এই বাজেটে দেখান হচ্ছে যে দেশের খাব একটা উর্লাভ হচ্ছে। আমি বলবো স্বান্ত্রের পথে চলেছে। আমি কাল ২ই ঘণ্টা ধরে গুড়া ১০ পংসরের বাংলাদেশের বাজেট প্রক্রিকা করেছি, আমার সময় নেই, আমি বিশেল্যণ করে দেখিয়ে দিতে পারতাম এই যে উপায়, পর্যালক একাউন্টস-এর টাকা রেন্ট কনটোল এর কাছে রাখা ট'কা, হাই কোর্টো জমা রাখা াকা, সিভিল ডিপোজিট-এর এই সমসত টাকা অনা সমসত থাতে খবচ করা হচ্ছে। এটা যে কত বড় অন্যায়, গত দুই বংসর ধরে মুখামন্ত্রী এই কাজ করে আসছেন। তিনিত আছেন, ৫ বংসর অরে: থাক্বেন, শত্রু তিনি হন, আমি তাঁকে ভব্তি করি তিনি শতায়, হয়ে থাকুন কারণ আমি ১৫ তাঁকে দেখাতে যে তাঁরই কার্যের ফলে বাংলাদেশ কোন অবনতির পথে চলেছে। আমাদের ি হবে ? আমাদের তে এখনও ৮২ বংসর বয়স হয় নি, এখনও ৪০-এর কোঠায়। ভগবান যদি একটা আশিবাদ করেন ভাহলে আমারও হয়ত ৮০ বংসর পর্যন্ত বাঁচতে পারি। কিন্তু আমি এই কথা জোর করে বলতে পারি এই বিধান সভায় যেসকল সদস। আছেন তাদের মধ্যে কনিষ্ঠতম সুন্সার ৮০ বংসুর যুখন তাঁর ব্যুস হবে সেও কোন হাশার আলো দেখতে পারেন না। বাংলা-সেশের অর্থনৈতিক অক্ষয়া আজ এই অক্ষথায় এসে দাঁডিনেছে। আমি তাই মাগমেশ্টাকে ক্ষে<mark>ৰো</mark> যে আপুনি বাংলাদেশকে ভাহামামের পথে নিয়ে যান্ডেন এবিষয় কোন সন্দেহ নেই। কারণ কি. আমি আপনাকে আজ একটি ঘটনা বৰ্লাছ। আমরাও এখানে হেলথ বাজেটে অনেক টাকা িছি দেশবংধা চিত্রজনের নামের সংখ্য জড়িত যে সেবং সদন, তার একটি শিশা বিভাগ আছে। সেধানে নরেন দত্ত নামে এক সামান্য কর্মচারী, দুর্গাপ্ত রিফিউজি ক্যাম্প-এ থাকেন, ২৪এ ফের্য়ারী ১৯৬২ সালে তাঁর ৭ বংসারের কন্যা শিখারাণী দতকে হাসপাতালে ভার্ত করে যান। ংব একটা ভয়ানক অস্থ হয়েছিল। ২৪এ ফেব্য়ারী ভবি হল, ২০এ মচি হিনি হঠাং ৈএকটা চিঠি পেলেন, তাড়াতাড়ি আসনে আপনার কন্যা সম্বন্ধে একটা কথা বলতে চাই আমরা। ইসপাতালে গোলেন, গিয়ে পিতা কি শ্নতে পেলেন? যে হাসপাতাল দেশবন্ধ, চিডরঞ্জনের শামের সংখ্যা জড়িত, যে হাসপাতালের কমকিতারাপে ডাঃ বিধানচন্দ্র রায় বংসারের পর বংসার েলাপ্রাতভাবে জড়িত ছিলেন এবং এখনও আছেন, সেই হাসপাতালে ১৯এ মার্চ ১৯৬২ সালে, ^{শনিবারে}, ঐ ৭ বংসরের মেয়েকে রেপ করেছে।

[10-10-10-20 a.m.]

খাসপাতালের রুগাী ৭ বছরের মেয়ে, তাকে রেপ করেছে উত্তরপ্রদেশের জনৈক ব্যক্তি বল্ট নামে। সে মেয়েটাকে খালি রেপ করেছে তাই নয়, পরে ডান্থার পরীক্ষা করে দেখেছেন 🕬 উত্তঃপ্রদেশের ভদুলোকের গনোরীয়া রোগ ছিল। কেন এমন হলু না নার্স নাই। অধ্যন্ত মহাশার, আমার বাড়ীর কাছে এই চিত্তরঞ্জন সেবা সদন, আমারা চিত্তরঞ্জন সেবা সদনের সংগ্র গড়ে উঠেছি, তাকে অত্যনত ভালবাসি সেখানে খবর নিয়ে জানলাম শিশ্মদনের উপর তল্য যে ওয়ার্ড আছে, সেখানে প্রাইভেট ও পার্বালক ওয়ার্ড দুই আছে-সেখানে একটি মাত কর্ দেন--আর ১৪টি নার্সাকে আপনার। তাড়িয়ে দিলেন। তারা পাস করে বের হলো, তাদের হল হল তোমাদের ছটিটে করা হল। চিত্রঞ্জন সেবাসন্দ্র নার্স নাই। সেখানে কর্মচারীর সংজ্ কর্ত'পক্ষের ঝগড়া চলেছে প্রায় ৭০ দিন হল। কর্মচারীদের পক্ষ থেকে মুখামন্ত্রীকে তিন্তি **লিখেছিলাম নির্বাচনের সময়। হাসপাতালে স্টাইক পছল্ব করা কার্**র উচিত নয় যদিও জন সাধারণের কোন অস্ববিধা ছিল না কারণ মাত্র দুই জন করে কর্মচারী স্টাইক করেছে। আহ মাধামন্তীকে লিখেছিলাম, বন্ধ করে দিচ্ছি, আপনি খালি এই প্রতিশ্রতি দিন যাদের প্রালিম ধরে নিয়ে গিয়েছে তাদের ছেড়ে দেবেন এবং ভিকটিমাইজেশান কববেন না আমি এদের বল হ স্মাইক কম্ম করে দাও। আজকেও সেই আবেদন কর্রাছ। আপনি এখান থেকে আজকে এক ঘোষণা কর্ন লেবার মিনিস্টারও এখানে আছেন-যাদের প্রলিসে ধরে নিয়ে গিয়েছে তাদের ছেডে **एमर्यन, जिक्** िमारेरक्रभान करत्वन ना। आमि सम्बन्ध माग्निय निरः वर्लीष्ट आमि जारमत वर्लर ভোমরা কাজে ফিরে যাও, আর গোলমাল কর না, বাকী যা জিনিস আছে তা নিয়ে পরে আলো **চনা হবে। যদি তারা না শোনে তাহালে সরকারের পক্ষ হয়ে আমি বলব যে তারা অন্যায় করছে।** এই সামান্য জিনিস্টা আপনার। করতে পারছেন নাও শুধ্রেরপ যে হয়েছে। তা নয়, গ্র সেপ্টেম্বর মাসে একটা বাচ্চা মেয়ের খণ্ট থেকে পড়ে গিয়ে মৃত্য হয়। কোনরকম এনকোয় হ रन ना, किन्द्रे रन ना, किरम रम माता राज, माथा फ्राल राज भएए शिरम, भएए या उन्नात करारे भाग राजन ^{कि}रा हा कर तान कर कार अर्थ रह रक्षणे रहाको कतरना ना। এই सरक वास्तारमध्य ছবি যা চতুদিকৈ আমরা দেখতে পাচ্ছি। এই তো আজ অবস্থা। এর ভিতরে আশার আলে কোথা থেকে আপনারা দেখতে পেলেন? এর ভিতরে নিশ্চয়তার বাণী কোথা থেকে শানছেন। বাংলাদেশে গত দশ বছর ধরে যেসমস্ত বাজেট পেস করা হয়েছে একবার ভালো করে যদি দেখেন তাহলে দেখতে পাবেন কি রকমভাবে দেউলিয়ার পথে আমরা ইণ্ডি ইণ্ডি করে চলেছি। এ কোথ थ्या देश के प्राप्त के प्राप्त के विकास के प्राप्त के प्र के प्राप्त के प्राप्त के प्राप्त के प्राप्त के प्राप्त के प्राप আৰু ৫৩ কোটি টাকা ধার হয়ে গিয়েছে। রাম-শাম সকলেরই কাছে ধার করছেন। কোর্নাদন रमथेत भूशभनती तनभाम तारा भशामारात काছ थिएक थात त्नार्यन, वनार्यन शराहा, जतकात हामार्ट হবে, কিছু টাকা ধার দাও। এই দেখনে কার কার কাছ থেকে ধার করেছেন -পারমানার্ট ডেট্ বলে একরকম জিনিস আছে. ফ্রেটিং ডেট্ বলে একটা জিনিস আছে, যা স্টেট ব্যাৎক-এর काह थ्यंक निराहरून। कम्नीय সরকারের কাছ থেকে ধার করেছেন। লাইফ ইন্সিওরেস কর্পোরেশন-এর কাছ থেকে ধার করেছেন। ন্যাশনাল এগ্রিকালচার ক্রেডিট ফান্ড থেকে ধার করেছেন। খাদি ভিলেজ ইন্ডায়িস কমিশন-এর কাছ থেকে ধার করেছেন। ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেন্সপমেন্ট আন্ড অয়ার হাউস বোর্ড থেকে ধার করেছেন। ইন্ডিয়ন . অয়েল সীড কমিটি-র কাছ থেকে ধার করেছেন। এই অবস্থা আমাদের বাংলাদেশের হরেছে। আপনারা বলবেন চীনে হয় না, রাশিয়ায় হয় না?--রশিয়ায় কি হয়েছে তার সংশ্য আমাদের কি সম্পর্কে জানতে চাই। বাংলাদেশে হয়েছে কি না প্রতাপবার, বলবেন। তিনি হয়তো রাশিরার ন্ন খেরেছেন, চায়নার ন্ন খেরেছেন। তাঁকে যখন বলা হল বাংলাদেশের রিক স চালকদের একটা উন্নতি হওয়া উচিত তিনি বল্লেন চায়নাতেও রিক্সা স্কুতরাং এখানেও চলবে। চীনে কি হয়েছে না হয়েছে—আপনার হয়তো রাশিয়া মাপক^{িট} আপনি হরতো বোঝেন কমিউনিজমে যা করা যার না তা বাংলাদেশে হতে পারে না।

তার বন্ধৃতার তিনি বলেছেন যে, চানে কি হয়েছে, রাশিয়ায় কি হয়েছে সেটা কেন আপনার দেখছেন না? ক্রুচেডসাহেব বলেছেন যে, আমরা সম্পূর্ণ খাদাসমস্যার সমাধান করতে পারিনি এবং চীনেও হয়নি। অর্থাৎ উনি মেনে নিচ্ছেন যে চীন, রাশিয়ায় যা হয়নি, তা এখানেও হথে

পারে না। কারণ কমিউনিজম-এ যা হর্মান, তা অন্য কোন ইজম্-এও হতে পারে না। সেখানে আমি যাইনি—রাশিয়ার লালপানি থাইনি তাদের ন্নও থাইনি তাই তাদের গুণ গাইতে পারব না এবং তাদের গালাগালিও দিতে পারব না। আমি থালি মাঝে মাঝে তাদের বই পড়ি। পিকিং থেকে প্রতাপবাব্ যথন ফিরে এলেন তথন তাঁর বকুতা শুনে মনে হল যে তাঁর বোধহয় ভোল পালটে গেছে এবং তিনি চানে যাবার জন্য প্রস্তুত তাঁর ঝাঝালো গোচ্চীর প্রতিবাদ করে। (ডাঃ প্রতাপচন্দ্র চন্দঃ-প্রতিবাদ করি, সেটা বলা হয়নি।) তিনি যেরকম তাদের প্রশংসা করেছে লাগলেন তাতে তথন ভাবলাম যে প্রতাপবাব্ বোধহয় আর বেশিদিন এখানে নেই, পাশপোট নিয়ে এখ্নি চলে যাবেন। (ডাঃ প্রতাপচন্দ্র চন্দ-আপনি তো একদিন প্রশংসা করেছিলেন। আজ ভোল বদলেছেন।) কংগ্রেস থেকে চলে এসেছি, কারণ চোরদের সংগ্রে থাকতে চাইনিঃ

Shri Asoke Krishna Dutta:

মাননীয় অধ্যক্ষ মহাশ্যু এই ভেট অন একাউন্টের উপরে আমাদের মুখাম-রী ওথা **অর্থ**-মন্দ্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করছি। গত স্তাহে মাননীয় ভবানী-পুরের সদস্য মহাশয় তাঁর বক্তুতা শুরু করার আগে এখানে এলেন এবং বক্তুতা শেষ করবার সংগ্র সংখ্য তিনি চলে গেলেন। সেদিন তাঁর বক্তা যা শুনেছিলাম তাতে অবাক হয়েগিছলাম বে বিরোধী পক্ষ থেকে এইরকম ধরনের বস্তুতা আসছে কিনা। তিনি পশ্চিমবাংলার সম্বন্ধে সেদিন অতি অপটিমিস্ট ছিলেন, কিন্তু ৭ দিনের মধ্যে আমাদের ১০ বছরের বাজেট ২ই ঘণ্টার মধ্যে অধায়ন করে তিনি তাঁর ভোল পালটে ফেললেন এবং সম্পূর্ণ পেসিমিস্ট হয়ে গেলেন যে পশ্চিম-বাংলার আর কোন ভবিষাং নেই। যিনি এও ভাডাতাড়ি মত পরিবর্তনি করেন তার বিষয়ে আর অধিক কি বলব। কালকৈ আমাদের এখানে মাননীয় সদস্য হরেকৃষ্ণবাব্র বক্ততায় শ্রালাম থে, কংগ্রেস দল নির্বাচনে জয় লাভের ফলে কংগ্রেসের প্রত্যেক সদস্য নাকি দল্ভে ভরে গেছে। কিন্তু আমরা যা ছিলাম, তাই ঠিক আছি। অথচ তারাই হেরে গিয়ে ক্ষোভে এবং দ**ংখে এত** হ'ওাশ হয়েছেন যে তাঁরা সব কিছুর মধে একটা কিছু দেখছেন। একজন নৃত্য সদসোর বকুতা শানে ব্যক্তাম যে তিনি ক্ষোত্ত এতদ্র উন্মত হয়েছেন যে আমাদের চামড়া দিয়ে কাপেট করবার স্বংনও তিনি দেখেছেন। কিন্তু যেমন তাঁরা বিকল্প সরকারের স্বংন দেখেছিলেন, ঠিক এই দ্বংগাও তাঁদেব সেই দ্বংগার মত ক্রুপনায় গারিণত হবে। গণেশবাব, আজকে বাাঞ্চ অফ চায়নার কথা উল্লেখ করেছেন তিনি কোন নাম করেন নি, কিন্তু তাঁর বাং তায় যা ব্যুঝলাম যে ডিনি মাননীয় স্বায়ন্তশাসনমন্ত্রী মহাশয় সম্বন্ধেই বলেছেন। আমি মাননীয় স্বায়ন্তশাসনমন্ত্রীর বকুতা শুনেছিলাম, কিন্তু তিনি কোথাও বলেন নি যে, ব্যাৎক এফ চায়না কমিউনিস্ট পার্টিকে টাকা দিয়েছেন। তিনি বিজ্ঞার্ভ ব্যাঞ্জের কতকগালি বিকৃতির কথা উল্লেখ করেছিলেন। সমরে সময়ে রিজার্ভ ব্যাৎক বিভিন্ন ব্যাৎেকর পজিশান সম্বন্ধে বিবৃত্তি বার করেন। এইরকম একটা বিবৃতি তার। কয়েক মাস আগে বের করেন যা প্রত্যেক থবরের কাগজে প্রকাশিত হয়েছিল। এই বিবৃতিতে আমরা দেখতে পাচ্ছি যে ব্যাংক অফ চায়না কোন সিকিউরিটির উল্লেখ না রেখে প্রার ৬ কোটি টাকা দিয়েছে, কিন্তু যেসমন্ত লোককে এই টাকা দেওয়া হয়েছে তাদের অধিকাংশের কোন হদিশ পাওয়া যাচ্ছে না। এই কথাই সেদিন বলা হয়েছিল এবং কোথাও প্রকাশ্যে বলা হয়নি যে কমিউনিস্ট পার্টিকে টাকা দিয়েছে। মাননীয় স্বায়তশাসনমন্ত্রী সেদিন বলেছিলেন-"ঠাকুর ঘরে" কিন্তু "কলা খাওয়ার" গম্পটা ও'রা ওদিক থেকে বলেছেন।

[10-20-10-30 a.m.]

আজকে এখানে মাননীয় হেমণত বস্ মহাশয় বস্তুতা করবার সময় বলেছিলেন নির্বাচনের সময় যে সমসত উদ্মার বৃণ্টি হয়েছিল এখন সেগ্নিল চলে যাওয়া উচিত। তিনি এবং বিরোধী দলের অন্যান্য সদস্য বলেছেন—কংগ্রেস কোথায় কি করেছে, কোথায় ছ্রির মেরেছিল ইত্যাদি অনেক কিছু বলেছেন। কিন্তু এই সভায় প্রতিনিধিরা যে সমসত কথা বলেছেন সে যদি ইন্ডের হয় তা হলে কার গায়ের চামড়া কে খ্লতে চায় সেটা বাইরে গিয়ে আর দেখবার দরকার হয় না। এ ভারেসঃ একটা খ্ল যে হয়েছে তার খবর পেরেছেন কি: তে খ্ল করেছে সে খবর অপনারা আরও বেশী করে পেরেছেন। হেমন্তবাব্ উল্লেখ করেছেন ইংরেজ আমলে কলকাতার যে টান্সপোর্ট ছিল তখন লোকের সূখে স্বিধা ছিল।

(Shri Hemanta Kumar Basu: আপনি ভূল শ্নেছেন, আমি ইংরেজ আমল বলিনি। আমি বলেছি প্রাইভেট ট্রান্সপোর্ট ।) আছা হেমন্তবাব্বে আমি জিজ্ঞাসা করতে চাই যথন প্রাইভেট ট্রান্সপোর্ট ছিল তখন যে জনসাধারণের সূথ স্বিধা ছিল তখন প্রাইভেট ট্রান্সপোর্ট ছিল তখন যে জনসাধারণের স্থ স্বিধা ছিল তখন প্রাইভেট ট্রান্সপোর্ট-এ ক'জন বাংগালী চাকরি করতে আর আজকে স্টেট ট্রান্সপোর্ট-এ কজন বাংগালী চাকরি করছে সেটা বিচার করে বলবেন। যাই হোক এসমুহু বিষয়ের আলোচনা হয়েছে তার ভেতর যেতে চাই না। তবে ভোট অন এবাউন্টস-এ ক এম্বালি বিশেষ বিষয়ের আমি সরকারের দ্ভিট আকর্ষণ করতে চাই, এনেকগ্রিল বিষয় আছে, মেডিক্যাল এন্ড পার্বালিক হেলথ-এ যে গ্রাল্ট চাঙ্যা হয়েছে সে বিষয়ের এনি বলবে। বাংলাদেশের বিভিন্ন সাংগ্রার কওপগ্রিল হাসপাতাল ও ব্যাস্থাকেন্দ্র গড়ে তোলা হয়েছে। আমি আমার কন্স্থিটিউয়েনসির কথা বলবে। বাংলাদে প্রকিটা বড় আসপাতাল খেলা হয়েছে এবং প্রবাধিক পরিক্রপ্রনায় তার ভিত্তি স্থানিত হয়েছিল, এবেপর গও পাঁচ বছরে বার বাড়া, নারসেস কোয়াটারিস, স্টাফ কোয়াটারিস ইত্যাদি সমুস্ত খান্টিনাটি অনেক কিছু হাসপাতালে চাল, হয়েছে কিন্তু এত ক্যাপিটাল ইনভেন্টমেন্ট সত্ত্বেও জনসাধারণ এখনও তার সম্পূর্ণ হাসপাতাল চাল, করা যায়।

এ বাজেটে দেখছি অনেক ব্যবস্থা করা হয়েছে। ইলেকট্রিসিটি যা নাকি গ্রামাণ্ডলে শিল্পারন করতে হলে, কুটির শিল্পারন করতে হলে দরকার সে-সম্বন্ধে বলতে চাই। এই কলকাতার উপর শিল্পের চাপ ক্যাবার জনা এবং গ্রামাণ্ডলে, কলকাতা থেকে দরে যাতে শিল্প বৃদ্ধি হয় এবং বেকার সমস্যারও খানিকটা দরে করা যায় সে বিষয়ে যেন সরকার অবহিত হন। শিল্প গড়ে উঠা, কুটির শিল্প গড়ে উঠা অনেকখানি নিতার করে বিভিন্ন এলেকায় ইলেকট্রিসিটি পারার বাবস্থার উপর। আমি আছেনে লেখতে পাছে কলকাতায় যে হারে ইলেকট্রিসিটি দেওয়া হয়, পশ্চিমবংগার স্টেট ইলেকট্রিসিটি বোর্ড গ্রামাণ্ডলের বিভিন্ন অন্ধলে সে হারে দেয় না, বেশী হারে দিছে। খলে কলকাতায় অনেক বেশী শিল্প গড়ে উঠেছে। আমি এ বিষয়ে স্বকারের বিশেষ দ্বিট আকর্ষণ করে বলতে চাই যাতে সরকার গ্রামাণ্ডলের বিভিন্ন স্থানে অনেক কম হারে ইলেকট্রিসিটি দেবার ব্যবস্থা করায় সচেতন থাকেন।

বারাসত-বাসরহাট রেলওয়ে যখন হয়েছিল তখন এই সমসত অণ্যলে সরকার বহু জিম একোয়ার করে নিয়েছিল যাতে রেল লাইন চালাবার জন্য সেড ইত্যাদি হতে পারে। ৪-৫ বছর হল রেল লাইন তৈরী হয়েছে অনেকক্ষেত্রে দেখছি রেল চলতে আরম্ভ হয়েছে কিন্তু যদিও ৪-৫ বছর শেষ হয়ে গিয়েছে ভারত-সরকারের কাছ থেকে যে টাকা পাশ্চমবংগ-সরকার পেরেছে ভা অনেক ক্ষেত্রে সরকারের হাতেই পড়ে আছে। আনি তাড়াতাড়ি কমপেনসেসন দেবার বাবস্থা করার জন্য সরকারের দৃণ্টি আকর্ষণ করতে চাই।

পাটের দরের কথা বিরোধী পাক্ষর একজন সদস্য এবং এলিকের একজন সদস্য তুলোছন। আমি থবরের কাগজে দেখলাম এই রকম একটা সংবাদ প্রশাশিত হয়েছে যে, কালকে মুখামন্ত্রী মহাশর বিধান পরিষদে এবিষয় আলোচনা করেছেন। যদিও দেশ বিভাগের পরে পশ্চিমবাংলায় পাটের উৎপাদন অনেক বেশী বাড়ান হয়েছে এবং সরকার বহুদিন এবিষয়ে চেণ্টা করেছেন কিন্তু সরকারের চেণ্টা যতথানি হয়েছিল তার চেয়ে খনেক বেশী উৎপাদন হয়েছে এ বছর। কারণ গতে বছর কিছ্টা পাট নাই হয়ে পাটের দর বেতে যাওয়ার এ বছর বহু চাষী ধানজামতে এবং অনানা ভামিতে পাট লাগিয়েছে এবং তার ফলে এ বছর অধিক পরিমাণে পাট উৎপাদ হয়েছে। কিন্তু এর একটা থারাপ ফল হয়েছে যে পাটের দর পড়ে গছে। কাজেই এ বিষয়ে আমি সরকারকে সচেতন থাকতে বলি। পশ্চিমবাংলার অর্থানীতি যথন নির্ভার করে পাটের দরে উপর তথন সরকারের এ বিষয়ে আরও সচেতন হয়ে চেণ্টা করা উচিত। এই পাটের দর এখন যেতাবে আছে তাতে পাটের দর ঠিক থাকে না। কীজেই যাতে ভালভাবে পাট বিক্রি হয় সে বিষয়ে সরকারের নজর রাখা উচিত। আমার মনে হয় এ ব্যাপারে আই জে এম এ-র উপর নির্ভার করলে সেই জিনিস্হবে না সরকার যদি বড় বড় অড়ত তৈরী করে নাযা মুলো পাট কিনে নিয়ে সেখানে হোর্ড করতে পারেন ভাহলে ক্রমকদের নাযা গ্যারাণ্টি দেওয়া যাবে।

পরিশেষে আমি বলব ভোট অন আকোউন্টস চাওয়া হয়েছে যে বাজেটের উপর ভিত্তি করে এই বাজেট কংগ্রেসদল নিবাচনের আগে জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি দির্মোছলেন ঠিক সেই অনুযায়ী তৈরী করা হয়েছে। জনসাধারণ কংগ্রেসের সেই সমস্ত কথা শুনে কংগ্রেসের উপর আস্থাস্থাপন করেছে এবং তৃতীয় সাধারণ নিবাচনে তাঁদের বিপলে ভোটে জয়ী করেছে। যাহোক সেই প্রতিশ্রুতি অনুযায়ী যথন বাজেট তৈরী হয়েছে তথন এই বাজেট এবং ভোট অনুযায়ী যথন বাজেট তৈরী হয়েছে তথন এই বাজেট এবং ভোট অনুযায়ী যথন বাজেট ট্রুটন্টস আমি সমর্থন করিছ।

Shri Radhakrishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ম,খামন্ত্রী তথা এর্থামন্ত্রী যে বাডেট উপস্থালিত করেছেন তার বিতকে মাননীয় সদসোরা পক্ষে এবং বিপক্তে নান্ত দুখিউভগী নিয়ে আলোচনা করেছেন। আমি কাজেটে যে সমুহত উল্লয়নমূলক কাজ আমানের গভনামেন্ট করতে যাচ্চেন তার পবিপ্রেক্তিতে দ্ব-একটা কথা বলব। আপনারা জানেন যে বংলা তথা ভারতবর্ষের গোরব কবিগারা রবান্তনাথের কর্মা নিকেতন বোলপরে শান্তিনিকেতন আল তাখিস্থানে পরিণ্ড হয়েছে। পূথিবীৰ যে সমূহত মাননীয় অতিথিয়া আজু বিদেশ থেকে আস্টেন তাঁরা এই স্থান প্রিদ্রশন ন; করে পারেন না এবং তা'না করলে তাঁদের ভারতদর্শন এপ প' থেকে যায়। তা' ছাডা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশ থেকে শত শত যাত্রী প্রতাহ শান্তিনিকেতনে এসে এই স্থান দর্শন বারেন। আপনারা একথা সকলেই জানেন এবং আলিভ জানি যে। শুলিভনিকেতন আশ্রমের ভেত্র এই সমস্ত শত শত জনস্ধারণের থাকবার প্রাণিণ্ড বালস্থা নেই এবং তার ফালে তাদের প্রভাকতে বোলপরে শহরের উপর মির্ভার করতে হয়। আমি সেখ নকার স্থানীয় লোক কাজেই থামি জানি যে এক পলাস জলের জন্য হার। ছোটাছ্টি করেন এবং বিশেষতঃ এই গরনের সময়। আমি থখন পৌরসভার সভাপতি ছিলাম তখন আমরা আমাদেব পূর্বতন মাননীয় দ্বায়জ্লাসন মত্তিক সেখানে আমন্ত্রণ করেছিলাম এবং তিনি সেখানে গিয়ে মন্ত্র। করেছিলেন যে, আমি তার রাজস্থানের কোন এক ছোট শহরে একেছি । তিনি এই মনতব্য করে প্রোপ্তরি ধনামোদন করেছিলেন যে এখানে পানীয় জলের বাবস্থা হওয়া উচিত। কিন্তু আজ যথন ৬-৭ বছর অভিবাহিত হয়ে গেছে তথন আলি মাননীয় মুখালতী তবং জাতীয় গভন নেডেটর কাছে এইট্রকু মন্রোধ করব যে এই শতারটাকে মিউনিসিপালিটির আভতায় না ফেলে এটাকে পশ্চিমবাংলার একটা প্রেম্টিজ টাউন হিসেবে গণা করা উচিত।

[10-30-10-40 a.m.]

কারণ, আজকে বিদেশ থেকে যাঁরা আসেন তাঁরা বাংলাদেশের মফঃদ্বলের এবং শহরের ছবি নিয়ে বান। সেইজনা এই ভাতাঁয় গভনামেটের কাছে আমার মাবেদন যে আপনারা এই বোলপুর শহরটাকে প্রেম্টিজ টাউন হিসাবে গণা কর্ন। তাতে আমাদের জাতাঁয় সরকারের মর্যাদা এবং জনপ্রিয়তা বৃদ্ধি পাবে বলে আমি মনে করি। তারপর আমি মফঃদ্বলের ও ছোট ছোট শহরের খনাগ্রালির সদ্বধ্ধে বলব। আমি বিভাগাঁয় মন্ত্রী মহাশায়কে বলব যে তিনিও জানেন এবং আমরাও জানি, কলকাতায় প্রালশ ব্যবস্থা ভালভাবে ফেকানাইজড হয়েছে। কিন্তু সে তুলনায় পড়গাঁয়ের থানাগ্রালিতে স্কুল্ক কর্মচারী থাকা সত্ত্বেও ক্র'ইম ক্রমণঃ ক্রমণঃ বেড়ে যাছেছে। তার করণ থানাগ্রালিকে স্কুল্ক কর্মচারী থাকা সত্ত্বেও ক্র'ইম ক্রমণঃ ক্রমণঃ বেড়ে যাছেছে। তার করণ থানাগ্রাল মেকানাইজড নয়। আজকে রক ভেড়েলপ্রেন্ট অফিসের অফিসাররা প্রত্যেকে একটা করে জাপি পান কিন্তু থানা প্রিলশ অফিসারের জাপ নেই। আজকাল আগের চেয়ে রামতাঘাট অনেক ভাল হয়েছে। তাঁরা যাতে অন্তরঃ একটা করে জাপি পান সে বিষয়ে চিন্তা করে দেখবার জন্ম আমি বিভাগাঁয় মন্ত্রী মহাশ্রের কাছে অন্য্রাণ জানাই এবং মফঃম্বলে প্রত্যেকটি থানা অফিসারকে একটা করে জাপি দেওয়া উচিত। কেন না তাঁদের প্রায় ১০০/১২০০ ক্রোরার মাইল ঘ্রে শান্তি শ্রেণা বজায় রাখনে।

Shri Dulal Chandra Mondal:

মাননীয় স্পাকার মহাশয়, আমি হাওড়া জেলার দাকিরাইল কেন্দু থেকে নব নির্বাচিত সদস্য। পাশ্চমবাদ্যা সরকার রিলিফের বাংপারে, দেশের সূত্র সম্মৃথির বাংপারে খ্ব বড়াই করে থাকেন এবং বলেন যে, আমরা বাংলাদেশকে অগ্রগতি এবং সূত্রসম্থির দিকে নিয়ে যাছি যা সারা

প্রিবীর কোন দেশে আর বোধহয় হয় না। কিন্তু সেটা যে কত বাজে কথা তা দু'-একটা ঘটনা থেকে বোঝা যায়। আজকে বাংলাদেশের অর্গনিত লোককে এক মুঠো অমের জন রি**লিফের ব্যাপারে কংগ্রেসীদের দ্বারে দ্বারে ছ**রে বেড়াতে হয়। এই রিলিফ দলীয় স্বার্থের দিকে লক্ষ্য রেখে বিতরণ করা হয়। দলীয় স্বার্থ এইজন্য বলছি যে গ্রামে যে রিলিফ কমিটি-গুলি করেছেন তাতে সমুহত দলের লোককে রাখা হয়নি। কারণ, অন্য দলের লোক যদি সেই রিলিফ কমিটিতে যান তাহলে তাদের কুপ্রকৃতি, চুরি-জেচ্চেরি ধরা পড়ে যাবে। সেইজন্য তাঁর: সেই কমিটিতে অন্য দলের লোককে রাখেন না। নির্বাচনের সময় তাঁরা রিলিফের নাম করে প্রচর ক্যাশ ও ফ্রি ডোল বিলি লরেছেন, কিন্তু অন্য সময় তাঁরা রিলিফ বিলি করেন না। এটা আমি অত্যন্ত আপত্তি করি। এই জিনিস মোটেই হওয়া উচিত নয়। সাধারণ মানুষ যাত্র रथए आएक ना ठाता यथन विनियम्त कना फिल्कात करत उथन ठाएनत वला इस राजाता यान কংগ্রেসের জোড়া বলদে ভোট দাও তাহলে রিলিফ পাবে। কিন্ত সাধারণ দরিদ্র মান্য কংগ্রেসকে एकार्षे ना मिल्ल कि विक्रिक शास्त्र ना अपे। आधारा जानाट हाई? आत अकरें। किनिम इएक ১৯৬১-৬২ সালে ৬০ লক্ষ টাকা রিলিফের জন্য বরান্দ করলেন। তারপর সেই ৬০ লক্ষ টাকাকে সংশোধন করে তারা ৩॥ কোটি টাকা করলেন। ১৯৬২-৬৩ সালে সেই ৩॥ কোটিকে কমিয়ে আবার ৬০ লক্ষে নিয়ে এলেন। দেখা গেল ইলেকসানের সময় ৩॥ কোটি টাকা রিলিফ वदान्म कर्त्रात्मन। यामात्र निवाहन धनाका भौकतारेल प्रथा श्राप्त याचा श्राप्त श्रहत होतः ছড়িয়ে দেওয়া হয়েছে এবং কংগ্রেসীদের মারফং এগ্রালি বিলি করা হয়েছে। এরপর বলা হয়েছে যে কংগ্রেসকে ভোট না দিলে রি'লফ দেওয়া হবে না। সরকার এই রকম নিল'ভিডভাবে দেশের টাকা নিজেদের স্বার্থে ব্যবহার করেছেন। এ জিনিস যে কোন গণতান্তিক দেশের মান্য শনেলে আঁতকে উঠবে যে কিভাবে দারিদ্রের সুযোগ নিয়ে সাধারণ মানুষকে সামানা টাকা দিয়ে ভোট কিনে নেওয়া যায়।

এই প্রসঙ্গে আর একটি কথা বলি গ্রামে যে টেস্ট রিলিফের কাচ হয়, তার রেট বরাবরই এক টাকা রাখা হয়েছে। এক টাকা রেট হওয়াতে গ্রামে কনেক লোক পাওয়া যায় না। সেই রেটটা বাড়িয়ে অন্যতঃ দেড় টাকা করা উচিত।

আর একটা কথা এখানে না বলে পাচ্ছি না তা হচ্ছে এই সামার নির্বাচনী এলাকা সাঁকরাইলে যে কয়টি রাস্তা আছে. তা অতানত দ্রবস্থার মধ্যে পড়ে রয়েছে। তার সংক্ষার হওয়া আশ্ব প্রয়োজন। যেমন সাঁকরাইল হইতে মানিকপ্বের উপর দিয়ে বাউড়িয়া পর্যব্র রাষ্ট্রাটা: রাজগঞ্জ-ঝোড়হাট রাস্তাটা: পার্বাতীচরণ রায় বোড আন্দ্রলে তার ফিডার রোড হওয়া উচিত। তারপর ধ্লাগড়ি একবারপ্র বোড: রেলওয়ে সাইডিং এ একটা ভাল রাস্তা হওয়া একানত প্রয়োজন বলে মনে করি। তাহলে লোক চলাচলের খুব সুবিধা হতে পারে।

এরপর প্রার্থামক শিক্ষকদের অবস্থা সন্বধ্ধে বলবো—যাঁরা স্কুলে শিক্ষকতা করেন, তাঁদের দেখা যায় অধিকংশ স্পোলা কেডার শিক্ষক যাঁরা আছেন, তাঁদের কংগ্রেস সমাজ সেবক হিসেবে বাবহার করা হয়। কারণ হল্ডেন্সের সময় তাঁদের দেখা গেছে সরাসরি তাঁরা কংগ্রেসের কাজে নেমেছেন। আমার এলাকায় এই শিক্ষকদের জিল্ঞাসা করেছি—আপনারা স্কুলের কাজ ছেড়ে দিয়ে ভোটের কাজকর্ম করছেন তার কারণ কি? তাতে তাঁরা বললেন তা না হলে যে চাকরী যাবে। আন্দলের শামাশাংকর স্কুল কংগ্রেসের ইলেকসনের কাজে লাগাবার জনা বেলা সাড়ে দশটা থেকে দল্টো পর্যান্ত কর্ম করে দেওয়া হয়েছিল। সেই সময় শিক্ষকরা কংগ্রেসের হৈ েন্ডেরের কাজে সম্পূর্ণ নেমেছেন। আমি চাালেঞ্জ করে বলতে পারি এটা তদনত করলেই দেখতে পাবেন।

আর একটা ব্যাপার সম্বশ্ধে সরকারের দৃণ্টি আকর্ষণ কর্রছি, সেটা হচ্ছে গ্রামের স্কুলের অবস্থা অত্যত থারাপ, ভাল আস্থাবপত নাই, ছেলেরা বেণ্ডে বসতে পারে না, পড়ার বই কিনতে পারে না। এ জনা স্কুলের ছাত্রসংখ্যাও ক্রমে ক্রমে ক্রমে বাছে। একটা স্কুলে ১৩০ জন ছাত্র ছিল, এখন সেই সংখ্যা ক্রমে ৩০ জন দাড়িয়েছে। শিক্ষকরা আসেন, আর চলে যান, ছাত্র নেই. কাকে পড়াবেন! ছাত্রদের বই নাই, বসবার কোন বেণ্ড নাই। এ ছাড়া আবার শিক্ষকরা তাঁদের মাসের বেতনও ঠিকমত পান না এবং যা-ও বা পান তা-ও যথেন্ট নর। প্রাথমিক শিক্ষক সমাজ

যে একশো টাক। মাসিক বৈতন দাবী করেছিলেন, তা আজও স্বীকৃত হল না। এটা সরকারের মারাস্থক অপরাধ বলে আমি মনে করি। এই একশো টাকা বেতন তাদের পক্ষে এমন কিছু নর। সরকারী হিসাবে বলেছেন তিন জনের একটা পরিবারের একশো টাকায় চলতে পারে না। সেখানে একজন শিক্ষকের ৭০ টাকায় কিভাবে চলতে পারে? তাই আমি দাবী করছি অবিলন্ধে একশো টাকা মাইনে তাঁদের জন্য চালু করা হোক।

তারপর ডিস্টাটি স্কুল বোর্ডের খামখেয়ালী সম্বন্ধে একটা বলি। বহা শিক্ষককে অযথা হয়রানী করা হয় বহা দ্বে টাস্সফার করে। বাগনানের একজন শিক্ষক, প্রদেশে চঞ্চবতী, তাঁকে কোন কারণ না দেখিয়ে বাড়ী থেকে পনের কুড়ি মাইল দ্রে বিভিন্ন স্থানে অসপ সময়ের বাবধানে বদলী করে হয়রানী করা হচ্ছে।

আর একজন শিক্ষক বেসিক টেনিং প্ডার জনা দরখাসত দিরেছিল, ডেপ্টেড্ড হয়েছিল, ডান্মাত পাওয়া গিয়োছল। হঠাং ডি আই তাঁব অনুমতি নাকচ করে দিলেন। করণ তাঁর বয়স ১৭ বছর হয়ে গিয়েছিল। তবে আমাদের মুখাফালী প্রতিশ্রুতি দিয়েছিলেন ১০ বংসর বয়স প্রাহত বেসিক টেনিং পড়ার সময় হওয়া উচিত। সেটা কার্যকরী তাড়াতাড়ি হলে পর এইভাবে তিনি বঞ্চিত হতেন না। বহু ডিস্টাক্ট স্কুল বোর্ডের এই রকম অয়থা হয়রানীর দুন্নীতি হামেশাই লেগে আছে। এতে করে দেশের মংগল হতে পারে না কোন দিন, পতন অনিবার্য। এই বলে আমার বছরা শেষ করছি।

[10-40-10-50 a.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিলিফ খাতে প্রতি বছরই দেখতে পাই চার কোটি, পাঁচ কোটি টাকা বায় হচ্ছে: এবং এর দ্বারা প্রমাণ হচ্ছে খাদা উৎপাদন নীতিতে একটা শোচনীয় বার্থতা এই সরকার এনে দিয়েছেন। বড বড় পরিকল্পনার নামে বহ**ুটাকা অপচয় হচ্ছে, যার ফলে** এত কোটি কোটি টাকা প্রতি বছর রিলিফের জন্য বায় করতে হয়। এ বছর দেখছি দেও কোটি টাকা মঞ্জুরী চাচ্ছেন। যতদিন পর্যন্ত খাদ্য উৎপাদন বাবস্থা ভাল না হবে, ততদিন এই রিলিফ চালিয়ে নিয়ে যেতে হবে, সকলকে টেস্ট রিলিফ দিতে হবে। আমরা দেখেছি টেস্ট রিলিফের টাক। মঞ্জুর হয় কিন্তু, ঠিক সময়মত পেণছায় না। টেস্ট রিলিফের জনা দেশের লোক চাতকপাথীর মত অপেক্ষা করছে। তারা চিংকার করছে টেস্ট রিলিফ দাও, টেস্ট রিলিফ দাও ব'লে। সরকারপক্ষ স্বীকার করেছেন এ বছর খাদ্য উৎপাদন কম থয়েছে, ১ লক্ষ টন অভাব পড়বে। স্তরাং সরকার অস্বীকার করতে পারছেন না যে, এ বছর টেস্ট রিলিফ তাডাতাডি করে আরুভ করবার দরকার নেই। আজকে যথন আমরা এই টাকা ম**ঞ্চরী** দিচ্ছি, তথন আমরা দাবি কর্রাছ আপনারা সমস্ত জেলা ম্যাক্রিস্টেটকৈ ফোন করে ব'লে দিন र्जावनस्य रोम्पे तिनिक हान, कता रहाक। शामात्रमती प्रहामग्र अथारन উপन्थिए रनहे. जीत मृष्टि আপনার মাধ্যমে আকর্ষণ করতে চাই। আমার এলাকায় কোন একটা পরিকল্পনা বা টেস্ট রিলিফের মঞ্জুরী আনতে গেলে একশ' টাকা ক'রে ক্লাক'রা ঘুষ চায় এবং সেখান থেকে টাকা চুরি করে নিয়ে অনা জায়গায় টেস্ট রিলিফের চোর স্থিত করা হচ্ছে। আমি যেমন টেস্ট রিলিফের দাবি কর্রাছ তাড়াতাড়ি করে আরম্ভ করার জনা, তেমনি দাবি কর্রাছ লোনের টাকা তাডাতাডি পাঠিয়ে দিন এবং খয়রাতি সাহাষ্যও দিন তা হলে তারা রক্ষা পেতে পারে।

Mr. Speaker: Mr. Das. I would request you and every member, while speaking on any cut motion, to give reference to the number of the cut motion.

Shri Sudhir Chandra Das:

আমার কাট মোশানগর্নি হ'ল থাটি ওয়ান ট্র থাটি ফোর এবং ফোরটিন। এই খারাপ অবস্থা জানা থাকা সত্ত্বেও সরকারপক্ষ থেকে দেখতে পাছি প্রচুর মাল জোক করেছেন। এবং সেই মাল জোকের বাাপারে আমি অত্যত ব্যথিত হয়েছি। সেদিন আমি বাড়ি গিয়ে দেখলাম অনেকের বলদ-গর্ জোক করা হয়েছে, হেলেগর জোক করা হয়েছে, যেটা বে-আইনী বলে আমি মনে করি। যে বলদের দলকে কংগ্রেস দল তাদের ভোটের প্রতীক ক'রে সুক্ষরভাবে পোস্টারে লাগিয়েছে, সেই বলদকে ক্রোক না করলে, এই সরকারের কাজ চলে না। এই হছে অবস্থা। এই কি তাঁদের সমাজতালিক ধাঁচের সমাজ চালাবার নীতি? আমি অনুরোধ করছি, এই বলদ ক্রোক করন।

ষোগেন মাইতি, পশ্ম হকুরিয়া সাকিন, তার বলদ ক্রোক ক'রেই ক্ষান্ত হন নি, তাকে জোর ক'রে খোঁয়াড়ে দিয়েছে। সে বেচারী গরিব লোক, খোঁয়াড়ের খরচ বাবত ১ টাকা ২ আনা, আর জরিমানা ২ টাকা, এই দিয়ে তবে সে রক্ষা পেয়েছে। এখানে সেই রসিদ এনেছি, দেখতে পারেন। এ কি নির্মান, নিষ্ঠার ব্যাপার তা কল্পনা করা যায় না। এ বিষয়ে বিশেষ ক'রে ভারপ্রাণত মন্টিমাহাশরের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

আর একটা কাট মোশান আছে আমার জলনিকাশের ত্র্টির জন্য। এই জলনিকাশের
ত্র্টির দর্ন বিভিন্ন এলাকায় খাদা উৎপাদন ব্যাহত হচ্ছে। যেমন কাঁথি বেসিন, দ্বৃদ্দা
বৈসিন, বারচৌকা বোসন এবং বাধিয়া বৈসিন। পশ্চিমবংশ্যের এই সম্মত বৈসিন এলাকাগ্রিলর যওক্ষণ পর্যাহত না ভাল করে জলনিকাশের ব্যবস্থা করতে পারেন, ততক্ষণ আপনাদের
কৃষিনাতি ও খাদা উৎপাদন নীতি সম্পূর্ণ বার্থা হবে।

ভাল ক'রে তাঁরা জলনিকাশের ব্যবস্থা করতে পারেন নি. যার জন্য চাষীদের ফসলহানি হছে। বিশেষ করে এখার এলাকার জন্য, আমি ক'ট মোশায়এ বলেছিলাম সেই এলাকার কথা যেটা কথি বেসিন। সেখারে জলনিকাশের পথ নিমাণি হতে পারে কিন্তু তৃতীয় পরিকল্পনায় করলে এটা দেরি হয়ে যাকে আরণ্ড করতে। এখানে ১০ ১১টি স্লুইস আছে, দ্বুবদা বেসিন এব জলের চাপ প্রতিরেপ করবার জন্য যাতে জল ত্বুকে শস্য নাট না হয়। এখানে মারে কপাট করলেই জানের চাপ ত্বুকতে পারবে না। কিন্তু এটা ৫ বংসরের মধ্যে হয় নি। গত বংসর তার স্লানে, পরিকল্পনা, সব হয়ে গেল, তা আনক্সেপ্টেড হয়ে গেল। লাল্ড আল্ড লাল্ড রেভিনিউ জিলাটামেন্টের মন্ত্রীর দ্বিট আকর্ষণ করা হ'ল, কিন্তু আজ পর্যবহি, দুই বংসর হ'ল টাকা মজুর হওয়া সম্ভেত তা কার্যে রূপ দেওয়া হয় নি। এবারত দেখবেন কাঁথি বেসিন এলাকায় ঐজন্য মান্যের দুর্ভোগ হবে, এট বিশেষ ক'রে সত্রক' ক'রে দিছি। সেখানে ১০-১২টি স্লুইস ঠিক ক'রে দিলে সেই বিরাট ১০ মাইল এলাকার ধান জ্বাল হবে ব'লে মনে ক'ব এবং এই অবস্থায় যদি রিলিফ ডিলেড হয় তা হলে রিলিফ ডিনাইড হয় এটা ব'লে আমি বস্তব্য শেষ করছি।

Dr. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, আমি বীর্ভুম জেলার যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই এলাকায় গত '৫৬ সালে বিধঃস্ত বন্যা হয়েছিল। তাতে আমার এলাকায় ৮৬টি গ্রাম ধর্মস হয়েছে। আমার এলাকা পশ্চিমবণ্গের সেই এলাকা, যে মহকুমায় সেই সময় আমাদের পণ্ডিত নেহর দেখতে এসেছিলেন এবং দেখে বলেছিলেন যে, বন্যায় ভেগে গিয়েছে ভাল হয়েছে আমরা নৃতন বাংলা গড়ব। সব বাড়ি পাকা করব। তারপর আমাদের এলাকায় তদশ্ত আরম্ভ হ'ল। সেই সময় আমাদের মুখামন্ত্রী এই ঘোষণা করলেন, যেসমস্ত জায়গায় ৯০ পারসেন্ট ঘর ভেণ্গে গিয়েছে সেই সমস্ত এলাকায় আদর্শ পল্লী নির্মাণ হবে। তথন আমরা দেখলাম এই আদর্শ পল্লীর তদন্ত আরুভ হ'ল। আমরা দাবি করলাম আমাদের এখানেও আদর্শ পল্লী তৈরি কর। আদর্শ পল্লীর জন্য ৩৩ একর জমি আকোয়ার করা হ'ল। সেই আদুর্শ পল্লীতে নানারকম বাবস্থা রাস্তা, দ্বাস্থাকেন্দ্র, পঞ্চারেত অফিস, গ্রামসেবক অফিস প্রভৃতি সরকারী প্রতিষ্ঠান গড়ে তুলবার বাবস্থা হ'ল এবং সপ্সে সপ্সে প্রাইভেট বাড়ির জন্য ৫ কাঠা করে প্রতোককে জমি আলেট করা হ'ল। কিছু কিছু বাড়ি উঠল। তারপর হঠাৎ দেখলাম সমস্ত ক'জ বন্ধ হয়ে গেল। এই ব্যাপার নিয়ে কর্তৃপক্ষের সঞ্জে গত ও বংসর ধরে আনাগোনা করছি। তদানীন্তন মুদ্রী তর্ণকান্তিবাব্র কাছেও গিয়েছিলাম। তিনি বলেছিলেন, হাা নিশ্চরই হবে। এ নিয়ে মুখ্যমন্ত্রীর কাছে গিরেছিলাম। তিনি আমাকে বললেন, এসব ব্যাপার নিয়ে আমার কাছে আসেন কেন, জেলা কর্তপক্ষের কাছে ধান। ভেলার গেলে তারা উপরওয়ালার কাছে যেতে বলেন আর উপরওয়ালার কাছে গেলে জেলা কর্তৃপক্ষের কাছে যেতে বলেন।

[10-50-11 a.m.]

এই ব্যাপার নিয়ে সেই জায়গায় ন যযৌ ন তম্পো হয়ে আছে। সেই জায়গায় ৩০ ফিট রাস্তা হবে. ফুটপাথ হবে, ইলেকট্রিসিটি হবে এইরকম সব আইডিয়া ছিল। আমরা ভেবেছিলাম মডেল ভিলেজ তৈরি করবার জন্য সরকার থেকে বিশেষ চেষ্টা করবেন এবং আমরা এ বিষয়ে বারে বারে দল্টিমহাশরের দ্ভিট আকর্ষণ করেছি কিন্তু আমরা আশাহত হয়ে ফিরে এসেছি। দ্বাস্থাকেন্দের জন্য আমি ৫ বংসর ধ'রে মন্তিমহাশয়ের সংখ্য দেখা করেছি কিন্তু আক্ত তার র্মামাংসা হয় নি। আদর্শ পল্লীর কাজ যাতে প্রনরায় আরম্ভ হয় এবং এ সম্বর্ত্থ যাতে টাকা বরাদ্য হয় সেইজন্য মন্তিমহাশয়ের কাছে বিশেষ অনুরোধ জানাব। ১৯৫৯-৬০ সালে সংশোধিত বাজেটে ৪৩ লক্ষ ৪৬ হাজার টাকা বরান্দ ছিল। কিন্তু তার কোন ি সাব আমরা পাই নি। ১৯৬০-৬১ সলে ৭১ লক্ষ ২৮ হাজার টাকা বরান্দ করা হয়েছিল এবং তার পরে সংশোধিত বাজেটে ৪৭ লক্ষ ১০ হাজার টাকা ধরা হয়েছিল। কিন্তু প্রকৃতপক্ষে ৫৩ খরচ হল তার কোন হিসাব নেই। '৬১-'৬২ সালে আর কোন বরান্দ নাই। আপনারা বলছেন ৩ বছরে ১ লক্ষ ৭০ হাজার বাড়ি করবেন। ২০ হাজার বাড়ির কাজ আপনারা শ্রুর করেছেন তা এখনও সম্পূর্ণ হয় নি। সেইজনা আমি একথা বার বার বলছি যে, আদুর্শ পল্লী যাতে নিমিতি হয় তার বাবস্থা আপনারা কর্ন। আমার এলাকায় যদি যান তা হলে দেখবেন কত বাড়ি মূখ থুবড়ে পড়ে আছে। এখন পর্যন্ত বন্যার্তরা বাড়ি তৈরি করতে পারে নি। আমার এলাকা সম্বন্ধে আমার বস্তুব। হচ্ছে, কয়ে নদীর মোহনা সংস্কার করা বিশেষ প্রয়োজন এবং এই বছরে সেজনা মন্ত্রিমহাশয় ৯৬ হাজার টাকা বরান্দ করেছেন। সেইজনা তাঁকে ধনাবাদ জানাচ্ছি। এই টাকা যেন কাগজে-কলমে থেকে না যায় এবং যাতে বর্ষার পূর্বে কাজ আরম্ভ হয় সেজনা তিনি যেন সচেণ্ট হন। এতে ঐ এলাকায় ৪০ হাজার একর জমি উম্পার করা ফালে এবং বহা খাদাশস। উৎপাদন করা সম্ভব হবে। কুয়ে নদীর সংস্কার ক'রে কাঁদড়গুলিকে কানেলে রাপান্তরিত করলে ঐ এলাকায় দু'-ফসলী তিন-ফসলী করা থাবে। আনাদের ওথানে ন্যাশনাল স্কুলর মিল হায়েছে, সেখানে বিহার থেকে আথ আমদানি করা হয়। যাতে ঐ এলাকায় প্রচুব পরিমাণে আঞ্চ উৎপাদন করা যায় তার জনা খাদামন্ত্রী মহাশয় এবং মুখামন্ত্রী মহাশয় বারস্থা করবেন। ঐ এওলের রাস্টাঘাট অতাশত খারাপ। লাভপার থানায় যে রাস্টা আছে কুয়ে নদী যথন সংস্কার করা হবে তথন মাটি ফেলে রাস্তা কাম এমবাাওকুমেন্ট যদি করা যায় এবং বাদশাহী রাষ্ট্রে সংগে যদি যোগাযোগ করা যায় তা হ'লে ঐ এলাকা পশ্চিমবংশ শস্যাগারে প্রিণ্ড হরে। খাদেট্টারের কথা আপনারা বলেন, খাদাশসা যেখানো উৎপাদন হয় বা হ'তে পারে আপনারা সেখানে গাফিলতি করেন। এইর প গাফিলতি করলে খাদাভাব কখনই মিটবে না। ক্যানেলের সমস্যা একটা দার্বন সমস্যা হয়ে আছে। ক্যানেলের উপকার পাচ্ছি এ কথা ঠিক। কিন্তু যেভাবে সার্টিফিকেট জারি করছেন, রেভিনিউ ডিপার্টমেন্ট থেকে যেরকম রেকর্<mark>ড</mark> করা হয়েছে এবং ব্যাপকভাবে নোটিস জারি করা হয়েছে সেই নোটিসে রামের জানি শ্যামের এবং শামের জমি রামের –এইরকম আটে র্যান্ডম নোটিস জারি হচ্ছে।

কিন্তু প্রকৃত মালিকের জামি কোন্টা তা জানবার কোন উপায় নেই। আবার এমন লোক আছে যাদের কোন জামি নেই, তালেরও পর্যন্ত সাচি ফিকেট হয়েছে। রোভানিউ ডিপার্টমেন্টের প্রানীয় তহশীলদার যে যে মৌজায় আছে তাঁরাই এইসমসত আদায় করেন। কিন্তু সরকার এইসমসত আবরকথার দিকে কোন লক্ষ্য দেন না। ক্যানেলের জল বেশ ভালভাবে বাবহার করতে গেলে যে ভিলেজ চ্যানেলগ্নিল করা দরকার তার দায়িত্ব আপনারা নিচ্ছেন না। প্রত্যেক মৌজায় এক্সপার্ট নিয়ে গ্রুপিং করা উচিত এবং ভিলেজ চ্যানেল যা হবে তা টেস্ট রিলিফের মাবফত করা প্রয়োজন এবং বকেয়া ক্যানেল কর যেসমসত আপনাদের গাফিলভির জন্য পড়ে আছে সেসমসত মকুব করা উচিত। দশ কাঠা যার জামি আছে তারও ১০ টাকা এবং ৬০ বিঘা যার জামি আছে তার ১০ টাকা এবং ৬০ বিঘা যার জামি আছে তার ১০ টাকা থাজনা—এই নীতির পরিবর্তন করা প্রয়োজন। ৫ একর পর্যন্ত জামর মালিকদের জলকর সাড়ে পাঁচ টাকা করা উচিত এবং জমবর্ধমান পরিবর্তনের নীতি টাক্সের বেলায় নির্ধারণ করা উচিত। আর বাকি বকেয়া যদি স্কুব না করেন তা হলে দেশে একটা বিপর্যন্ত সূত্রিই হবে। বিপর্যার তো বৃশ্বতে পারছি এখনই শ্রুহ রেছেছে, কেননা বে এলাকায় ক্যানেল আছে সেই এলাকা থেকে এবার একজনও কংগ্রেসের লোক নির্বাচিত চিত্র

আসেন নি। এখন যদি মনে করেন বে, জবরদস্তি ক'রে আদার করবেন তা হলে আপনার। ভল করবেন। আমি তাই অনুরোধ করছি যে, সাডে পাঁচ টাকা ক্যানেল কর নির্ধারণ করুন अवः वाकि वरक्या प्रकृत करान। अणे कराम प्राप्त कन्यान रूप, ना राम प्राप्त प्रान्य प्राप्त বাবে। আবার ক্যানেলের ন্বারা স্থায়ীভাবে যেসমস্ত অসূরিধা সুষ্টি করেছেন সেই অসুবিধা-গুলি দুর কর্ন। ক্যানেলের পারাপারে সাঁকো তৈরি কর্ন। একটা চাষীকে অনেক সময় চার মাইল ঘুরে তাকে বাড়িতে আসতে হয়। আমি আপনাকৈ অনেকবার বর্লোছ যে, লাভপুর গ্রাফে কেশারায় একটা সাঁকো কর্ন। আপনি ক'রে দেবেন বলেছিলেন, কিল্ডু আজ পর্যন্ত তা করলেন না। এসব জিনিস যেখানে লোকে তদ্বির ক'রে নিয়েছে সেখানে হয়েছে। সেজনা অনুরোধ কর্রাছ যাতে ক্যানেলের উপর সাঁকো হয় সেদিকে আপনারা দূল্টি দিন। এ ছাড়া বীরভূম জেলায় যেসমণত জল কাদড় দিয়ে বয়ে যায় সেসমণত জারগায় বাদ স্লাইস গেট করে एम डा इ'ल रम्थात वालकजारव हार इ'रड भारत। रहेन्छे त्नाहे मन्दरम आग्नि वनव। स्मर्थात বাঁরা সরকারী কর্মচারী যান তাঁরা খেয়ালখ্নি মত কালির দাগ দিয়ে চলে যান তাতে অনেক অস্ববিধা ও গণ্ডগোল হয়। সেজনা আমি বলছি যে, গ্রাম পঞ্চায়েতের সহযোগিতায় এই-সমস্ত টেস্ট নোট করার চেণ্টা কর্ন এবং যেখানে সেকশনাল অফিস আছে সেই সেকশনাল অফিসের অধীনে একটা কমিটি তৈরি কর্ন যাতে বাাপকভাবে জল নিতে পারে এবং চাষের উর্মাত হ'তে পারে এবং কোথায় ন্তন চা'নেল করা প্রয়োজন আছে সেগর্মল তারা দেখন। এবার আমি শিক্ষা সম্বন্ধে কিছু বলব। আমার এলাকায় লাভপুরে কিপ্রতোল ব'লে একটা গ্রাম আছে। সেই গ্রামে গ্রামের মান,্যরা একটা পাঠশালা তৈরি করেছে এবং নিজেরাই তার থরচ চালাচ্ছেন। সাব-ইন্সপেক্টর, বি ডি ও ইত্যাদি সমস্ত তদন্ত ক'রে মঞ্জুরী দেবার জনা স্পারিশ ক'রে গেছেন। কিন্তু তাদের আজ প্রধিত কোন মঞ্জুরী দেওয়া হয় নি. কারণ তাদের অপরাধ যে তারা কংগ্রেসকে ভোট দেয় নি।

[11--11-10 a.m.]

অধিকাংশ লোক কংগ্রেসকে ভোট দেয় নি এবং এর জনা তাদের উপর অত্যাচার করা হচ্ছে। আর এখানে কল্যাণরাণ্টের কথা বলছেন। সেজনা এর্প ভিংসাম্লক কার্য যাতে তারা গ্রহণ না করে সেজনা আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর কুয়ে নদীর ব্রে রুসবাঁধ সদপকে। নদীতে রুস বাঁধ সম্পর্কে অনেকদিন অনেকবার আপনার দ্বিট আকর্ষণ করেছি। এই বাঁধের ফলে নদী নদ্ট হয়ে যাছে। এখানে কৃষকদের বাধা হয়ে সেচের বাবস্থা করবার জনা বহা নদীতে বাঁধ দিতে হয়। যদি উপযুক্ত স্থানে ফল্ইস গেট করে দেওয়া হয় ত: হলে সেই এলাকায় ব্যাপকভাবে খাদাশস্য উৎপাদন করা সম্ভব হবে। এ এলাকায় সবচেয়ে বড় অস্বিধা হছে য়ে, এখানে কোন ডিগ্রি কলেজ নাই। আমি এ বিষয়ে মন্সিমহাশয়ের দ্বিট আকর্ষণ করতে চাই। বর্ধমানে বিশ্ববিদ্যালয় হয়েছে, তার অধীনে কীর্ণাহারে একটা ডিগ্রী কলেজ চাই।

